ওঁ

নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

হঠযোগপ্রদীপিকা।

সহজানন্দচিন্তামণিস্বতারামযোগীন্দ্রবিরচিতং
মূল, ব্রহ্মানন্দ কৃত টীকা সহিতং বঙ্গ-
ভাষানুবাদ সম্বলিতঞ্চ।

নিরপেক্ষ-ধর্ম্মসঞ্চারিণী-সভা হইতে

শ্রীলশ্রীপূজ্যপাদ ভগবান্ সান্দ্রানন্দ আচার্য্য মহাপ্রভুর প্রসাদে
চতুর্ব্বেদান্তর্গত "অষ্টোত্তরশতোপনিষৎ" "বেদান্তসার"
"পঞ্চদশী" এবং ষড়্দর্শনাদিশাস্ত্র-প্রকাশক

শ্রীমহেশচন্দ্র পাল-কর্ত্তৃক
সঙ্কলিত ও প্রকাশিত।

(সভার কার্য্যালয়; ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্; কলিকাতা।)

কলিকাতা।

বাগবাজার, রাজা রাজবল্লভ ষ্ট্রীট্ ৮৪ নং, নব-সারস্বত যন্ত্রে
শ্রীনবকুমার বসু-দ্বারা মুদ্রিত।

শকাব্দাঃ ১৮১০, অগ্রহায়ণ।

সূচীপত্রং।

—oo—

প্রথমোপদেশঃ।

সূচীপত্রং।

ইতি প্রথমোপদেশঃ।

দ্বিতীয়োপদেশঃ।

ইতি দ্বিতীয়োপদেশঃ।

তৃতীয়োপদেশঃ।

ইতি তৃতীয়োপদেশঃ।

চতুর্থোপদেশঃ।

ইতি চতুর্থোপদেশঃ।

সমাপ্তং সূচীপত্রং।

॥ শ্রীশ্রীগুরবে নমঃ ॥

হঠযোগপ্রদীপিকা।

প্রথমোদেশঃ।

শ্রীআদিনাথায় নমোহস্তু তস্মৈ যেনোপদিষ্টা হঠযোগবিদ্যা। বিভ্রাজতে প্রোন্নতরাজযোগমারোঢুমিচ্ছোরধিরোহিণীব ॥ ১ ॥

গুরুং নত্বা শিবং সাক্ষাদ্ব্রহ্মানন্দেন তন্যতে।
হঠপ্রদীপিকা জ্যোৎস্না যোগমার্গপ্রকাশিকা ॥ ১ ॥
ইদানীন্তনানাং সুবোধার্থমস্যাঃ সুবিজ্ঞায় গোরক্ষসিদ্ধান্তহার্দ্দম্।
যথা মেরুশাস্ত্রিপ্রমুখ্যাভিযোগাৎ স্ফুটং কথ্যতেঽত্যন্তগূঢ়োপি ভাবঃ ॥২॥

মুমুক্ষুজনহিতার্থং রাজযোগদ্বারা কৈবল্যফলাং হঠপ্রদীপিকাং বিধিৎসুঃ পরমকারুণিকঃ স্বাত্মরামযোগীন্দ্রস্তৎপ্রত্যূহনিবৃত্তয়ে হঠযোগপ্রবর্ত্তকশ্রীমদাদিনাথনমস্কারলক্ষণং মঙ্গলং তাবদাচরতি। শ্রীআদিনাথায়েত্যাদিনা। তস্মৈ শ্রীআদিনাথায় নমোস্ত্বিত্যন্বয়ঃ। আদিশ্চাসৌ নাথশ্চ আদিনাথঃ সর্ব্বেশ্বরঃ শিব ইত্যর্থঃ। শ্রীমান্ আদিনাথঃ তস্মৈ শ্রীআদিনাথায়। শ্রীশব্দ আদির্যস্য সঃ শ্রীআদিঃ শ্রীআদিশ্চাসৌ নাথশ্চ শ্রীআদিনাথঃ তস্মৈ শ্রীআদিনাথায়। শ্রীনাথায় বিষ্ণব ইতি বার্থঃ। শ্রীআদি-

---

মুমুক্ষুব্যক্তিদিগের হিতসাধনার্থ কৈবল্যফলপ্রদায়িনী হঠযোগপ্রদীপিকা প্রণয়নেচ্ছু আত্মারাম যোগীন্দ্র বিঘ্নরাশি নিবারণার্থ হঠযোগ প্রবর্ত্তক শ্রীমদাদিনাথের নমস্কার রূপ মঙ্গলাচরণ করিতেছেন।—যিনি পার্ব্বতীকে হঠযোগ উপদেশ করিয়াছেন, সেই শ্রীআদিনাথ শঙ্করকে প্রণাম

নাথায়েত্যত্র। যথা ভাবস্ত অপি মাসমঘং কুর্য্যাচ্ছন্দোভঙ্গং ত্যজেদ্গিরামিতি ছন্দোবিদাং সম্প্রদায়াদুচ্চারণসৌষ্ঠবাচ্চেতি বোধ্যং। বস্তুতস্তু অসংহিত-পাঠস্বীকারোপেক্ষয়া শ্রীআদিনাথায়েতি পাঠস্বীকারেঽপ্রবৃত্তনিত্যবিধ্যুদ্দেশ্য-তাবচ্ছেদকানাক্রান্তত্বেনপরিনিষ্ঠিতত্বসম্ভবাৎ সম্প্রত্যুদাহৃতদৃষ্টান্তদ্বয়স্থা-পীদৃগ্বিষয়বৈষম্যান্নিত্যসাহিত্যভঙ্গজনিতদোষস্য শাব্দিকানন্নুমতত্বাচ্চাসংসৃষ্ট বিধেয়াংশতারূপদোষস্যসাহিত্যকারৈরুক্তত্বেঽপি ক্বচিত্তৈরপি স্বীকৃতত্বেন শাব্দিকাচার্য্যৈরেকাজিত্যাদৌ কর্ম্মধারয়স্বীকারেণ সর্ব্বথানাদৃতত্বাচ্চ লাঘ-বাতিশয় ইতি সুধিয়ো বিভাবয়ন্তু। নমঃ প্রহ্বীভাবোঽস্তু। প্রার্থনায়াং লোট্। তস্মৈ কস্মৈ ইত্যপেক্ষায়ামাহ যেনেতি। যেন আদিনাথেন উপদিষ্টা গিরিজায়ৈ হঠযোগবিদ্যা হশ্চ ঠশ্চ হঠৌ সূর্য্যচন্দ্রৌ তয়ো র্যোগো হঠযোগঃ এতেন হঠশব্দবাচ্যয়োঃ সূর্য্যচন্দ্রাখ্যয়োঃ প্রাণাপানযোরৈক্য-লক্ষণঃ প্রাণায়ামো হঠযোগ ইতি হঠযোগ লক্ষণং সিদ্ধং। তথাচোক্তং গোরক্ষনাথেন সিদ্ধসিদ্ধান্তপদ্ধতৌ। হকারঃ কীর্ত্তিতঃ সূর্য্যষ্ঠকারশ্চন্দ্র উচ্যতে। সূর্য্যাচন্দ্রমসোর্যোগাদ্ধঠযোগো নিগদ্যত ইতি। তৎপ্রতি পাদিকা বিদ্যা হঠযোগবিদ্যা হঠযোগশাস্ত্রমিতি যাবৎ। গিরিজায়ৈ আদি-নাথকৃতো হঠবিদ্যোপদেশো মহাকালযোগশাস্ত্রাদৌ প্রসিদ্ধঃ। প্রকর্ষেণ উন্নতঃ প্রোন্নতঃ মন্ত্রযোগহঠযোগাদীনামধরভূমিনামুত্তরভূমিত্বাদ্রাজযোগস্য প্রোন্নতত্বং। রাজযোগশ্চ সর্ব্ববৃত্তিনিরোধলক্ষণোঽসম্প্রজ্ঞাতযোগঃ। তমিচ্ছোর্ম্মুমুক্ষোরধিরোহিণীব অধিরুহ্যতেঽনয়েত্যধিরোহিণী নিঃশ্রেণীব

করি। হঠযোগ এই শব্দে প্রণায়াম প্রতীয়মান হয়, যেহেতু হশব্দে সূর্য্য এবং ঠশব্দে চন্দ্র প্রসিদ্ধ আছে; সুতরাং হঠযোগ, অর্থাৎ প্রাণ ও অপা-নের যোগরূপ প্রাণায়াম বুঝিতে হইবে। এই নিমিত্ত হঠযোগকে রাজ-যোগ বলাযায়। শঙ্কর পার্ব্বতীর নিকট হঠযোগ উপদেশ করিয়াছিলেন এবং ভগবান শঙ্করই এই হঠযোগের গুরু; সুতরাং যোগশাস্ত্রের আরম্ভে মহা-দেবের প্রণামই যুক্তিযুক্ত। প্রোন্নত সৌধশিখরে আরোহণেচ্ছু ব্যক্তির পক্ষে সোপানের ন্যায় এই হঠযোগপ্রদীপিকা যোগশিক্ষার্থী ব্যক্তিদিগের অধিরোহিণীস্বরূপ, অর্থাৎ যেমন কোন উন্নত প্রাসাদ আরোহণ করিতে

প্রণম্য শ্রীগুরুং নাথং স্বাত্মারামেণ যোগিনা।
কেবলং রাজযোগায় হঠবিদ্যোপদিশ্যতে ॥ ২ ॥

বিভ্রাজতে বিশেষেণ ভ্রাজতে। শোভতে যথা প্রোন্নতসৌধমারোঢ়ুমিচ্ছো রধিরোহিণ্যনায়াসেন সৌধপ্রাপিকা ভবতি এবং হঠদীপিকাপি প্রোন্নত রাজযোগমারোঢ়ুমিচ্ছোরনায়াসেন রাজযোগপ্রাপিকা ভবতীতি। উপমা লঙ্কারঃ। ইন্দ্রবজ্রাখ্যং বৃত্তম্ ॥ ১ ॥

এবং পরমগুরুনমস্কারলক্ষণং মঙ্গলং কৃত্বা বিঘ্নবাহুল্যে মঙ্গলবাহুল্যস্যাপ্যপেক্ষিতত্বাৎ স্বগুরুনমস্কারাত্মকং মঙ্গলমাচরন্নস্য গ্রন্থস্য বিষয়প্রয়োজনাদীন্ প্রদর্শয়তি। শ্রীমন্তং গুরুং শ্রীগুরুং নাথং শ্রীগুরুনাথং স্বগুরুমিতি যাবৎ। প্রণম্য প্রকর্ষেণ ভক্তিপূর্ব্বকং নত্বা স্বাত্মারামেণ যোগিনা যোগোঽস্যাস্তীতি তেন। কেবলং রাজযোগায় কেবলং রাজযোগার্থং হঠবিদ্যোপদিশ্যত ইত্যন্বয়ঃ। হঠবিদ্যা রাজযোগ এব মুখ্যং ফলং ন সিদ্ধয় ইতি কেবলপদস্যাভিপ্রায়ঃ। সিদ্ধয়স্ত্বানুষঙ্গিক্যঃ। এতেন রাজযোগফলসহিতো হঠযোগঽস্য গ্রন্থস্য বিষয়ঃ। রাজযোগদ্বারা কৈবল্যং চাস্য ফলং। তৎকামশ্চাধিকারী। গ্রন্থবিষয়য়োঃ প্রতিপাদ্যপ্রতিপাদকভাবঃ সম্বন্ধঃ গ্রন্থস্য কৈবল্যস্য চ প্রয়োজ্যপ্রয়োজকভাবঃ সম্বন্ধঃ। গ্রন্থাভিধেয়স্য সফলযোগস্য কৈবল্যস্য চ সাধ্যসাধনভাবঃ সম্বন্ধ ইত্যুক্তম্ ॥ ২ ॥

হইলে সোপানদ্বারা অনায়াসে আরোহণ করা যায়, সেইরূপ এই হঠযোগ প্রদীপিকা রূপ অধিরোহিণী আশ্রয় করিলে অনায়াসে যোগ শৈলের শিখরে আরোহণ করিতে পারে ॥ ১ ॥

বিঘ্নবাহুল্যপ্রযুক্ত মঙ্গলাচরণেরও আতিশয্য আবশ্যক, এই নিমিত্ত পরমগুরুর নমস্কার লক্ষণ মঙ্গলাচরণ করিয়া স্বগুরুর নমস্কার রূপ মঙ্গলাচরণ পূর্ব্বক গ্রন্থের বিষয় ও প্রয়োজন প্রদর্শন করিতেছেন।—আত্মারাম যোগী স্বীয়গুরুকে ভক্তিপূর্ব্বক নমস্কার করিয়া রাজগোগার্থ হঠ বিদ্যার উপদেশ করিতেছেন। যাহারা রাজযোগ দ্বারা কৈবল্যরূপ ফলাকাঙ্ক্ষী, তাহারাই এই গ্রন্থের অধিকারী এবং এই গ্রন্থদ্বারা কৈবল্য সাধিত হয় ॥ ২ ॥

ভ্রান্ত্যা বহুমতধ্বান্তে রাজযোগমজানতাম্।
হঠপ্রদীপিকাং ধত্তে স্বাত্মারামঃ কৃপাকরঃ ॥ ৩ ॥

নন্বু মন্ত্রযোগসগুণধ্যাননির্গুণধ্যানমুদ্রাদিভিরেব রাজযোগসিদ্ধৌ কিং হঠবিদ্যোপদেশেনেত্যাশংক্য ব্যুত্থিতচিত্তানাং মন্ত্রযোগাদিভী রাজযোগাসিদ্ধের্হঠযোগাদেব রাজযোগসিদ্ধিং বদন্ গ্রন্থং প্রতিজানীতে। ভ্রান্ত্যেতি। মন্ত্রযোগাদিবহুমতরূপে ধ্বান্তে গাঢ়ান্ধকারে যা ভ্রান্তির্ভ্রমস্তথা। তৈস্তৈরুপায়ৈ রাজযোগার্থং প্রবৃত্তস্য তত্র তত্র তদলাভাৎ। বক্ষ্যতি চ। বিনা রাজযোগ ইত্যাদিনা। তথা রাজযোগং অজানতাং ন জানন্তীত্যজানন্তঃ তেষাং অজানতাং পুংসাং রাজযোগজ্ঞানমিতি শেষঃ। করোতীতি করঃ কৃপায়াঃ করঃ কৃপাকরঃ কৃপায়া আকর ইতি বা তাদৃশঃ। অনেন হঠপ্রদীপিকাকরণে অজ্ঞানুকম্পৈব হেতুরিত্যুক্তং। স্বাত্মন্যারামতে ইতি স্বাত্মারামঃ হঠস্য হঠযোগস্য প্রদীপিকেব প্রকাশকত্বাৎ হঠপ্রদীপিকা তাং। অথবা হঠ এব প্রদীপিকা রাজযোগপ্রকাশকত্বাৎ তাং ধত্তে বিধত্তে করোতীতি যাবৎ। স্বাত্মারাম ইত্যনেন জ্ঞানস্য সপ্তমভূমিকাং প্রাপ্তো ব্রহ্মবিদ্বরিষ্ঠ ইত্যুক্তং। তথা চ শ্রুতিঃ। আত্মক্রীড়

মন্ত্রযোগ, সগুণনির্গুণধ্যান এবং মুদ্রাদিদ্বারা রাজযোগের সিদ্ধি আছে, হঠযোগের উপদেশে প্রয়োজন কি? এই আশঙ্কা করিয়া অশান্ত চিত্ত ব্যক্তিদিগের মন্ত্রযোগাদিদ্বারা রাজযোগের সিদ্ধি নাই, কেবল হঠযোগ দ্বারা তাহাদিগের রাজযোগসিদ্ধি হয়, এই নিমিত্ত হঠযোগ প্রদীপিকা গ্রন্থ বলিতে প্রতিজ্ঞা করিতেছেন।—মুক্তিসাধনবিষয়ে মন্ত্রযোগাদি বহুবিধ মত প্রসিদ্ধ আছে, তাহা গাঢ় অন্ধকার স্বরূপ। ভ্রান্তিবশতঃ রাজযোগপ্রবৃত্তির নিমিত্ত সেই সেই উপায় অবলম্বন করিলে প্রকৃত ফললাভ হয় না, অতএব রাজযোগানভিজ্ঞ সাধকদিগের হিতসাধনার্থ কৃপাকর স্বাত্মারাম যোগী এই হঠপ্রদীপিকা প্রণয়ন করিতেছেন। এই গ্রন্থ রাজযোগ প্রকাশের প্রদীপস্বরূপ এই নিমিত্তই ইহার "হঠযোগ প্রদীপিকা" নাম হইল। যোগবাশিষ্টে সপ্তবিধ জ্ঞানভূমি উক্ত আছে।—যথা প্রথমা,

আত্মরতিঃ ক্রিয়াবানেষ ব্রহ্মবিদাং বরিষ্ঠ ইতি। সপ্তভূময়শ্চোক্তা যোগ-বাশিষ্ঠে। জ্ঞানভূমিঃ শুভেচ্ছাখ্যা প্রথমা সমুদাহৃতা। বিচারণা দ্বিতীয়া স্যাত্তৃতীয়া তনুমানসা। সত্যাপত্তিশ্চতুর্থ স্যাত্ততোঽসংসক্তিনামিকা। পরার্থাভাবিনী ষষ্ঠী সপ্তমী তুর্য্যগা স্মৃতা। অস্যার্থঃ। শুভেচ্ছা ইত্যাখ্যা যস্যাঃ সা শুভেচ্ছাখ্যা। বিবেকবৈরাগ্যযুতা শমাদিপূর্ব্বিকা তীব্রমুমুক্ষা প্রথমা জ্ঞানস্য ভূমিঃ ভূমিকা যোগিভিরিতি শেষঃ। ১। বিচারণা শ্রবণমনননাত্মিকা দ্বিতীয়া জ্ঞানভূমিঃ স্যাৎ। ২। অনেকার্থগ্রাহকং মনো যদাঽনেকার্থান্ পরিত্যজ্য সদেকার্থবৃত্তিপ্রবাহবত্তবতি তদা তনুমানসে যস্যাং সা তনুমানসা নিদিধ্যাসনরূপা তৃতীয়া জ্ঞানভূমিঃ স্যাদিতি শেষঃ। ৩। ইমাস্তিস্রঃ সাধনভূমিকাঃ। আসু ভূমিষু সাধক ইত্যুচ্যতে। তিসৃভির্ভূমিকাভিঃ শুদ্ধসত্ত্বেঽন্তঃকরণেঽহং ব্রহ্মাঽস্মীত্যাকারিকাঽপরোক্ষবৃত্তিরূপা সত্ত্বাপত্তিনামিকা চতুর্থী জ্ঞানভূমিঃ স্যাৎ। চতুর্থীয়ং ফলভূমিঃ অস্যাং যোগী ব্রহ্মবিদিত্যুচ্যতে। ইয়ং সম্প্রজ্ঞাতযোগভূমিকা।৪। বক্ষ্যমাণাস্তিস্রোঽসম্প্রজ্ঞাত যোগভূময়ঃ। সত্ত্বাপত্তিসংজ্ঞিকায়াং ভূমাবুপস্থিতাসু সিদ্ধিষু অসংসক্তস্যাসংশক্তিনামিকা পঞ্চমী জ্ঞানভূমিঃ স্যাৎ। অস্যাং যোগী স্বয়মেব ব্যুত্তিষ্ঠতে।

শুভেচ্ছা, দ্বিতীয়া বিচারণা, তৃতীয়া তনুমানসা, চতুর্থী সত্ত্বাপত্তি, পঞ্চমী অসংসক্তিকা, ষষ্ঠী পরার্থাভাবিনী এবং সপ্তমী তূর্য্যগা। প্রথমতঃ সর্ব্ব প্রকার শুভেচ্ছা, অর্থাৎ শমদমাদিপূর্ব্বক বিবেক ও বৈরাগ্য উপস্থিত হইয়া মুক্তিলাভের কামনা জন্মে, এই নিমিত্ত প্রথমা জ্ঞান ভূমিকে শুভেচ্ছা বলে। পরে শ্রবণমননাদিদ্বারা বিচারশক্তি উপস্থিত হয়; সুতরাং দ্বিতীয়া জ্ঞানভূমির নাম বিচারণা হইয়াছে। মন সর্ব্বদা নানাবিষয়ে আশক্ত থাকে, যখন সেইসকল বিষয় পরিত্যাগ করিয়া একমাত্র সৎস্বরূপে অনুরক্ত হয়, তখনই নিদিধ্যাসনাদি হইয়া থাকে, ইহাকে তনুমানসানাম্নী তৃতীয়া জ্ঞান ভূমি বলা যায়। উক্ত ত্রিবিধ অবস্থা সাধনভূমি স্বরূপ, যাঁহারা উক্তরূপ সাধনে বর্ত্তমান থাকেন, তাঁহাদিগকেই সাধক বলা যায়। উক্ত ত্রিবিধ অবস্থাদ্বারা অন্তঃকরণ পরিশুদ্ধ হইলে "আমিই ব্রহ্ম" ইত্যাকার অপরোক্ষ বৃত্তিরূপ জ্ঞান উপস্থিত হয়, তাহাই সত্ত্বাপত্তিনাম্নী চতুর্থী জ্ঞান ভূমি। এই অবস্থাতে বর্ত্তমান যোগীকে ব্রহ্মবিদ্ বলা যায়। বক্ষ্য-

হঠবিদ্যাং হি মৎস্যেন্দ্রগোরক্ষাদ্যা বিজানতে।
স্বাত্মারামোঽথবা যোগী জানীতে তৎপ্রসাদতঃ ॥ ৪ ॥

এতাং ভূমিং প্রাপ্তো ব্রহ্মবিদ্বর ইত্যুচ্যতে।৫। পরব্রহ্মাতিরিক্তমর্থং ন ভাবয়তি যস্যাং সা পরার্থাভাবিনী ষষ্ঠী জ্ঞানভূমিঃ স্যাৎ। অস্যাং যোগী পরপ্রবোধিত এব ব্যুত্থিতো ভবতি। এতাং প্রাপ্তো ব্রহ্মবিদ্বরীয়ানিত্যুচ্যতে।৬। তুর্য্যগা নাম সপ্তমী ভূমিঃ স্মৃতা। অস্যাং যোগী স্বতঃ পরতো বা ন ব্যুত্থানং প্রাপ্নোতি। এতাং প্রাপ্তো ব্রহ্মবিদ্বরিষ্ঠ ইত্যুচ্যতে। তত্র প্রমাণভূতা শ্রুতিরত্রৈবোক্তা। পূর্ব্বময়মেব জীবন্মুক্ত ইত্যুচ্যতে স এবাঽত্র স্বাত্মারামপদেনোক্ত ইত্যলং বহূক্তেন ॥ ৩ ॥

মহৎসেবিতত্বাদ্ধঠবিদ্যাং প্রশংসন্ স্বস্যাপি মহৎসকাশাদ্ধঠবিদ্যালাভাদ্গৌরবং দ্যোতয়তি। হঠবিদ্যাং হীতি। হীতি প্রসিদ্ধং মৎস্যেন্দ্রশ্চ গোরক্ষশ্চ তৌ আদ্যৌ যেষাং তে মৎস্যেন্দ্রগোরক্ষাদ্যাঃ আদ্যশব্দেন জালন্ধরনাথভর্ত্তৃহরিগোপীচন্দ্রপ্রভৃতয়ো গ্রাহ্যাঃ। তে হঠবিদ্যাং হঠযোগবিদ্যাং বিজানতে

মাণ ত্রিবিধ জ্ঞানভূমিতে অসংপ্রজ্ঞাত যোগ হয়, পরে সত্বাপত্তি নাম্নী চতুর্থী জ্ঞান ভূমিতে সিদ্ধি হইলে সাধক সর্ব্ববিষয়ে অসংশক্ত হয়। ইহারই নাম অসংশক্তিকা নাম্নী পঞ্চমী জ্ঞানভূমি। এই অবস্থাতে যোগী স্বয়ংই উত্থিত হয়। যাহারা এই জ্ঞানভূমি প্রাপ্ত হয়, তাহাদিগকে ব্রহ্মবিদ্ বলা যায়। যে অবস্থাতে পরব্রহ্মাতিরিক্ত অর্থে ভাবনা হয় না, তাহাই পরার্থাভাবিনী ষষ্ঠী জ্ঞানভূমি। এই অবস্থাতে যোগীর পরব্রহ্মের বোধ হয়। এইরূপ জ্ঞান উপস্থিত হইলে তাহাকে ব্রহ্মজ্ঞানীর শ্রেষ্ঠ বলা যায়। তুর্য্যগা নাম্নী সপ্তমী জ্ঞানভূমিতে উপস্থিত যোগীর স্বতঃ কিম্বা পরতঃ কোনরূপেও চিত্তের চাঞ্চল্য হয় না। যিনি এইরূপ অবস্থাপন্ন, তিনিই স্বাত্মারাম শব্দে অভিহিত হয়েন। ৩।

প্রাচীন যোগিগণ এই হঠ বিধ্যার সেবা করিয়াছেন; সুতরাং এই বিদ্যা সর্ব্বশ্রেষ্ঠ। মৎস্যেন্দ্র, গোরক্ষ, জালন্ধরনাথ, ভর্ত্তৃহরি, গোপীচন্দ্র প্রভৃতি মহাযোগীরা এই হঠযোগ বিদ্যার সাধন, লক্ষণ ও ফলাদি জানেন। স্বাত্মারাম নাম যোগী গোরক্ষের প্রসাদই এই হঠযোগ অবগত আছেন,

বিশেষেণ সাধনলক্ষণভেদফলৈর্জ্জানন্তীত্যন্বয়ঃ। স্বাত্মারামঃ স্বাত্মারামনামা। অথবা শব্দসমুচ্চয়ে। যোগী যোগবান্ তৎপ্রসাদতঃ গোরক্ষপ্রসাদাজ্জানীত ইত্যন্বয়ঃ। পরমমহতা ব্রহ্মণাপীয়ং বিদ্যা সেবিতেত্যত্র যোগিযাজ্ঞবল্ক্য স্মৃতিঃ। হিরণ্যগর্ভো যোগস্য বক্তা নান্যঃ পুরাতনঃ। বক্তৃত্বং চ মানসব্যাপারপূর্ব্বকং ভবতীতি মানসো ব্যাপারোঽর্থাদাগমঃ। তথা চ শ্রুতিঃ। যন্মনসা ধ্যায়তি তদ্বাচা বদতীতি। ভগবতেয়ং বিদ্যা ভাগবতানুদ্ধবাদীন্ প্রত্যুক্তা। শিবস্তু যোগী প্রসিদ্ধ এব এবং চ সর্ব্বোত্তমৈর্ব্রহ্মবিষ্ণুশিবৈঃ সেবিতেয়ং বিদ্যা। ন চ ব্রহ্মসূত্রকৃতা ব্যাসেন যোগো নিরাকৃত ইতি শঙ্কনীয়ং। প্রকৃতিস্বাতন্ত্র্যবিভিন্নর্ভেদাংশমাত্রস্য নিরাকরণাৎ। ন তু ভাবনাবিশেষরূপযোগস্য। ভাবনায়াশ্চ সর্ব্বসম্মতত্বাত্তাং বিনা সুখস্যাপ্যসম্ভাৎ। তথোক্তং ভগবদ্গীতাসু নাস্তি বুদ্ধিরযুক্তস্য ন চাযুক্তস্য ভাবনা। ন চাভাবয়তঃ শান্তিরশান্তস্য কুতঃ সুখমিতি। নারায়ণতীর্থৈরপ্যুক্তং। স্বাতন্ত্র্যসত্যত্বমুখং প্রধানে সত্যং চ চিদ্ভেদগতং চ বাক্যৈঃ। ব্যাসো

পরমযোগী ব্রহ্মাও এই বিদ্যার সেবা করিয়াছিলেন। যোগি যাজ্ঞবল্ক্য স্মৃতিতে লিখিত আছে যে, হিরণ্যগর্ভই এই যোগের বক্তা, তদ্ভিন্ন প্রাচীন হঠযোগ বক্তা আর কেহ ছিলেন না। ভগবান্ বিষ্ণু এই যোগবিদ্যা ভগবদ্ভক্ত উদ্ধবাদির নিকট কহিয়াছেন। শিব পরমযোগী ইহা প্রসিদ্ধ আছে; সুতরাং ব্রহ্মা, বিষ্ণু ও শিব ইহারা এই যোগবিদ্যার সেবা করিয়াছেন, ইহাই প্রতীতি হইতেছে। ব্রহ্মসূত্রাকার ব্যাসদেবও যে এই যোগ অস্বীকার করিয়াছেন, এইরূপ আশঙ্কা করা যায় না, যেহেতু প্রকৃতির স্বাতন্ত্র্যবাদীরা ভেদাংশ মাত্রের অস্বীকার করেন, তাঁহারা ভাবনাবিশেষ রূপ যোগের অস্বীকার করেন না। ভাবনার সর্ব্বসম্মতত্ব ব্যতিরেকে সুখের সম্ভব নাই। ভগবদ্গীতাতে উক্ত আছে যে, অযুক্তব্যক্তির বুদ্ধি ও ভাবনা নাই এবং যাহারা ভাবনাবিহীন, তাহাদিগের শান্তি নাই ও অশান্ত ব্যক্তির সুখ হইতে পারে না। নারায়ণতীর্থেরা বলিয়া থাকেন যে, ব্যাসদেব প্রকৃতির স্বাতন্ত্র্য খণ্ডন করিয়া স্বয়ং ব্রহ্মসূত্রীয় বাক্যে যোগ নিরূপণ করিয়াছেন। মতিমান ব্যাস স্বীয়গ্রন্থে আত্মজ্ঞানপ্রদ যোগ বিবৃত

শ্রীআদিনাথমৎস্যেন্দ্রশাবরানন্দভৈরবাঃ।
চৌরঙ্গী-মীন-গোরক্ষ-বিরূপাক্ষ-বিলেশয়াঃ ॥ ৫ ॥

নিরাচষ্ট ন ভাবনাখ্যং যোগং স্বয়ং নির্মিতব্রহ্মসূত্রৈঃ। অপি চাত্মপ্রদ-যোগং ব্যাকরোন্মতিমান্ স্বয়ং। ভাষ্যাদিষু ততস্তত্র আচার্যপ্রমুখৈর্ম্মতঃ। মতো যোগো ভগবতা গীতায়ামধিকোঽন্ততঃ। কৃতঃ শুকাদিভিস্তস্মাদত্র সন্তোঽতিসাদরা ইতি। বেদেষু যজ্ঞেষু তপঃসু চৈব দানেষু যৎপুণ্যফলং প্রদিষ্টং। অত্যেতি তৎসর্ব্বমিদং বিদিত্বা যোগী পরং স্থানমুপৈতি চাদ্য মিতি ভগবদুক্তেঃ। কিং বহুনাং। জিজ্ঞাসুরপি যোগস্য শব্দব্রহ্মাতিবর্ত্তত ইতি বদতা ভগবতা যোগজিজ্ঞাসোরপ্যোৎকৃষ্ট্যং বর্ণিতং কিমুত যোগিনঃ নারদাদি ভক্তশ্রেষ্ঠৈর্যাজ্ঞবল্ক্যাদিজ্ঞানিমুখ্যৈশ্চাস্যাঃ সেবনাদ্ভক্তজ্ঞানিনামপ্য-বিরুদ্ধেত্যুপরম্যতে ॥ ৪ ॥

হঠযোগপ্রবৃত্তিং জনয়িতুং হঠবিদ্যয়া প্রাপ্তৈশ্বর্য্যান্ সিদ্ধানাহ। শ্রীআদিনাথেত্যাদিনা। আদিনাথঃ শিবঃ সর্ব্বেষাং নাথানাং প্রথমো নাথঃ। ততো নাথসম্প্রদায়ঃ প্রবৃত্ত ইতি নাথসম্প্রদায়িনো বদন্তি।

করিয়াছেন এবং আচার্য্যগণ ভাষ্যাদিশাস্ত্রে তাহাই স্বীকার করিয়া গিয়া-য়াছেন। আর গীতাতে ভগবান স্বয়ং যোগ স্বীকার করিয়াছেন এবং শুকাদিরাও যোগসাধনে তৎপর ছিলেন। ভগবান নারায়ণ বলিয়াছেন যে, বেদাধ্যয়নে, যজ্ঞানুষ্ঠানে, তপশ্চরণে ও দানে যে সকল পুণ্য সঞ্চয় হয়, যোগিগণ সেই সকল পুণ্য অতিক্রম করিয়া পরম স্থান লাভ করেন। ভগবান যোগ জিজ্ঞাসুরও উৎকৃষ্টতা বর্ণন করিয়াছেন; সুতরাং যাহারা যোগ সাধন করে, তাহাদিগের প্রাধান্যের বর্ণনা নিষ্প্রয়োজন। নারদাদি ও যোগিযাজ্ঞবল্ক্য প্রভৃতিরাও যোগবলেই ভক্তপ্রধান বলিয়া গণ্য হইয়া-ছিলেন। ৪ ॥

যোগশাস্ত্রে সাধারণের প্রবৃত্তির নিমিত্ত হঠযোগ দ্বারা প্রাপ্তৈশ্বর্য্য সিদ্ধ পুরুষদিগের উদাহরণ প্রদর্শন করিতেছেন।—যিনি শিব, তিনিই শ্রীআদি নাথ, ইনিই সর্ব্বপ্রকার নাথসম্প্রদায়ের প্রথম। নাথসম্প্রদায়ীরা

মৎস্যেন্দ্রাখ্যশ্চ আদিনাথশিষ্যঃ। অত্রৈবং কিংবদন্তী। কদাচিদাদিনাথঃ কস্মিংশ্চিদ্দ্বীপে স্থিতঃ। তত্র বিজনমিতি মত্বা গিরিজায়ৈ যোগমুপদিষ্টবান্। তীরসমীপনীরস্থঃ কশ্চন মৎস্যঃ তং যোগোপদেশং শ্রুত্বা একাগ্রচিত্তো নিশ্চলকায়োঽবতস্থে। তং তাদৃশং দৃষ্ট্বানেন যোগঃ শ্রুত ইতি তং মত্বা কৃপালুরাদিনাথো জলেন প্রোক্ষিতবান্। স চ প্রোক্ষণমাত্রাদ্দিব্যকায়ো মৎস্যেন্দ্রঃ সিদ্ধোঽভূৎ। তমেব মৎস্যেন্দ্রনাথ ইতি বদন্তি। শাবরনামা কশ্চিৎসিদ্ধঃ আনন্দভৈরবনামান্যঃ। এতেষামিতরেতরদ্বন্দ্বঃ। ছিন্নহস্তপাদং পুংস্ত্বং হিন্দুস্থানভাষায়াং চৌরঙ্গীতি বদন্তি। কদাচিদাদিনাথাল্লব্ধযোগস্য ভুবং পর্য্যটতো মৎস্যেন্দ্রনাথস্য কৃপাবলোকনমাত্রাৎ কুত্রচিদরণ্যে স্থিতশ্চৌরঙ্গ্যঙ্কুরিতহস্তপাদো বভূব। স চ তৎকৃপয়া সংজাতহস্তপাদোঽহমিতি মত্বা তৎপাদয়োঃ প্রণিপত্য মমানুগ্রহং

বলিয়া থাকেন, শিব হইতেই নাথসম্প্রদায়ের আরম্ভ হয়। আর মৎস্যেন্দ্র আদিনাথের শিষ্য। এই বিষয়ে কিম্বদন্তী আছে যে, কোন সময়ে আদিনাথ কোন দ্বিপে অবস্থিত ছিলেন, তিনি সেই স্থানকে নির্জ্জন মনে করিয়া পার্ব্বতীকে যোগ উপদেশ করিতে লাগিলেন, সেই দ্বিপের তীরসমীপে জলমধ্যে এক মৎস্য ছিল, সেই মৎস্য ঐ উপদেশ শ্রবণ করিয়া একাগ্রচিত্ত হইয়া নিশ্চলভাবে অবস্থিতিপূর্ব্বক সেই যোগ শ্রবণ করিতে লাগিল। আদিনাথ মৎস্যকে তদবস্থাপন্ন দেখিয়া মনে করিলেন, এই মৎস্য যোগ শ্রবণ করিতেছে, তখন কৃপালু শঙ্কর সেই মৎস্যকে জলপ্রোক্ষণ করিলেন। প্রোক্ষণমাত্র সেই মৎস্য দিব্যপুরুষ হইযা যোগসাধনপূর্ব্বক সিদ্ধ হইলেন। এই নিমিত্ত তাঁহার মৎস্যেন্দ্র নাম হইল। উক্ত আদিনাথ, মৎস্যেন্দ্র, শাবরনামা যোগী, আনন্দভৈরব, চৌরঙ্গী, (হিন্দীভাষাতে ছিন্নহস্তপাদ ও পুংস্ত্ববিহীনকে চৌরঙ্গী বলে। কোন সময়ে মৎস্যেন্দ্র আদিনাথ হইতে যোগলাভ করিয়া পৃথিবীতে পর্য্যটন করিতেছিলেন, কোন অরণ্যমধ্যে ছিন্নহস্তপদ এক ব্যক্তিকে দেখিয়া তাহার প্রতি কৃপাদৃষ্টি করিলেন। অনন্তর তাঁহার কৃপাবলোকনবশতঃ চৌরঙ্গীর হস্তপাদ উৎপন্ন হইল। তখন চৌরঙ্গীমৎস্যেন্দ্রের কৃপাতে আমার হস্তপাদ অঙ্কুরিত হইয়াছে, ইহা জানিতে

মন্থানো ভৈরবো যোগী সিদ্ধির্ব্বুদ্ধশ্চ কন্থড়িঃ।
কোরংটকঃ স্থুরানন্দঃ সিদ্ধপাদশ্চ চর্পটিঃ॥ ৬॥
কানেরী পূজ্যপাদশ্চ নিত্যনাথো নিরঞ্জনঃ।
কপালী বিন্দুনাথশ্চ কাকচণ্ডীশ্বরাহ্বয়ঃ॥ ৭॥
অল্লামঃ প্রভুদেবশ্চ ঘোড়া চোলী চ টিংটিণিঃ।
ভানুকো নারদেবশ্চ খণ্ডঃ কাপালিকস্তথা॥ ৮॥
ইত্যাদয়ো মহাসিদ্ধা হঠযোগপ্রভাবতঃ।
খণ্ডয়িত্বা কালদণ্ডং ব্রহ্মাণ্ডে বিচরন্তি তে॥ ৯॥

কুর্ব্বিতি প্রার্থিতবান্। মৎস্যেন্দ্রোঽপি তমনুগৃহীতবান্ তস্যানুগ্রহাচ্চৌরঙ্গীতি প্রসিদ্ধঃ সিদ্ধঃ সোঽভূৎ। মীনো মীননাথঃ গোরক্ষো গোরক্ষনাথঃ বিরূপাক্ষনামা বিলেশয়নামা চ। চৌরঙ্গীপ্রভৃতীনাং দ্বন্দ্ব সমাসঃ॥ ৫॥

মন্থানঃ ভৈরবঃ যোগীতি মন্থানপ্রভৃতীনাং সর্ব্বেষাং বিশেষণং॥ ৬॥

কাকচণ্ডীশ্বর ইত্যাহ্বয়ো নাম যস্য চ তথা অন্যে স্পষ্টাঃ॥ ৭॥

তথাশব্দঃ সমুচ্চয়ে॥ ৮॥

ইতি পূর্ব্বোক্তা আদয়ো যেষাং তে তথা। আদিশব্দেন তারানাথাদয়ো গ্রাহ্যাঃ। মহান্তশ্চ তে সিদ্ধাশ্চ অপ্রতিহতৈশ্বর্য্যা ইত্যর্থঃ। হঠযোগস্য প্রভাবাৎ সামর্থ্যাদিতি হঠযোগপ্রভাবতঃ। পঞ্চম্যাস্তসিল।

পারিয়া তাঁহার পাদদ্বয়ে প্রণিপাতপূর্ব্বক প্রার্থনা করিলেন,—প্রভো! আপনি আমার প্রতি অনুগ্রহ করুন। মৎস্যেন্দ্র চৌরঙ্গীর প্রতি অনুগ্রহ করিয়া যোগশিক্ষা প্রদান করিলেন, তাহাতে সেই চৌরঙ্গী প্রসিদ্ধ যোগী হইয়াছিল) মীননাথ, গোরক্ষনাথ, বিরূপাক্ষ, বিলেশয়, মন্থান্, ভৈরব, সিদ্ধিনামা, বুদ্ধ, কন্থড়ি, কোরণ্টক, স্থুরানন্দ, সিদ্ধপাদ, চর্পটি, কানেরী, পূজ্যপাদ নিত্যনাথ, নিরঞ্জন, কপালী, বিন্দুনাথ, কাকচণ্ডীশ্বর, অল্লাম, প্রভুদেব, ঘোড়া, চোলী, টিণ্টিণিঃ, ভানুসী, নারদেব, খণ্ড, কাপালিক প্রভৃতি সিদ্ধ পুরুষেরা হঠযোগ প্রসাদে অপ্রতিহত ঐশ্বর্য্য প্রাপ্ত হইয়া

অশেষতাপতপ্তানাং সমাশ্রয়মঠো হঠঃ।
অশেষযোগযুক্তানামাধারকমঠো হঠঃ ॥ ১০ ॥

কালো মৃত্যুঃ তস্য দণ্ডনং দণ্ডঃ দেহপ্রাণবিয়োগানুকূলো ব্যাপারঃ তং খণ্ডয়িত্বা ছিত্বা মৃত্যুং জিত্বেত্যর্থঃ। ব্রহ্মাণ্ডমধ্যে বিচরন্তি বিশেষেণা-ব্যাহতগত্যা চরন্তীত্যর্থঃ। তদুক্তং ভাগবতে যোগেশ্বরাণাং গতিমাহুরন্ত-র্ব্বহিস্ত্রিলোক্যাঃ পবনান্তরাত্মনামিতি ॥ ৯ ॥

হঠস্যাশেষতাপনাশকত্বমশেষযোগসাধকত্বঞ্চ মঠকমঠরূপকেণাহ। অশে ষেতি। অশেষাঃ আধ্যাত্মিকাধিভৌতিকাধিদৈবিকভেদেন ত্রিবিধাঃ। তত্রাধ্যাত্মিকং দ্বিবিধং শারীরং মানসং চ। তত্র শারীরং দুঃখং ব্যাধিজং মানসং দুঃখং কামাদিজং। আধিভৌতিকং ব্যাঘ্রসর্পাদিজনিতং আধি-দৈবিকং গ্রহাদিজনিতং। তে চ তে তাপাশ্চ তৈস্তপ্তানাং পুংসাং হঠো হঠযোগঃ সম্যগাশ্রয়ত ইতি সমাশ্রয়ঃ আশ্রয়ঃ আশ্রয়ভূতো মঠঃ মঠ এব। তথা হঠঃ অশেষয়োগযুক্তানাং অশেষযোগযুক্তাঃ মন্ত্রযোগকর্ম্মযোগাদি-যুক্তাস্তেষামাধারভূতঃ কমঠঃ এবং ত্রিবিধতাপতপ্তানাং পুংসাং আশ্রয়ো হঠঃ। যথা চ বিশ্বাধারঃ কমঠঃ এবং নিখিলযোগিনামাধারো হট ইত্যর্থঃ ॥ ১০ ॥

যমদণ্ড খণ্ডনপূর্ব্বক ব্রহ্মাণ্ডমধ্যে অব্যাহতগতিতে বিচরণ করিতেছেন। ভাগবতে লিখিত আছে যে, যোগেশ্বরেরা অন্তরে ও বাহ্যে সর্ব্বত্র বিচরণ করিতে পারেন ॥ ৫-৯ ॥

এই হঠযোগ অশেষ তাপতপ্ত ব্যক্তিদিগের সম্যক্ আশ্রয় মঠস্বরূপ এবং যোগযুক্ত মানবগণের আধারভূত কূর্ম্মস্বরূপ জানিবে। এই জগতে আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক এই ত্রিবিধ তাপ আছে। তাহাতে আধ্যাত্মিক তাপ দ্বিবিধ ; শারীরিক ও মানসিক। শারীর তাপ রোগাদিদ্বারা এবং কামাদিদ্বারা মানস দুঃখ জন্মে। ব্যাঘ্রসর্পাদিজনিত যে দুঃখ, তাহাই আধিভৌতিক এবং গ্রহাদিজনিত দুঃখকে আধিদৈবিক দুঃখ বলা যায়। যাহারা এই সকল দুঃখে অভিভূত, তাঁহারা হঠযোগ আশ্রয় করিলে ঐ সকল দুঃখ হইতে নিস্তার পাইতে পারেন। আর মন্ত্রযোগ

হঠবিদ্যা পরং গোপ্যা যোগিনা সিদ্ধিমিচ্ছতা।
ভবেদ্বীর্য্যবতী গুপ্তা নির্ব্বীর্য্যা তু প্রকাশিতা॥ ১১॥

অথাখিলবিদ্যাপেক্ষয়া হঠবিদ্যায়া অতিগোপ্যত্বমাহ হঠবিদ্যেতি সিদ্ধিমণিমাদৈশ্বর্য্যমিচ্ছতা যদ্বা সিদ্ধিং কৈবল্যসিদ্ধিমিচ্ছতা বাঞ্ছতা যোগিনা হঠযোগবিদ্যা পরমত্যন্তং গোপ্যা গোপনীয়া গোপনার্হাস্তীতি। তত্র হেতুমাহ। যতো গুপ্তা হঠবিদ্যা বীর্য্যবত্যপ্রতিহতৈশ্বর্য্যজননসমর্থা স্যাৎ। কৈবল্যজননসমর্থা কৈবল্যসিদ্ধিজননসমর্থা বা স্যাৎ। অথ যোগাধিকারী। জিতাক্ষায় শান্তায় শক্তায় মুক্তৌ বিহীনায় দোষৈব-শক্তায় মুক্তৌ। অহীনায় দোষেরেতৈরুক্তকর্ত্রে প্রদেয়ো ন দেয়ো হঠ-শ্চেতরস্মৈ। যাজ্ঞবল্ক্যঃ বিধ্যুক্তকর্ম্মসংযুক্তঃ কামসংকল্পবর্জ্জিতঃ। যমৈশ্চ নিয়মৈর্যুক্তঃ সর্ব্বসঙ্গবিবর্জ্জিতঃ। কৃতবিদ্যো জিতক্রোধঃ সত্যধর্ম্মপরায়ণঃ। গুরুশুশ্রূষণরতঃ পিতৃমাতৃপরায়ণঃ। স্বাশ্রমস্থঃ সদাচারো বিদ্বদ্ভিশ্চ সুশিক্ষিত ইতি। শিশ্নোদররতায়ৈব ন দেয়ং বেষধারিণে ইতি

কর্ম্মযোগাদি অনেক যোগ আছে, যাঁহারা মন্ত্রযোগাদি আশ্রয় করিয়াছেন, তাঁহাদিগের পক্ষে এই হঠযোগ সর্ব্বাধারভূত কূর্ম্মস্বরূপ॥ ১০॥

যাহারা অণিমাদি অষ্টসিদ্ধি অথবা মুক্তি লাভ ইচ্ছা করেন, সেই সকল যোগীরা এই হঠযোগবিদ্যা অতি গোপনে রাখিবেন। যেহেতু এই বিদ্যা গোপনে রাখিলেই সমধিক বীর্য্যবতী হয়, অর্থাৎ কৈবল্য ফল প্রদান করিতে পারে। আর এই হঠযোগ বিদ্যা প্রকাশিত হইলে ইহার বীর্য্যহানি হইয়া থাকে। যাহারা জিতেন্দ্রিয় প্রশান্তচিত্ত মুমুক্ষু, দোষবিহীন, এবম্ভূত ব্যক্তিকে এই হঠযোগ বিদ্যা প্রদান করিবে, অন্যবিধ ব্যক্তিকে কদাচ এই যোগবিদ্যা প্রদান করিবে না। যাজ্ঞবল্ক্য ঋষি বলিয়াছেন যে, যাঁহারা বিধিবোধিত কর্ম্মের অনুষ্ঠান করেন, কাম এবং সঙ্কল্পবর্জ্জিত যমাদিনিয়মযুক্ত সর্ব্বপ্রকার সংসারসম্বন্ধবর্জ্জিত, কৃতবিদ্য, ক্রোধবর্জিত, সত্যধর্ম্মপরায়ণ, গুরুশুশ্রূষণাতে নিতান্ত অনুরক্ত, পিতৃ-মাতৃপরায়ণ, স্বীয়-আশ্রমস্থ, সদাচারনিষ্ঠ এবং সুশিক্ষিত, ইহারাই এই

সুরাজ্যে ধার্ম্মিকে দেশে সুভিক্ষে নিরুপদ্রবে।

কুত্রচিৎ। অত্র যোগচিন্তামণিকারাঃ যদ্যপি ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং স্ত্রী-শূদ্রাণাং চ পাবনং। শান্তয়ে কর্ম্মণামন্যদ্যোগান্নাস্তি বিমুক্তয় ইত্যাদি পুরাণবাক্যেষু প্রাণিমাত্রস্য যোগেঽধিকার উপলভ্যতে। তথাপি মোক্ষ রূপকং ফলং যোগে বিরক্তস্যৈব ভবতি। অতস্তস্যৈব যোগাধিকার উচিতঃ। তথা চ বায়ুসংহিতায়াং। দৃষ্টে তথানুশ্রবিকে বিরক্তং বিষয়ে মনঃ। যস্য তস্যাধিকারোঽস্মিন্ যোগে নান্যস্য কস্যচিৎ। সুরেশ্বরাচার্য্যাঃ ইহামুত্র বিরক্তস্য সংসারং প্রজিহাসতঃ। জিজ্ঞাসোরেব কস্যাপি যোগেঽস্মিন্নধিকারিতেত্যাহুঃ। বৃদ্ধৈরপ্যুক্তং নৈতদ্দেয়ং দুর্ব্বিনীতায় জাতু জ্ঞানং গুপ্তং তদ্ধি সম্যক্‌ফলায়। অস্থানে হি স্থাপ্যমানৈব বাচাং দেবী কোপান্নির্দ্দহেন্নো চিরায়েতি ॥ ১১ ॥

অথ হঠাভ্যাসযোগ্যং দেশমাহ সার্দ্ধেন। সুরাজ্য ইতি রাজ্ঞঃ কর্ম্ম

হঠযোগ বিদ্যার অধিকারী। আর যাহারা বেশধারী, অর্থাৎ গৈরীক বসন ও জটাজূটাদিধারী, শিশ্নোদরপরায়ণ, (আহারবিহারমাত্র সম্পাদনে কৃতার্থন্মন্য), তাহাদিগকে এই হঠযোগবিদ্যা প্রদান করিবে না। যোগচিন্তা মণিকাব লিখিয়াছেন যে, যদিও পৌরাণিক বচনে এই হঠযোগ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও স্ত্রী, শূদ্র ইহাদিগের পাবন বলিয়া উক্ত আছে; সুতরাং প্রাণিমাত্রেরই হঠযোগে অধিকার জানা যায়, তথাপি সংসার বিরক্তেরই মোক্ষফল হইয়া থাকে, অতএব তাহাদিগেরই যোগশাস্ত্রে অধিকার জানিবে। বায়ুসংহিতায় লিখিত আছে যে, যাহার মন বিষয়েতে বিরক্ত, তাহারই এই হঠযোগে অধিকার আছে, তদ্ভিন্ন ব্যক্তির যোগে অধিকার নাই। সুরেশ্বরাচার্য্য বলেন যে, যে ব্যক্তির ইহকালে বা পরকালে ভোগাভিলাষ নাই এবং যিনি সংসার পরিত্যাগে সমুৎসুক, এবম্ভূত ব্যক্তির যদি ব্রহ্মবিজ্ঞানে ইচ্ছা থাকে, তাহাহইলে সেই ব্যক্তিকেই এই যোগের অধিকারী পাত্র জানিতে হইবে ॥ ১১ ॥

এইক্ষণ হঠযোগ সাধনের স্থান নিরূপণ করিতেছেন।—যে দেশে কি রাজা, কি প্রজা সকলই সুশীল, সর্ব্বদা ধর্ম্মানুষ্ঠান আছে, ভক্ষ্য দ্রব্য দুর্লভ

ধনুঃপ্রমাণপর্য্যন্তং শিলাগ্নিজলবর্জ্জিতে।
একান্তে মঠিকামধ্যে স্থাতব্যং হঠযোগিনা ॥ ১২ ॥

ভাবো বা রাজ্যং তচ্ছোভনং যস্মিন্ ন স্থরাজ্যস্তস্মিন্ স্থরাজ্যে। যথা রাজা তথা প্রজেতি মহদুক্তেঃ। রাজ্ঞঃ শোভনত্বাৎ প্রজানামপি শোভনত্বং সূচিতং। ধার্ম্মিকে ধর্ম্মবতি অনেন হঠাভ্যাসিনোঽনুকূলাহারাদিলাভঃ সূচিতঃ। সুভিক্ষ ইত্যনেনানায়াসেন তল্লাভঃ সূচিতঃ। নিরুপদ্রবে চৌরব্যাঘ্রাদ্যুপদ্রবরহিতে। এতেন দেশস্য দীর্ঘকালবাসযোগ্যতা সূচিতা। ধনুষঃ প্রমাণং ধনুঃপ্রমাণং চতুর্হস্তমাত্রঃ তৎপর্য্যন্তং শিলাগ্নিজলবর্জ্জিতে শিলা প্রস্তরঃ অগ্নির্ব্বহ্নিঃ জলং তোয়ং তৈর্ব্বর্জ্জিতে রহিতে। যত্রাসনং ততশ্চতুর্হস্তমাত্রে শিলাগ্নিজলানি ন স্যুরিত্যর্থঃ। তেন শীতোষ্ণবিকারাভাবঃ সূচিতঃ। একান্তে বিজনে। অনেন জনসমাগমাভাবাৎকলহাদ্যভাবঃ সূচিতঃ। জনসম্বন্ধে তু কলহাদিকং স্যাদেব। তদুক্তং ভাগবতে বাসে বহুনাং কলহো ভবেদ্বার্ত্তা দ্বয়োরপীতি। তাদৃশে মঠিকামধ্যে। অল্পো মঠো মঠিকা অল্পীয়সি কন্ তস্যাঃ মধ্যে হঠযোগিনা হঠাভ্যাসী যোগী হঠযোগী তেন। শাকপার্থিবাদিবৎসমাসঃ স্থাতব্যং স্থাতুং যোগ্যং। মঠিকামধ্য ইত্যনেন শীতাতপাদিজনিতক্লেশাভাবঃ সূচিতঃ। অত্র যুক্তাহারবিহারেণ হঠযোগস্য সিদ্ধয়ে। ইত্যর্থং কেনচিৎক্ষিপ্তত্বান্নব্যাখ্যাতং। মূলশ্লোকানামেব ব্যাখ্যানং। এবমগ্রেঽপি যে ময়া ন

নহে এবং চৌরব্যাঘ্রাদির উপদ্রব নাই, সুখস্বচ্ছন্দে বহুকাল বাস করা যাইতে পারে, সেই দেশের মধ্যে কোন নির্জ্জন প্রদেশে ক্ষুদ্র মঠমধ্যে উপবেশন করিয়া হঠযোগী যোগসাধন করিবে, যেস্থান হঠযোগীর অভিপ্রেত, তাহার চতুর্দ্দিকে চারিহস্ত প্রমাণ স্থানের মধ্যে শিলা অগ্নি ও জল থাকিবে না, অর্থাৎ যেস্থলে শীতোষ্ণাদিতে ক্লেশ জন্মাইতে না পারে, এইরূপ স্থানই হঠযোগীরা মনোনীত করিয়া লইবে। ভাগবতে লিখিত আছে যে, যেস্থানে বহুজন সমাগম আছে, সেই স্থানে কলহ হইয়া থাকে, সেই কলহ হঠযোগের ব্যাঘাত জন্মাইতে পারে, এই নিমিত্তই হঠযোগসাধনে

অল্পদ্বারমরন্ধ্রগর্ত্তবিবরং নাত্যুচ্চনীচায়তং
সম্যগ্‌গোময়সান্দ্রলিপ্তমমলং নিঃশেষজন্তূজ্‌ঝিতং।

ব্যাখ্যাতাঃ শ্লোকা হঠপ্রদীপিকায়ামুপলভ্যেরংস্তে সর্ব্বে ক্ষিপ্তা ইতি বোদ্ধব্যং ॥ ১২ ॥

অথ মঠলক্ষণমাহ। অল্পদ্বারমিতি অল্পদ্বারং যস্মিংস্তত্তদ্দেশং। রন্ধ্রো-গবাক্ষাদিঃ গর্ত্তো নিম্নপ্রদেশঃ বিবরো মূষকাদিবিলং তে ন সন্তি যস্মিং-স্তত্তদ্দেশং। অত্যুচ্চঞ্চ তন্নীচং চাত্যুচ্চনীচং তচ্চ তদায়তং চাত্যুচ্চনীচা-য়তং। বিশেষণং বিশেষ্যেণ বহুলমিত্যত্র বহুলগ্রহণাদ্বিশেষণানাং কর্ম্ম ধারয়ঃ। ননূচ্চনীচায়তশব্দানাং ভিন্নার্থকানাং কথং কর্ম্মধারয়ঃ। তৎ-পুরুষঃ সমানাধিকরণঃ কর্ম্মধারয় ইতি তল্লক্ষণাদিতি চেন্ন। মঠে তেষাং সামানাধিকরণ্যাসম্ভবাৎ। ন চাত্যুচ্চনীচায়তং নাত্যুচ্চনীচায়তং ন শব্দেন সমাসান্নলোপাভাবঃ নেতি পৃথক্‌পদং বা। অত্যুচ্চে আরোহণে শ্রমঃ স্যাদতিনীচেঽবরোহণে শ্রমো ভবেৎ। অত্যায়তে দূরং দৃষ্টির্গচ্ছে-ত্তন্নিরাকরণার্থমুক্তং নাত্যুচ্চনীচায়তমিতি। সম্যক্ সমীচীনতয়া গোময়েন গোপুরীষেণ সান্দ্রং যথা ভবতি তথা লিপ্তং। অমলং নির্ম্মলং নিঃশেষা নিখিলা যে জন্তবো মশকমৎকুণাদ্যাস্তৈরুজ্‌ঝিতং ত্যক্তং রহিতং বাহ্যে

নির্জ্জন স্থানই বিধেয়। অনাবৃত স্থানে শীতবাতাদির ক্লেশ হইতে পারে, এই হেতু মঠমধ্যে যোগসাধনই প্রশস্ত ॥ ১২ ॥

এইক্ষণ হঠযোগসাধনে মঠলক্ষণ বলিতেছেন।—মঠের দ্বার অতি অল্পায়তন হওয়া আবশ্যক তাহাতে গবাক্ষাদি থাকিবে না, মঠ অতি উচ্চ হইলে তাহাতে আরোহণ এবং অতি নিম্ন হইলে তাহাতে অবরোহণে সমধিক পরিশ্রম হয়। এই নিমিত্ত সমভূমিতে মঠ করিবে, অতি উচ্চ বা অতি নিম্নস্থানে মঠ করিবে না। সেই মঠ অল্পায়তন হওয়া উচিত তাহাতে মুষিকাদির গর্ত্ত থাকিবে না। মঠমধ্যে সম্যক্‌রূপে গাঢ় করিয়া গোময়দ্বারা লেপন করিবে, তাহাতে কোনরূপ মলসম্পর্ক থাকিবে না এবং তাহাতে যেন অন্য কোন জন্তুর অবস্থান না থাকে, এইরূপ করিয়া লইবে। মঠের বাহ্য-

বাহ্যে মণ্ডপবেদিকূপরুচিরং প্রাকারসংবেষ্টিতং
প্রোক্তং যোগমঠস্য লক্ষণমিদং সিদ্ধৈর্হঠাভ্যাসিভিঃ ॥১৩॥

মঠাদ্বহিঃপ্রদেশে মণ্ডপঃ শালাবিশেষঃ বেদিঃ পরিষ্কৃতা ভূমিঃ কূপো জলাশয়বিশেষঃ তৈ রুচিরং রমণীয়ং প্রাকারেণ বরণেন সম্যগ্বেষ্টিতং পরিতো ভিত্তিযুক্তমিত্যর্থঃ। হঠাভ্যাসিভিঃ হঠযোগাভ্যসনশীলৈঃ সিদ্ধৈঃ। ইদং পূর্ব্বোক্তমল্পদ্বারাদিকং যোগমঠস্য লক্ষণং স্বরূপং প্রোক্তং কথিতং। নন্দিকেশ্বরপুরাণে ত্বেবং মঠলক্ষণমুক্তং। মন্দিরং রম্যবিন্যাসং মনোজ্ঞং গন্ধবাসিতং। ধূপামোদাদিসুরভি কুসুমোৎকরমণ্ডিতং। মুনিতীর্থনদীবৃক্ষপদ্মিনীশৈলশোভিতং। চিত্রকর্ম্মনিবদ্ধং চ চিত্রভেদবিচিত্রিতং। কুর্য্যাদ্‌যোগগৃহং ধীমান্ সুরম্যং শুভবর্ত্মনা। দৃষ্ট্বা চিত্রগতাঞ্ছান্তান্মুনীন্ যাতি মনঃ শমং। সিদ্ধান্ দৃষ্ট্বা চিত্রগতান্মতিরভ্যুদ্যমে ভবেৎ। মধ্যে যোগগৃহস্যাথ লিখেৎ সংসারমণ্ডলং। শ্মশানং চ মহাঘোরং নরকাংশ্চ লিখেৎক্বচিৎ। তান্ দৃষ্ট্বা ভীষণাকারান্ সংসারে সারবর্জ্জিতে। অনবসাদো ভবতি যোগী সিদ্ধ্যভিলাষুকঃ। পশ্যংশ্চ ব্যাধিতান্ জন্তূন্মতান্মত্তাংশ্চলদ্‌ব্রণান্ ॥ ১৩ ॥

দেশে মণ্ডপ, বেদি ও কূপদ্বারা পরিশোভিত করিবে এবং চতুর্দ্দিকে প্রাচীরদ্বারা বেষ্ঠন করিতে হইবে। হঠযোগাভ্যাস তৎপর যোগীরা উক্তরূপ মঠলক্ষণ নিরূপণ করিয়াছেন। নন্দিকেশ্বরপুরাণে লিখিত আছে যে, অতি মনোহর করিয়া মঠ প্রস্তুতকরিবে, তাহা সৌগন্ধামোদিত, ধূপাদিদ্বারা সুরভীকৃত এবং কুসুমমালায় সুসজ্জিত করিয়া লইতে হইবে। ঐ মন্দিরের চতুষ্পার্শ্বে তীর্থ, নদী, বৃক্ষ, পদ্ম এবং পর্ব্বতাদিদ্বারা পরিশোভিত করিবে। তাহা যেন নানাবিধ চিত্র কর্ম্মদ্বারা সুচিত্রিত হয়। যোগমন্দির সর্ব্বপ্রকারেই রমণীয় হইবে, কিন্তু উহার পথ অতি গুপ্ত থাকা কর্ত্তব্য। মনোহর মন্দির দর্শন করিলে মুনিগণের চিত্তের শান্তি হয় এবং সিদ্ধপুরুষেরা দর্শন করিলে তাহাদিগের জ্ঞানোৎপন্ন হইয়া থাকে এই নিমিত্তই যোগমন্দির সুসজ্জিত ও মনোরম করিয়া প্রস্তুত করিবে। ঐ

এবম্বিধে মঠে স্থিত্বা সর্ব্বচিন্তাবিবর্জ্জিতঃ।
গুরূপদিষ্টমার্গেণ যোগমেব সমভ্যসেৎ ॥ ১৪ ॥

মঠলক্ষণমুক্ত্বা মঠে যৎকর্ত্তব্যং তদাহ এবম্বিধ ইতি। এবং পূর্ব্বোক্তা বিধা প্রকারো যস্য স তথা পূর্ব্বোক্তলক্ষণ ইত্যর্থঃ। তস্মিন্ স্থিত্বা স্থিতিং কৃত্বা সর্ব্বা যাশ্চিন্তাস্তাভির্ব্বিশেষেণ বর্জ্জিতো রহিতোঽশেষচিন্তারহিতঃ। গুরুণোপদিষ্টো যো মার্গঃ হঠাভ্যাসপ্রকারস্তেন সদা নিত্যং যোগমেবাভ্যসেৎ। এবশব্দেনাভ্যাসান্তরস্য যোগে বিঘ্নকরত্বং সূচিতং। তদুক্তং যোগবীজে—মরুজ্জয়ো যস্য সিদ্ধস্তং সেবেত গুরুং সদা। গুরুবক্ত্রপ্রসাদেন কুর্য্যাৎ প্রাণজয়ং বুধঃ। রাজযোগে—বেদান্ততর্কোক্তিভিরাগমৈশ্চ নানাবিধৈঃ শাস্ত্রকদম্বকৈশ্চ। ধ্যানাদিভিঃ সৎকরণৈর্ন গম্যশ্চিন্তামণিরেকগুরুং বিহায়। স্কন্দপুরাণে—আচার্য্যাদ্যোগসর্ব্বস্বমবাপ্য

যোগমন্দিরের মধ্যে মণ্ডল লিখিবে এবং কোন কোন স্থানে ভয়ঙ্কর শ্মশান এবং ঘোরতর নরক চিত্রিত করিতে হইবে। এইরূপ করিলে সাধারণ জন্তুগণ সেই স্থানে গমন করিতে পারে না ॥ ১৩ ॥

পূর্ব্বোক্ত লক্ষণান্বিত মন্দির মধ্যে অবস্থিতিপূর্ব্বক সর্ব্বপ্রকার বৈষয়িক চিন্তা পরিত্যাগ করিয়া গুরূপদিষ্ট নিয়মানুসারে যোগ অভ্যাস করিবে। যোগাভ্যাস কালে অন্য কোন কার্য্য করিবে না, যেহেতু যোগ সাধন কালে অন্য কার্য্যে আশক্ত থাকিলে যোগসিদ্ধির ব্যাঘাত হইতে পারে। যোগবীজ শাস্ত্রে লিখিত আছে যে, যাহার বায়ুবিজয় সিদ্ধ হইয়াছে, সেই গুরুর সেবা করিবে, কারণ সেই গুরুর প্রসাদেই পণ্ডিতগণ প্রাণ জয় করিতে পারেন। রাজযোগে লিখিত আছে যে, সদ্গুরুর উপদেশ ব্যতিরেকে বেদান্তবাক্য, তার্কিকযুক্তি, আগমশাস্ত্র, অন্যান্য বিবিধশাস্ত্র ও ধ্যানাদি কারণে চিন্তামণি পরমাত্মাকে কেহ জানিতে পারে না। স্কন্দপুরাণ বচনে জানা যায় যে, প্রশান্তচিত্ত ব্যক্তি আচার্য্যের নিকট যোগসাধনপ্রণালী শিক্ষা করিয়া যথোক্ত নিয়মে কার্য্য করিলে যোগসিদ্ধ হইয়া নির্বৃত্তি লাভ করিতে পারে। সুরেশ্বরাচার্য্য

অত্যাহারঃ প্রয়াসশ্চ প্রজল্পো নিয়মগ্রহঃ।
জনসঙ্গশ্চ লৌল্যঞ্চ ষড়্ভির্যোগো বিনশ্যতি ॥ ১৫ ॥

স্থিরধীঃ স্বয়ং। যথোক্তং লভতে তেন প্রাপ্নোত্যপি চ নির্বৃতিং। সুরে-শ্বরাচার্য্যঃ—গুরুপ্রসাদাল্লভতে যোগমষ্টাঙ্গসংযুতং। শিবপ্রসাদাল্লভতে যোগসিদ্ধিঞ্চ শাশ্বতীং। শ্রুতিশ্চ—যস্য দেবে পরা ভক্তির্যথাদেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মন ইতি। আচার্য্যবান্ পুরুষো বেদেতি চ ॥ ১৪ ॥

অথ যোগাভ্যাসপ্রতিবন্ধকানাহ। অত্যাহার ইতি—অতিশয়িত আহারোঽত্যাহারঃ ক্ষুধাপেক্ষয়াধিকভোজনং। প্রয়াসঃ শ্রমজননানুকূলো ব্যাপারঃ প্রকৃষ্টোজল্পঃ প্রজল্পো বহুভাষণং। শীতোদকেন প্রাতঃস্নাননক্ত-ভোজনফলাহারাদিরূপানিয়মস্য গ্রহণং নিয়মগ্রহঃ। জনানাং সঙ্গো জন-সঙ্গঃ। কামাদিজনকত্বাৎ। লোলস্য ভাবঃ লৌল্যং চাঞ্চল্যং। ষড়্ভির-ত্যাহারাদিভিরভ্যাসপ্রতিবন্ধাৎ। যোগো বিনশ্যতি বিশেষেণ নশ্যতি ॥১৫॥

বলেন, কেবল গুরুর প্রসাদেই অষ্টাঙ্গযোগ লাভ করা যায়। আর মহা-দেবের অনুগ্রহে যোগ সিদ্ধি করিতে পারে। শ্রুতিতে লিখিত আছে যে, যাহার দেবতা ও গুরুতে পরমা ভক্তি আছে, তাহার নিমিত্ত এইসকল কথিত হইল এবং মহাত্মা ব্যক্তিরাই ঐ সকল প্রকাশ করিয়া থাকেন। আর যে ব্যক্তি আচার্য্যবান, অর্থাৎ গুরুর নিকট যথাবিধি উপদেশ গ্রহণ করিয়াছেন, তিনি প্রকৃত তত্ত্ব জানিতে পারেন ॥ ১৪ ॥

এইক্ষণ যোগসাধনের প্রতিবন্ধক নিরূপণ করিতেছেন।—অত্যাহার, অর্থাৎ ক্ষুধাপেক্ষা অধিক ভোজন, পরিশ্রমজনককার্য্য, বহুভাষণ, নিয়ম-গ্রহ, অর্থাৎ প্রাতঃকালে শীতল জলে স্নান, রাত্রি ভোজন এবং ফলা-হারাদিরূপ নিয়ম পালন, বহুজনসংসর্গ, চাঞ্চল্য, এই ষড়্বিধ কারণে যোগ বিনষ্ট হয়। অত্যাহারাদি সকলই যোগের প্রতিবন্ধক ॥ ১৫ ॥

উৎসাহাৎ সাহসাদ্ধৈর্য্যাত্তত্ত্বজ্ঞানাচ্চ নিশ্চয়াৎ।
জনসঙ্গপরিত্যাগাৎ ষড়্ভির্যোগঃ প্রসিদ্ধ্যতি ॥ ১৬ ॥

অথ যমনিয়মাঃ।

অহিংসা সত্যমস্তেয়ং ব্রহ্মচর্য্যং ক্ষমা ধৃতিঃ।
দয়ার্জ্জবং মিতাহারঃ শৌচং চৈব যমা দশ ॥ ১ ॥

অথ যোগসিদ্ধিকারানাহ উৎসাহাদিতি। বিষয়প্রবণং চিত্তং নিরোৎস্যাম্যেবেত্যুদ্যম উৎসাহঃ। সাধ্যত্বাসাধ্যত্বে পরিভাব্য সহসা প্রবৃত্তিঃ সাহসং। যাবজ্জীবনং সেৎস্যত্যেবেত্যখেদো ধৈর্য্যং। বিষয়া মৃগতৃষ্ণাজলবদসন্তঃ ব্রহ্মৈব সত্যমিতি বাস্তবিকং জ্ঞানং তত্ত্বজ্ঞানং যোগানাং বাস্তবিকং জ্ঞানং বা। শাস্ত্রগুরুবাক্যেষু বিশ্বাসো নিশ্চয়ঃ শ্রদ্ধেতি যাবৎ। জনানাং যোগাভ্যাসপ্রতিকূলানাং যঃ সঙ্গস্তস্য পরিত্যাগাৎ। ষড়্ভিরেভির্যোগঃ প্রকর্ষেণাবিলম্বেন সিদ্ধ্যতীত্যর্থঃ ॥ ১৬ ॥

এইক্ষণ যোগসিদ্ধির উপায় বলিতেছেন, আমি বিষয়াশক্ত চিত্তকে নিরুদ্ধ করিব, এইরূপ উদ্যম, সাহস, অর্থাৎ সাধ্যাসধ্য বিবেচনা না করিয়া কার্য্যপ্রবৃত্তি। ধৈর্য্য, অর্থাৎ শীঘ্র সিদ্ধি হইল না বলিয়া কার্য্য ত্যাগ না করিয়া যাবজ্জীবন কার্য্য করিব, এইরূপ অধ্যবসায়। তত্ত্বজ্ঞান, অর্থাৎ বিষয় সকল মৃগতৃষ্ণিকাজলবৎ অনিত্য, কেবল ব্রহ্মই সত্য, এইরূপ জ্ঞান। নিশ্চয়, অর্থাৎ শাস্ত্র ও গুরু বাক্যে শ্রদ্ধা এবং যোগাভ্যাসের প্রতিকূল বহুজনসমাগম পরিত্যাগ, এই ষড়্বিধ কারণে শীঘ্র যোগসিদ্ধি হইয়া থাকে ॥ ১৬ ॥

অনন্তর যম ও নিয়ম কথিত হইতেছে, অহিংসা সত্যপালন, অস্তেয়, ব্রহ্মচর্য্য, ক্ষমা, ধৈর্য্য, দয়া, সরলতা, পরিমিতভোজন ও শৌচ এই দশ বিধ কার্য্য যমনামে বিখ্যাত ॥ ১ ॥

তপঃ সন্তোষ আস্তিক্যং দানমীশ্বরপূজনম্।
সিদ্ধান্তবাক্যশ্রবণং হ্রীমতী চ তপোহুতম্।
নিয়মা দশ সম্প্রোক্তা যোগশাস্ত্রবিশারদৈঃ ॥ ২ ॥
হঠস্য প্রথমাঙ্গত্বাদাসনং পূর্ব্বমুচ্যতে।
কুর্য্যাত্তদাসনং স্থৈর্য্যমারোগ্যং চাঙ্গলাঘবম্ ॥ ১৭ ॥

আদাবাসনকথনে সঙ্গতিং সামান্যতস্তৎফলং আহ হঠস্যেতি। হঠস্য আসনং কুম্ভকং চিত্রং মুদ্রাখ্যং করণং তথা। অথ নাদানুসন্ধানমিতি বক্ষ্যমাণানি চত্বার্য্যঙ্গানি। প্রত্যাহারাদিসমাধ্যন্তানাং নাদানুসন্ধানে-ঽন্তর্ভাবঃ। তন্মধ্যে আসনস্য প্রথমাঙ্গত্বাৎ পূর্ব্বমাসনমুচ্যত ইতি সম্বন্ধঃ। তদাসনস্থৈর্য্যং দেহস্য মনসশ্চাঞ্চল্যরূপরজোধর্ম্মনাশকত্বেন স্থিরতাং কুর্য্যাৎ। আসনেন রজো হন্তীতি বাক্যাৎ। আরোগ্যং চিত্তবিক্ষেপক রোগাভাবঃ। রোগস্য চিত্তবিক্ষেপকত্বমুক্তং পাতঞ্জলসূত্রে। ব্যাধি-স্ত্যানসংশয়প্রমাদালস্যাবিরতিভ্রান্তিদর্শনালব্ধভূমিকত্বানবস্থিতত্বানি চিত্ত-বিক্ষেপাস্তেঽন্তরায়া ইতি। অঙ্গানাং লাঘবং লঘুত্বং গৌরবরূপতমো-ধর্ম্মনাশকত্বমপ্যেতেনোক্তং। চকারাৎ ক্ষুদ্বৃদ্ধ্যাদিকমপি বোধ্যং ॥ ১৭ ॥

তপস্যা, সন্তোষ, ঈশ্বরে অস্তিত্ববোধ, দান, ঈশ্বরসেবা, সিদ্ধান্ত বাক্য শ্রবণ, লজ্জা, বুদ্ধি, তাপসহন ও হোম এই দশবিধ কার্য্যকে নিয়ম বলা যায় ॥ ২ ॥

আদিতে আসন কথনের সঙ্গতি ও সামান্যত তাহার ফল বলিতে-ছেন।—আসন, কুম্ভক, মুদ্রা ও নাদানুসন্ধান, এই চারিটি যোগাঙ্গ পরে কথিত হইবে, প্রত্যাহারাদি সমাধি পর্য্যন্ত নাদানুসন্ধানের অন্তর্ভূত। এই সকল যোগাঙ্গের মধ্যে আসনই প্রথমাঙ্গ, এই নিমিত্ত প্রথমেই আসন বলিতেছেন। আসনস্থৈর্য্য হইলে দেহ ও মনের চাঞ্চল্য নষ্ট হয়, অতএব আসনের স্থিরতা করিবে। আসন স্থির হইলে অঙ্গলাঘব হয় এবং অঙ্গলাঘব হইলে চিত্তবিক্ষেপকর রোগসকল বিনাশ পায়। পাতঞ্জলসূত্রেও

বশিষ্ঠাদ্যৈশ্চ মুনিভির্ম্মৎস্যেন্দ্রাদ্যৈশ্চ যোগিভিঃ।
অঙ্গীকৃতান্যাসনানি কথ্যন্তে কানিচিন্ময়া ॥ ১৮ ॥
জানূর্ব্বোরন্তরে সম্যক্কৃত্বা পাদতলে উভে।
ঋজুকায়ঃ সমাসীনঃ স্বস্তিকং তৎপ্রচক্ষতে ॥ ১৯ ॥

বশিষ্ঠাদিসম্মতাসনমধ্যে শ্রেষ্ঠানি ময়োচ্যন্ত ইত্যাহ। বশিষ্ঠাদ্যৈরিতি বশিষ্ঠ আদ্যো যেষাং যাজ্ঞবল্ক্যাদীনাং তৈর্ম্মুনিভির্ম্মননশীলৈঃ। চকারা-ন্মন্ত্রাদিপরৈঃ। মৎস্যেন্দ্র আদ্যো যেষাং জালন্ধরনাথাদীনাং তৈঃ। যোগিভিঃ হঠাভ্যাসিভিঃ। চকারান্মুদ্রাদিপরৈঃ। অঙ্গীকৃতানি চতুর-শীত্যাসনানি তন্মধ্যে কানিচিৎ শ্রেষ্ঠানি ময়া কথ্যন্তে। যদ্যপ্যুভয়োরপি মননহঠাভ্যাসৌ স্তস্তথাপি বশিষ্ঠাদীনাং মননং মুখ্যং মৎস্যেন্দ্রাদীনাং হঠাভ্যাসো মুখ্য ইতি পৃথগ্‌গ্রহণং ॥ ১৮ ॥

তত্র সুকরত্বাৎপ্রথমং স্বস্তিকাসনমাহ। জানূর্ব্বোরিতি। জানু চ উরুশ্চ। অত্র জানুশব্দেন জানুসন্নিহিতো জঙ্ঘাপ্রদেশো গ্রাহ্যঃ। জঙ্ঘো-র্ব্বোরিতি পাঠস্তু সাধীয়ান্। তয়োরন্তরে মধ্যে উভে পাদয়োস্তলে তল-প্রদেশৌ কৃত্বা ঋজুকায়ঃ সমকায়ঃ যত্র সমাসীনো ভবেত্তদাসনং স্বস্তিকং

রোগের চিত্তবিক্ষেপকতা উক্ত আছে। অঙ্গের গুরুতা থাকিলে তাহাতে তপোবিঘ্ন হইয়া থাকে ॥ ১৭ ॥

মননীল ও মন্ত্রাভিজ্ঞ বশিষ্ঠাদি মুনিগণ এবং হঠযোগ ও মুদ্রাভিজ্ঞ মৎস্যেন্দ্রাদি যোগিগণ চতুরশীতি প্রকাব আসন বর্ণন করিয়াছেন, আমি এইস্থলে সেই চতুরশীতি প্রকার আসনের মধ্যে স্বস্তিকপদ্মাসনপ্রভৃতি কতিপয় আসন কীর্ত্তন করিতেছি॥ ১৮ ॥

সর্ব্বপ্রকার আসনের মধ্যে স্বস্তিকাসন অতিসুকর, এই নিমিত্ত প্রথমে স্বস্তিকাসন কথিত হইতেছে।—এইস্থলে জানুশব্দে জঙ্ঘা বুঝিতে হইবে। জঙ্ঘা ও উরু এই উভয়ের মধ্যে উভয় পাদতল স্থাপন করিয়া সরল শরীরে উপবেশন করিবে। এই উপবেশনকে স্বস্তিকাসন বলিয়া থাকে। শ্রীধরস্বামী বলিয়াছেন, উরু ও জঙ্ঘান্তরে পাদদ্বয় স্থাপন করিয়া যোগীরা

সব্যে দক্ষিণগুল্‌ফং তু পৃষ্ঠপার্শ্বে নিযোজয়েৎ।
দক্ষিণেঽপি তথা সব্যং গোমুখং গোমুখাকৃতি ॥ ২০ ॥
একং পাদং তথৈকস্মিন্ বিন্যসেদুরুণি স্থিতম্।
ইতরস্মিংস্তথা চোরুং বীরাসনমিতীরিতম্ ॥ ২১ ॥
গুদং নিরুদ্ধ্য গুল্‌ফাভ্যাং ব্যুৎক্রমেণ সমাহিতঃ।

স্বস্তিকাখ্যং প্রচক্ষতে বদন্তি যোগিন ইতি শেষঃ। শ্রীধরেণোক্তং—উরু-জঙ্ঘান্তরাধায় প্রপদে জানুমধ্যগে। যোগিনো যদবস্থানং স্বস্তিকং তদ্বিদুর্বুধাঃ ॥ ১৯ ॥

গোমুখাসনমাহ সব্য ইতি। সব্যে বামে পৃষ্ঠস্য পার্শ্বে সম্প্রদায়াৎ কটেরধোভাগে দক্ষিণং গুল্‌ফং নিতরাং যোজয়েৎ। গোমুখস্যাকৃতির্যস্য তত্তাদৃশং গোমুখসংজ্ঞকমাসনং ভবেৎ। ২০ ॥

বীরাসনমাহ। একমিতি একং দক্ষিণং পাদং। তথা পাদপূরণে এক-স্মিন্ বামোরুণি স্থিতং বিন্যসেৎ। ইতরস্মিন্ বামে পাদে উরুং দক্ষিণং বিন্য-স্যেৎ। তদ্বীরাসনমিতীরিতং কথিতং ॥ ২১ ॥

কূর্ম্মাসনমাহ গুদমিতি। গুল্‌ফাভ্যাং গুদং নিরুদ্ধ্য নিয়ম্য ব্যুৎক্রমেণ

অবস্থান করিয়া থাকেন, এইরূপ অবস্থানকে যোগিগণ স্বস্তিকাসন নামে কীর্ত্তন করিয়া থাকেন ॥ ১৯ ॥

এইক্ষণ গোমুখাসন কহিতেছেন।—বাম পৃষ্ঠপার্শ্বে দক্ষিণ গুল্‌ফ এবং দক্ষিণ পৃষ্ঠ পার্শ্বে বাম গুল্‌ফ নিয়োজিত করিয়া উপবেশন করিবে, এই-রূপ উপবেশন করিলে গোমুখাকার হয়, অতএব উহাকে গোমুখাসন বলে। এই আসনে কটির অধোভাগে পৃষ্ঠপার্শ্বে গুল্‌ফ নিয়োগ কর্ত্তব্য ॥ ২০ ॥

অনন্তর বীরাসন কথিত হইতেছে।—দক্ষিণপাদ বাম উরুতে এবং বামপাদ দক্ষিণ উরুতে বিন্যাস করিয়া উপবেশন করিবে, এইরূপ উপ-বেশনকে বীরাসন বলা যায় ॥ ২১ ॥

এইক্ষণ কূর্ম্মাসন বলিতেছেন।—গুল্‌ফদ্বয় দ্বারা গুহ্যদ্বার নিরুদ্ধ

কূর্ম্মাসনং ভবেদেতদিতি যোগবিদো বিদুঃ ॥ ২২ ॥
পদ্মাসনন্তু সংস্থাপ্য জানূর্ব্বোরন্তরে করৌ।
নিবেশ্য ভূমৌ সংস্থাপ্য ব্যোমস্থং কুক্কুটাসনম্ ॥ ২৩ ॥
কুক্কুটাসনবন্ধস্থো দোর্ভ্যাং সম্বধ্য কন্ধরাম্।
ভবেৎ কূর্ম্মবদুত্তান এতদুত্তানকূর্ম্মকম্ ॥ ২৪ ॥

যত্র সম্যগাহিতঃ স্থিতো ভবেৎ। এতৎকূর্ম্মাসনং ভবেৎ ইতি যোগবিদো বিদুরিত্যন্বয়ঃ ॥ ২২ ॥

কুক্কুটাসনমাহ। পদ্মাসনং স্থিতি পদ্মাসনং তু উর্ব্বোরুপরি উত্তানচরণস্থাপনরূপং সম্যক্ স্থাপয়িত্বা। জানুপদেন জানুসন্নিহিতো জঙ্ঘাপ্রদেশঃ। তচ্চ উরুশ্চ জানুরু তয়োরন্তরে মধ্যে করৌ নিবেশ্য ভূমৌ সংস্থাপ্য। করাবিত্যত্রাপি সম্বধ্যতে। ব্যোমস্থং খস্থং পদ্মাসনসদৃশং যত্তৎকুক্কুটাসনং ॥ ২৩ ॥

উত্তানকূর্ম্মাসনমাহ। কুক্কুটাসনেতি কুক্কুটাসনস্য যো বন্ধঃ পূর্ব্বশ্লোকোক্তস্তস্মিন্ স্থিতঃ দোর্ভ্যাং বাহুভ্যাং কন্ধরাং গ্রীবাং সম্বধ্য কূর্ম্মবদুত্তানো যস্মিন্ ভবেদেতদাসনমুত্তানকূর্ম্মকং নাম ॥ ২৪ ॥

করিয়া সাবধানে পূর্ব্বের বিপরীত ক্রমে অবস্থিতি করিবে। এইরূপ অবস্থানকে যোগিগণ কূর্ম্মাসন বলিয়া কীর্ত্তন করেন ॥ ২২ ॥

অনন্তর কুক্কুটাসন নিরূপণ করিতেছেন।—উরুদ্বয়োপরি উত্তান চরণ স্থাপনরূপ পদ্মাসন বদ্ধ করিয়া উরু ও জানুর মধ্যে করদ্বয় প্রবেশন পূর্ব্বক সেই করদ্বয় ভূমিতে স্থান করিবে এবং সেই ভূমিস্থিত করদ্বয়ের উপরি নির্ভর করিয়া শূন্যে অবস্থান করিবে। এইরূপ অবস্থানকে কুক্কুটাসন বলা যায় ॥ ২৩ ॥

তৎপর উত্তান কুক্কুটাসন কথিত হইতেছে।—পূর্ব্বোক্ত কুক্কুটাসনে অবস্থিতি করিয়া বাহুদ্বয় দ্বারা গ্রীবাদেশকে আবদ্ধ করিবে। এইরূপ করিয়া কূর্ম্মের ন্যায় উত্তানভাবে অবস্থিত হইলে উত্তান কূর্ম্মাসন হইয়া থাকে ॥ ২৪ ॥

পাদাঙ্গুষ্ঠৌ তু পাণিভ্যাং গৃহীত্বা শ্রবণাবধি।
ধনুরাকর্ষণং কুর্য্যাদ্ধনুরাসনমুচ্যতে ॥ ২৫ ॥

বামোরুমূলার্পিতদক্ষপাদং
জানোর্ব্বহির্ব্বেষ্টিতবামপাদম্।
প্রগৃহ্য তিষ্ঠেৎ পরিবর্ত্তিতাঙ্গঃ
শ্রীমৎস্যনাথোদিতমাসনং স্যাৎ ॥ ২৬ ॥

ধনুরাসনমাহ পাদাঙ্গুষ্ঠৌ ত্বিতি। পাণিভ্যাং পাদয়োরঙ্গুষ্ঠৌ গৃহীত্বা শ্রবণাবধি কর্ণপর্য্যন্তং ধনুষ আকর্ষণং যথা ভবতি তথা কুর্য্যাৎ। গৃহীতাঙ্গুষ্ঠমেকং পাণিং প্রসারিতং কৃত্বা গৃহীতাঙ্গুষ্ঠমিতরং পাণিং কুর্য্যাদিত্যর্থঃ। এতদ্ধনুরাসনমুচ্যতে ॥ ২৫ ॥

মৎস্যেন্দ্রাসনমাহ। বামোরুমূলেঽর্পিতঃ স্থাপিতো যো দক্ষপাদঃ তং সংপ্রদায়াৎ পৃষ্ঠতোগতবামপাণিনা গুল্‌ফস্যোপরিভাগে পরিগৃহ্য। জানোর্দ্দক্ষিণপাদজানোর্ব্বহিঃপ্রদেশে বেষ্টিতো যো বামপাদস্তং বামপাদজানোর্ব্বহির্ব্বেষ্টিতদক্ষিণপাণিনাঙ্গুষ্ঠে প্রগৃহ্য। পরিবর্ত্তিতাঙ্গঃ বামভাগেন পৃষ্ঠতো মুখং যথা স্যাদেবং পরিবর্ত্তিতং পরাবর্ত্তিতমঙ্গং যেন স তথা তাদৃশো যত্র

এইক্ষণ ধনুরাসন বলিতেছেন।—উভয় হস্তদ্বারা উভয় পাদাঙ্গুষ্ঠ গ্রহণ করিয়া কর্ণ পর্য্যন্ত ধনুরাকার করিবে, এক এক হস্তে এক এক পাদাঙ্গুষ্ঠ ধারণ করিয়া হস্ত প্রসারণ পূর্ব্বক কর্ণ পর্য্যন্ত আকুঞ্চিত করিলেই ধনুরাসন হইয়া থাকে ॥ ২৫ ॥

অনন্তর মৎস্যেন্দ্রাসন কথিত হইতেছে।—বামোরু মূলে দক্ষিণ পাদ স্থাপন করিয়া পৃষ্ঠদেশ গত দক্ষিণ হস্তদ্বারা সেই দক্ষিণ পাদের গুল্‌ফের উপবিভাগে গ্রহণ করিবে, তৎপর দক্ষিণ পাদ জানুর বহিঃপ্রদেশে বামপাদ পরিবেষ্টিত করিয়া বাম পাদ জানুর বহিঃপ্রদেশে বেষ্টিত দক্ষিণ হস্তদ্বারা পূর্ব্ব পরিবেষ্টিত বামপাদের অঙ্গুষ্ঠ প্রদেশ গ্রহণপূর্ব্বক বামভাগে মুখ পরিবর্ত্তন করিয়া পৃষ্ঠদেশে স্থাপন করিবে। এইরূপে অবস্থিতি

মৎস্যেন্দ্রপীঠং জঠরপ্রদীপ্তিং
প্রচণ্ডরুগ্মণ্ডলখণ্ডনাস্ত্রম্।
অভ্যাসতঃ কুণ্ডলিনীপ্রবোধং
চন্দ্রস্থিরত্বঞ্চ দদাতি পুংসাম্॥ ২৭॥

তিষ্ঠেৎ স্থিতিং কুর্য্যাত্তদাসনং মৎস্যেন্দ্রনাথোদিতং কথিতং স্যাৎ। তদুদিতত্বাত্তন্নামকমেব বদন্তি। এবং দক্ষোরুমূলার্পিতবামপাদং পৃষ্ঠতোগতদক্ষিণপাণিনা প্রগৃহ্য বামজানোর্ব্বহির্ব্বেষ্টিতদক্ষপাদং দক্ষিণপাদজানোর্ব্বহির্ব্বেষ্টিতবামপাণিনা প্রগৃহ্য দক্ষভাগেন পৃষ্ঠতো মুখং যথা স্যাদেবং পরিবর্ত্তিতাঙ্গশ্চাভ্যসেৎ॥ ২৬॥

মৎস্যেন্দ্রাসনস্য ফলমাহ। মৎস্যেন্দ্রেতি প্রচণ্ডং দুঃসহং রুজাং রোগাণাং মণ্ডলং সমূহঃ তস্য খণ্ডনে ছেদনে অস্ত্রমস্ত্রমিব তাদৃশং মৎস্যেন্দ্রপীঠং মৎস্যেন্দ্রাসনং। অভ্যাসতঃ প্রত্যহমাবর্ত্তনরূপাদভ্যাসাৎ পুংসাং জঠরস্য জঠরাগ্নেঃ প্রকৃষ্টাং দীপ্তিং বৃদ্ধিং দদাতি। তথা কুণ্ডলিন্যা আধারশক্তেঃ প্রবোধং নিদ্রাভাবং তথা চন্দ্রস্য তালুন উপরিভাগে স্থিতস্য নিত্যং ক্ষরতঃ স্থিরত্বং ক্ষরণাভাবং চ দদাতীত্যর্থঃ॥ ২৭॥

করিলে যে আসন হয়, তাহাকে মৎস্যেন্দ্রাসন কহে। মৎস্যেন্দ্রনাথ এই আসন প্রকাশ করিয়াছিলেন, এইহেতু ইহাকে মৎস্যেন্দ্রাসন বলা যায়। এইরূপে দক্ষিণোরুমূলে বামপাদ স্থাপন করিয়া পৃষ্ঠদেশগত বামহস্তদ্বারা সেই বাম পাদের গুল্ফের উপরিভাগ গ্রহণ করিবে এবং বামপাদ জানুর বহিঃপ্রদেশে দক্ষিণপাদ পরিবেষ্টিত করিয়া দক্ষিণপাদ জানুর বহিঃপ্রদেশে পরিবেষ্টিত বামহস্তদ্বারা পূর্ব্ব পরিবেষ্টিত দক্ষিণপাদের অঙ্গুষ্ঠ প্রদেশ গ্রহণপূর্ব্বক দক্ষিণভাগে মুখ পরিবর্ত্তন করিয়া পৃষ্ঠদেশে স্থাপন করিবে॥ ২৬॥

এইক্ষণ মৎস্যেন্দ্রাসনের ফল কথিত হইতেছে।—পূর্ব্বোক্ত মৎস্যেন্দ্রাসন প্রতিদিন অভ্যাস করিলে জঠরাগ্নি প্রদীপ্ত হয়, দুঃসহ প্রচণ্ড রোগসমূহ শীঘ্র বিনাশ পায়, কুণ্ডলিনী, অর্থাৎ আধার শক্তির প্রবোধ হয়,

প্রসার্য্য পাদৌ ভুবি দণ্ডরূপৌ
দোর্ভ্যাং পদাগ্রদ্বিতয়ং গৃহীত্বা।
জানূপরিন্যস্তললাটদেশো
বসেদিদং পশ্চিমতানমাহুঃ ॥ ২৮ ॥
ইতি পশ্চিমতানমাসনাগ্র্যং
পবনং পশ্চিমবাহিনং করোতি।
উদয়ং জঠরানলস্য কুর্য্যা-
দুদরে কার্য্যমরোগতাঞ্চ পুংসাম্ ॥ ২৯ ॥

পশ্চিমতানাসনমাহ। প্রসার্য্যেতি। ভুবি ভূমৌ দণ্ডরূপৌ দণ্ডস্য রূপমিব রূপং যয়োস্তৌ দণ্ডাকারৌ শ্লিষ্টগুল্ফৌ প্রসার্য্য প্রসারিতৌ কৃত্বা দোর্ভ্যামাকুঞ্চিততর্জ্জনীভ্যাং ভুজাভ্যাং পদোঃ পাদয়োশ্চাগ্রে অগ্রভাগৌ তয়োর্দ্বিতয়ং দ্বয়মঙ্গুষ্ঠপ্রদেশযুগ্মং বলাদাকর্ষণপূর্ব্বকং যথা জান্বোর্ভাগস্য ভূম্যুত্থানং ন স্যাত্তথা গৃহীত্বা জানোরুপরি ন্যস্তো ললাটদেশো যেন তাদৃশো যত্র বসেৎ। ইদং পশ্চিমতাননামকমাসনমাহুঃ ॥ ২৮ ।

অথ তৎফলং ইতীতি। ইতি পূর্ব্বোক্তমাসনেষ্বগ্র্যং মুখ্যং পশ্চিমতানং পবনং প্রাণং পশ্চিমবাহিনং পশ্চিমেন পশ্চিমমার্গেণ সুষুম্নামার্গেণ বহ-

---

কখনও তাহার নিদ্রাভাব উপস্থিত হয় না এবং চন্দ্র যে তালুর উপরি-ভাগস্থিত হইয়া সর্ব্বদা অমৃতক্ষরণ করিতেছেন, তাহার নিবারণ হয় ॥ ২৭ ॥

অনন্তর পশ্চিমতানাসন কহিতেছেন।—ভূমিতে পাদদ্বয়কে দণ্ডাকারে স্থাপন করিয়া বাহুদ্বয়ের তর্জ্জনীদ্বয় আকুঞ্চিত করিয়া তদ্দ্বারা পাদদ্বয়ের অগ্রভাগ, অর্থাৎ অঙ্গুষ্ঠদ্বয় ধারণ করিবে এবং জানুর উপরি ললাটদেশ স্থাপন করিতে হইবে। এইরূপ আসনকে পশ্চিমতান নামক আসন বলে ॥ ২৮ ॥

এইক্ষণ উক্ত পশ্চিমতাননামক আসনের ফল কথিত হইতেছে।—উক্ত পশ্চিমতান নামক আসন অভ্যাস করিলে তাহার প্রাণবায়ু পশ্চিম-

ধরামবষ্টভ্য করদ্বয়েন
তৎকূর্পরস্থাপিতনাভিপার্শ্বঃ।
উচ্চাসনো দণ্ডবদুত্থিতঃস্যা-
ন্মায়ূরমেতৎ প্রবদন্তি পীঠম্ ॥ ৩০ ॥
হরতি সকলরোগানাশু গুল্মোদারদী

তীতি পশ্চিমবাহী তং তাদৃশং করোতি। জঠরানলস্য জঠরে যোঽনলো-ঽগ্নিস্তস্যোদয়ং বৃদ্ধিং কুর্য্যাৎ। উদরে মধ্যপ্রদেশে কার্শ্যং কৃশত্বং কুর্য্যাৎ অরোগতামারোগ্যং চকারান্নাড়ীবলনাদিসাম্যং কুর্য্যাৎ ॥ ২৯ ॥

অথ মায়ূরাসনমাহ ধরামিতি। করদ্বয়েন করয়োর্দ্বয়ং যুগ্মং তেন ধরাং ভূমিং অবষ্টভ্যাবলম্ব্য প্রসারিতাঙ্গুলী ভূমিসংলগ্নতলৌ সন্নিহিতৌ করৌ কৃত্বেত্যর্থঃ। তস্য করদ্বয়স্য কূর্পরয়োর্ভুজমধ্যসন্ধিভাগযোঃ স্থাপিতে ধৃতে নাভেঃ পার্শ্বে পার্শ্বভাগৌ যেন সঃ। উচ্চাসন উচ্চমুন্নতমাসনং যস্য তাদৃশঃ যে শূন্যে দণ্ডবদ্দণ্ডেন তুল্যমুত্থিত উর্দ্ধং স্থিতো যত্র ভবতি। তন্মায়ূরং ময়ূরস্যেদং তৎসম্বন্ধিত্বাত্তন্নামকং প্রবদন্তি যোগিন ইতি শেষঃ ॥ ৩০ ॥

ময়ূরাসনগুণানাহ হরতীতি। গুল্মো রোগবিশেষঃ উদরং জলো-দরং তে আদী যেষাং প্লীহাদীনাং তে তথা তান্ সকলরোগান্ সকলা যে

বাহী, অর্থাৎ সুষুম্নামার্গে প্রবাহিত হইতে থাকে। উদরস্থ অগ্নির বৃদ্ধি হয়, উদরের মধ্যভাগ কৃশ হইয়া থাকে এবং সর্ব্বপ্রকার রোগ বিনাশ পায় ॥ ২৯ ॥

অনন্তর মায়ূরাসন বলিতেছেন।—উভয় হস্তের অঙ্গুলিপ্রসারণপূর্ব্বক তদ্দ্বারা ভূমি অবলম্বন করিয়া সেই করদ্বয়ের কূর্পর, অর্থাৎ হস্তের মধ্য সন্ধিভাগ নাভির পার্শ্বদ্বয়ে স্থাপন করিবে এবং দণ্ডবৎ উত্থিত হইয়া উচ্চাসনস্থ হইবে। এইরূপ আসনকে যোগিরা মায়ূরাসন বলিয়া থাকেন ॥ ৩০ ॥

এইক্ষণ মায়ূরাসনের ফল কথিত হইতেছে।—উক্ত মায়ূরাসন অভ্যাস করিলে গুল্ম, জলোদর, প্লীহা প্রভৃতি সর্ব্বপ্রকার উদর রোগ শীঘ্র বিনষ্ট

নভিভবতি চ দোষানাসনং শ্রীময়ূরম্।
বহু কদশনভুক্তং ভস্ম কুর্য্যাদশেষং
জনয়তি জঠরাগ্নিং জারয়েৎকালকূটম্ ॥ ৩১ ॥
উত্তানং শববদ্ভূমৌ শয়নং তচ্ছবাসনম্।
শবাসনং শ্রান্তিহরং চিত্তবিশ্রান্তিকারকম্॥ ৩২ ॥
চতুরশীত্যাসনানি শিবেন কথিতানি চ।

রোগান্তানাশু ঝটিতি হরতি নাশয়তি। শ্রীময়ূরমাসনমিতি সর্ব্বত্র সম্বধ্যতে। দোষান্ বাতপিত্তকফানালস্যদীংশ্চাভিভবতি তিরস্করোতি। বহ্বতি-শয়িতং কদশনং কদন্নং যদ্ভুক্তং তদশেষং সমস্তং ভস্ম কুর্য্যাৎ পাচয়েদি-ত্যর্থঃ। জঠরাগ্নিং জঠরানলং জনয়তি প্রাদুর্ভাবয়তি। কালকূটং বিষং কালকূটবদপকারকান্নং পরস্তং জারয়েজ্জীর্ণং কুর্য্যাৎ পাচয়েদিত্যর্থঃ ॥ ৩১ ॥

শবাসনমাহার্দ্ধেন উত্তানমিতি। শবেন মৃতশরীরেণ তুল্যং শববদুত্তানং ভূমিসংলগ্নং পৃষ্ঠং যথা স্যাত্তথা শয়নং নিদ্রায়ামিব সন্নিবেশো যত্তচ্ছবাসনং শবাখ্যমাসনং। শবাসনপ্রয়োজনমাহ উত্তরার্দ্ধেন শবাসনং শ্রান্তিহরং হঠা-ভ্যাসশ্রমং হরতীতি শ্রান্তিহরং। চিত্তস্য বিশ্রান্তির্বিশ্রামস্তস্যাঃ কারকং ॥৩২॥

বক্ষ্যমাণাসনচতুষ্টয়স্য শ্রেষ্ঠত্বং বদন্নাহ চতুরশীতি। শিবেনেশ্বরেণ

হয়, বাতপিত্তকফদোষ বিনাশ পায়, সাধকের শরীরে আলস্য থাকে না। আর ময়ূরাসনবান্ ব্যক্তি বহু পরিমাণে কদন্ন ভোজন করিলেও তাহা ভস্মীভূত, অর্থাৎ সম্যক পাক হইয়া থাকে ; জঠরাগ্নির প্রাদুর্ভাব বৃদ্ধি পায়, এমন কি সেই ব্যক্তি কালকূট, অর্থাৎ বিষবৎ অনিষ্টকর দ্রব্য ভোজন করিলেও তাহা জীর্ণ হইয়া যায় ॥ ৩১ ॥

অনন্তর শবাসন কথিত হইতেছে।—ভূতলে শবের ন্যায় উত্তানভাবে শয়ন করিয়া থাকিবে, এইরূপ করিলে তাহাকে শবাসন বলা যায়। এই শবাসন সাধন করিলে হঠযোগ সাধনে যে পরিশ্রম হয়, তাহার নিবারণ হইয়া থাকে এবং চিত্তও বিশ্রাম সুখলাভ করিতে থাকে ॥ ৩২ ॥

বক্ষ্যমাণ আসন চতুষ্টয়ের শ্রেষ্ঠতা দেখাইতেছেন।—শিব চতুরশীতি

তেভ্যশ্চতুষ্কমাদায় সারভূতং ব্রবীম্যহম্ ॥ ৩৩ ॥
সিদ্ধং পদ্মং তথা সিংহং ভদ্রং চেতি চতুষ্টয়ম্।
শ্রেষ্ঠং তত্রাপি চ সুখে তিষ্ঠেৎ সিদ্ধাসনে সদা ॥ ৩৪ ॥

চতুরধিকাশীতিসংখ্যকান্যাসনানি কথিতানি চকারাচ্চতুরশীতিলক্ষাণি চ। তদুক্তং গোরক্ষনাথেন। আসনানি চ তাবন্তি যাবন্ত্যো জীবজাতয়ঃ। এতেষামখিলান্ ভেদান্ বিজানাতি মহেশ্বরঃ। চতুরশীতিলক্ষাণি একৈকং সমুদাহৃতং। ততঃ শিবেন পীঠানাং ষোড়শোনং শতং কৃতমিতি। তেভ্যঃ শিবোক্তং চতুরশীতিলক্ষাসনানাং মধ্যে প্রশস্তানি যানি চতুরশীত্যাসনানি তেভ্য আদায় গৃহীত্বা সারভূতং শ্রেষ্ঠভূতং চতুষ্কমহং ব্রবীমিত্যন্বয়ঃ ॥ ৩৩ ॥

তদেব চতুষ্কং নাম্না নির্দ্দিশতি সিদ্ধমিতি। সিদ্ধং সিদ্ধাসনং পদ্মং পদ্মাসনং সিংহং সিংহাসনং ভদ্রং ভদ্রাসনং ইতি চতুষ্টয়ং শ্রেষ্ঠমতিশয়েন প্রশস্তং। তত্রাপি চতুষ্টয়ে সুখে সুখকরে সিদ্ধাসনে সদা তিষ্ঠেৎ। এতেন সিদ্ধাসনং চতুষ্টয়েপ্যুৎকৃষ্টমিতি সূচিতং ॥ ৩৪ ॥

সংখ্যক আসন বলিয়াছেন। পরন্তু শিবোক্ত চতুরশীতিলক্ষসংখ্যক আসনেরও প্রমাণ আছে। গোরক্ষ বলিয়াছেন, জগতে যত সংখ্যক জীব আছে, আসনসংখ্যাও তত জানিবে। কেবল শিবই ঐ সকল আসনের ভেদ জানেন। ক্রমত যে চতুরশীতি লক্ষপ্রকার আসন কথিত হইয়াছে, তন্মধ্যে শিবোক্ত চতুরশীতিসংখ্যক আসন প্রশস্ত এবং উক্ত চতুরশীতি আসনের মধ্যে আসনচতুষ্টয়ই বিশেষ প্রশস্ত, এইক্ষণ সেই সর্ব্বপ্রকার আসনের মধ্যে সারভূত আসনচতুষ্টয় বলিতেছি ॥ ৩৩ ॥

এইক্ষণ পূর্ব্বোক্ত আসনচতুষ্টয়ের নাম নির্দ্দেশ করিতেছেন,—সিদ্ধাসন, পদ্মাসন, সিংহাসন ও ভদ্রাসন, এই আসনচতুষ্টয়ই অতিপ্রশস্ত। উক্ত আসনচতুষ্টয়ের মধ্যেও সিদ্ধাসন অতি সুখকর, অতএব সর্ব্বদা সাধক ব্যক্তি সিদ্ধাসনে উপবেশন করিবে। ইহাদ্বারা সিদ্ধাসনেরই সর্ব্বশ্রেষ্ঠতা জানা যাইতেছে ॥ ৩৪ ॥

যোনিস্থানকমঙ্ঘ্রিমূলঘটিতং কৃত্বা দৃঢ়ং বিন্যসে-
ন্মেঢ্রে পাদমথৈকমেব হৃদয়ে কৃত্বা হনুং সুস্থিরম্।
স্থাণুঃ সংযমিতেন্দ্রিয়োঽচলদৃশা পশ্যেদ্ভ্রুবোরন্তরং
হ্যেতন্মোক্ষকপাটভেদজনকং সিদ্ধাসনং প্রোচ্যতে ॥৩৫॥

আসনচতুষ্টয়েপ্যুৎকৃষ্টত্বাৎ প্রথমং সিদ্ধাসনমাহ যোনিস্থানকমিতি। যোনিস্থানমেব যোনিস্থানকং স্বার্থে কপ্রত্যয়ঃ। গুদোপস্থয়োর্ম্মধ্যম-প্রদেশে পদং যোনিস্থানং তৎ। অংঘ্রির্ব্বামশ্চরণস্তস্য মূলেন পার্ষ্ণিভাগেন ঘটিতং সংলগ্নং কৃত্বা স্থানান্তরং একং পাদং দক্ষিণং পাদং মেঢ্রেন্দ্রিয়-স্যোপরিভাগে দৃঢ়ং যথা স্যাত্তথা বিন্যসেৎ। হৃদয়ে হৃদয়সমীপে হনুং চিবুকং সুস্থিরং সম্যক্ স্থিরং কৃত্বা হনুহৃদয়য়োশ্চতুরঙ্গুলমন্তরং যথা ভবতি তথা কৃত্বেতি রহস্যং। সংযমিতানি বিষয়েভ্যঃ পরাবৃত্তানীন্দ্রিয়াণি যেন স তথা। অচলা যা দৃক্ দৃষ্টিস্তথা ভ্রুবোরন্তরং মধ্যং পশ্যেৎ। হি প্রসিদ্ধং মোক্ষস্য যৎকপাটং প্রতিবন্ধকং তস্য ভেদং নাশং জনয়তীতি তাদৃশং সিদ্ধানাং যোগিনাং। আস্তেঽত্রাস্যতেঽনেনেতি বা আসনং সিদ্ধাসননাম-কমিদং ভবেদিত্যর্থঃ ॥ ৩৫ ॥

পূর্ব্বোক্ত আসনচতুষ্টয়েব মধ্যে সিদ্ধাসনের সর্ব্বশ্রেষ্ঠতাপ্রযুক্ত প্রথমে সিদ্ধাসন কহিতেছেন।—গুহ্যদ্বার ও উপস্থের মধ্য প্রদেশকে যোনিস্থান বলে, এই যোনিস্থানে বামপাদ মূল সংলগ্ন করিয়া দক্ষিণ পাদ মেঢ্র-প্রদেশের উপরিভাগে দৃঢ়রূপে বিন্যস্ত করিবে। তৎপরে চিবুকস্থানকে হৃদয়োপরি সুস্থির করিয়া, অর্থাৎ চিবুক ও হৃদয়ের চতুরঙ্গুল অন্তর করিয়া রাখিবে। অনন্তর ইন্দ্রিয়গণকে বিষয় হইতে নিরুদ্ধ করিয়া নিশ্চলনয়নে ভ্রূদ্বয়ের মধ্যভাগ অবলোকন করিবে। এইরূপ উপ-বেশনকে যোগীরা সিদ্ধাসন বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন। এই আসন মোক্ষদ্বারের কপাট ভেদকব, অর্থাৎ মোক্ষলাভের সর্ব্বপ্রকার প্রতিবন্ধক বিনাশ করিয়া থাকে ॥ ৩৫ ॥

মতান্তরেতু—

মেঢ্রাদুপরি বিন্যস্য সব্যং গুল্ফং তথোপরি।
গুল্ফান্তরঞ্চ নিক্ষিপ্য সিদ্ধাসনমিদং ভবেৎ ॥ ৩৬ ॥
এতৎসিদ্ধাসনং প্রাহুরন্যে বজ্রাসনং বিদুঃ।
মুক্তাসনং বদন্ত্যেকে প্রাহুর্গুপ্তাসনং পরে ॥ ৩৭ ॥

মৎস্যেন্দ্রসম্মতং সিদ্ধাসনমুক্ত্বান্যসম্মতং বক্তুমাহ মতান্তরে ত্বিতি। তদেব দর্শয়তি মেঢ্রাদিতি। মেঢ্রাদুপস্থাদুপর্য্যূর্দ্ধভাগে সব্যং বামগুল্ফং চ বিন্যস্য তথা সব্যবদুপরি মুখ্যপাদস্যোপরি ন তু সব্যগুল্ফস্য। গুল্ফান্তরং দক্ষিণগুল্ফং চ নিক্ষিপ্য বসেদিতি শেষঃ। ইদং সিদ্ধাসনং মতান্তরাভিমতমিত্যভেদ ইত্যর্থঃ ॥ ৩৬ ॥

তত্র প্রথমং মহাসিদ্ধসম্মতমিতি স্পষ্টীকর্ত্তুমস্যৈব মতভেদান্নামভেদানাহ এতদিতি। এতৎ পূর্ব্বোক্তং সিদ্ধাসনং সিদ্ধাসননামকং প্রাহুঃ। কেচিদিত্যধ্যাহারঃ। অন্যে বজ্রাসনং বজ্রাসনসংজ্ঞকং বিদুঃ জানন্তি। একে মুক্তাসনং মুক্তাসনাভিধং বদন্তি। পরে গুপ্তাসনং গুপ্তাসনাখ্যং প্রাহুঃ। অত্রাসনাভিজ্ঞাঃ। যত্র বামপাদপার্ষ্ণিং যোনিস্থানে নিযোজ্য দক্ষিণপাদপার্ষ্ণিংমেঢ্রাদুপরি স্থাপ্যতে তৎ সিদ্ধাসনং। যত্র বামপাদপার্ষ্ণিং

পূর্ব্বে যে সিদ্ধাসন উক্ত হইল, ইহা মৎস্যেন্দ্রসম্মত, এইক্ষণ মতান্তর সম্মত সিদ্ধাসন বলিতেছেন।—উপস্থের উপরিভাগে বামপাদের গুল্ফ, (পাদমূল) স্থাপন করিয়া বামপাদের উপরি দক্ষিণপাদগুল্ফ স্থাপন করিবে। এইরূপ উপবেশনকেও সিদ্ধাসন বলিয়া থাকে ॥ ৩৬ ॥

মতভেদে পূর্ব্বোক্ত সিদ্ধাসনের নানা নাম প্রসিদ্ধ আছে, এইক্ষণ সেই সকল নাম প্রকাশ করিতেছেন।—এই আসনকে কোন কোন সম্প্রদায়ী যোগীরা সিদ্ধাসন বলিয়া থাকেন। অন্য সম্প্রদায়ী যোগিগণ ইহাকে বজ্রাসন নামে কীর্ত্তন করেন। অপরাপর যোগিবৃন্দ উক্ত আসনকে মুক্তাসন নামে জানেন এবং অন্য সম্প্রদায়ী যোগিদিগের মতে এই আসনের গুপ্তাসন নাম প্রসিদ্ধ আছে। উক্ত নামচতুষ্টয়ের বিশেষ এই যে, যখন

যমেষ্বিব মিতাহারমহিংসাং নিয়মেষ্বিব।
মুখ্যং সর্ব্বাসনেষ্বেকং সিদ্ধাঃ সিদ্ধাসনং বিদুঃ ॥ ৩৮ ॥
চতুরশীতিপীঠেষু সিদ্ধমেব সদাভ্যসেৎ।
দ্বাসপ্ততিসহস্রাণাং নাড়ীনাং মলশোধনম্ ॥ ৩৯ ॥

যোনিস্থানে নিযোজ্য দক্ষিণপাদপার্ষ্ণিং মেঢ্রাদুপরি স্থাপ্যতে তদ্বজ্রাসনং যত্র তু দক্ষিণসব্যপার্ষ্ণিদ্বয়মুপর্য্যধোভাগেন সংযোজ্য যোনিস্থানে সংযোজ্যতে তন্মুক্তাসনং। যত্র চ পূর্ব্ববৎ সংযুক্তং পার্ষ্ণিদ্বয়ং মেঢ্রাদুপরি নিধীয়তে তদ্‌গুপ্তাসনমিতি ॥ ৩৭ ॥

অথ সপ্তভিঃ শ্লোকৈঃ সিদ্ধাসনং প্রশংসন্তি। যমেষ্বিত্যাদিভিঃ। যমেষু মিতাহারমিব। মিতাহারো বক্ষ্যমাণঃ সুস্নিগ্ধমধুরাহার ইত্যাদিনা। নিয়মেষু অহিংসামিব। সর্ব্বাণি যান্যাসনানি তেষু সিদ্ধাঃ একং সিদ্ধাসনং মুখ্যং বিদুরিতি সম্বন্ধঃ ॥ ৩৮ ॥

চতুরশীতি। চতুরধিকাশীতিসংখ্যাকানি যোনি পীঠানি তেষু সিদ্ধ

বামপাদপার্ষ্ণি (বামপাদমূল) যোনিস্থানে স্থাপন করিয়া দক্ষিণ পাদপার্ষ্ণি উপস্থোপরি বিন্যাস করা যায়, তখন সিদ্ধাসন হয়। আর যখন দক্ষিণপাদপার্ষ্ণি যোনিস্থানে স্থাপন করিয়া বামপাদপার্ষ্ণি মেঢ্রদেশের উপরি নিয়োজিত করা যায়, তখন ইহাকে বজ্রাসন বলে। যখন উভয় পাদের পার্ষ্ণিদ্বয় মেঢ্রের উপর্য্যধোভাগে নিয়োজিত থাকে, তখন মুক্তাসন হয় এবং যে সময়ে পূর্ব্ববৎ সংযুক্ত পার্ষ্ণিদ্বয় মেঢ্রদেশের উপরি নিহিত থাকে, সেই সময় উক্ত আসনকে গুপ্তাসন বলিয়া থাকে ॥ ৩৭ ॥

এইক্ষণ পরবর্ত্তী সপ্তশ্লোকে সিদ্ধাসনের প্রশংসা কথিত হইবে।—যেমন যমের মধ্যে মিতাহার এবং নিয়মের মধ্যে অহিংসা প্রধান, সেইরূপ সর্ব্বপ্রকার আসনের মধ্যে এই সিদ্ধাসনকে শ্রেষ্ঠ বলিয়া জানিতে হইবেক ॥ ৩৮ ॥

চতুরশীতি আসনের মধ্যে যোগিগণ সর্ব্বদা এই সিদ্ধাসনের অভ্যাস

আত্মধ্যায়ী মিতাহারী যাবৎ দ্বাদশবৎসরম্।
সদা সিদ্ধাসনাভ্যাসাদ্যোগী নিষ্পত্তিমাপ্নুয়াৎ ॥ ৪০ ॥
কিমন্যৈর্ব্বহুভিঃ পীঠৈঃ সিদ্ধে সিদ্ধাসনে সতি।
প্রাণানিলে সাবধানে বদ্ধে কেবলকুম্ভকে ॥ ৪১ ॥

মেব সিদ্ধাসনমেব সদা সর্ব্বদা অভ্যসেৎ। সিদ্ধাসনস্য সদাভ্যাসে হেতুগর্ভং বিশেষণং দ্বাসপ্ততিসহস্রাণাং নাড়ীনাং মলশোধনং শোধকং ॥ ৩৯ ॥

এইক্ষণ পূর্ব্বোক্ত ষট্‌কর্ম্মের মধ্যে ধৌতিকর্ম্মের লক্ষণ নিরূপণ করিতেছেন।—চতুরঙ্গুল বিস্তৃত পঞ্চদশহস্ত দীর্ঘ নূতন সূক্ষ্মবস্ত্রখণ্ড গ্রহণ করিয়া তাহা জলসিক্ত এবং কিঞ্চিৎ উষ্ণ করিবে। অনন্তর গুরুর উপদেশানুসারে ঐ বস্ত্রখণ্ড গিলিতে থাকিবে। একদা সমুদায় না গিলিয়া ক্রমে ক্রমে গিলিতে অভ্যাস করিবে, অর্থাৎ প্রথমদিনে এক হস্ত, দ্বিতীয়দিনে দুই হস্ত এবং তৃতীয়দিনে তিন হস্ত পরিমিত বস্ত্রখণ্ড গ্রাস করিবে। এইরূপে ক্রমত এক একদিনে এক এক হস্ত বৃদ্ধি করিয়া সমুদায় বস্ত্রখণ্ড গ্রাস করিতে অভ্যাস করিবে। যখন সমুদায় বস্ত্রখণ্ড গ্রাস করিতে পারিবে, তখন বস্ত্রগ্রাস করিয়া সেই বস্ত্রখণ্ডের প্রান্তভাগ প্রধান দন্তদ্বারা ধারণ করিয়া রাখিবে এবং নৌলী কর্ম্মদ্বারা উদর মধ্য-

নাভিদঘ্নজলে পায়ৌ ন্যস্তনালোৎকটাসনঃ।
আধারাকুঞ্চনং কুর্য্যাৎ ক্ষালনং বস্তিকর্ম্ম তৎ ॥ ২৬ ॥

শ্বাসেতি কাসশ্চ শ্বাসশ্চ প্লীহা চ কুষ্ঠং চ। সমাহারদ্বন্দ্বঃ—কাসাদয়ো রোগবিশেষাঃ বিংশতিসংখ্যাকাঃ কফরোগাশ্চ। ধৌতিকর্ম্মণঃ প্রভাবেন গচ্ছন্ত্যেব ন সংশয়ঃ নিশ্চিতমেতদিত্যর্থঃ ॥ ২৫ ॥

অথ বস্তিকর্ম্মাহ নাভিদঘ্নেতি—নাভিপরিমাণং নাভিদঘ্নং। পরিমাণে দঘ্নচ প্রত্যয়ঃ। তস্মিন্নাভিদঘ্নে নাভিপরিমাণে জলে নদ্যাদিতোয়ে পায়ু-র্গুদং তস্মিন্ন্যস্তো নালো বংশনালো যেন কনিষ্ঠিকাপ্রবেশযোগ্যরন্ধ্র-যুক্তং ষড়ঙ্গুলদীর্ঘং বংশনালং গৃহীত্বা চতুরঙ্গুলং পায়ৌ প্রবেশয়েৎ। অঙ্গুলিদ্বয়মিতং বহিঃ স্থাপয়েৎ। উৎকটমাসনং যস্য স উৎকটাসনঃ। পার্ষ্ণিদ্বয়ে স্ফিচৌ বিন্যস্য পাদাঙ্গুলিভিঃ স্থিতিরুৎকটাসনং। আধারস্যা-কুঞ্চনং যথা জলমন্তঃ প্রবিশেত্তথা সঙ্কোচনং কুর্য্যাৎ। অন্তঃ প্রবিষ্টং জলং নৌলিককর্ম্মণা চালয়িত্বা ত্যজেৎ। ক্ষালনং বস্তিকর্ম্মোচ্যতে—

গত বস্ত্রখণ্ড সঞ্চালিত করিয়া অল্পে অল্পে সেই বস্ত্রখণ্ড উদ্গিরণ করিবে। ইহাকেই সিদ্ধ যোগিগণ ধৌতিকর্ম্ম বলিয়া নির্ণয় করেন। এই ধৌতি কর্ম্ম অভ্যাস করিলে সাধকের কাস, শ্বাস, কুষ্ঠ এবং বিংশতিপ্রকার কফরোগ বিনাশ পায়। ধৌতিকর্ম্ম প্রভাবে নিশ্চয় পূর্ব্বোক্ত রোগ-সকল গমন করে ॥ ২৪-২৫ ॥

এইক্ষণ বস্তিকর্ম্ম নিরূপণ করিতেছেন।—নাভি পরিমিত নদ্যাদির জলমধ্যে উৎকটাসনে অবস্থিত হইয়া কনিষ্ঠাঙ্গুলি প্রবেশ যোগ্য ষড়ঙ্গুল-পরিমিত বংশনল গ্রহণ করিবে। অনন্তর গুহ্যদ্বার দিয়া সেই বংশ-নালের চারি অঙ্গুল উদরমধ্যে প্রবেশিত করিয়া দুই অঙ্গুলমাত্র বাহিরে রাখিবে। অনন্তর যাহাতে সেই বংশনলদ্বারা উদরমধ্যে জল প্রবেশ করিতে পারে, এইরূপে উদর সঙ্কোচন করিবে এবং উদরমধ্যে জল প্রবেশিত করিয়া নৌলীকর্ম্মদ্বারা সেই জলকে পরিচালিত করিয়া সেই বংশনলদ্বারা পরিত্যাগ করিবে। এইরূপে উদরমধ্যে জল প্রবেশিত

গুল্মপ্লীহোদরং চাপি বাতপিত্তকফোদ্ভবাঃ।
বস্তিকর্ম্মপ্রভাবেন ক্ষীয়ন্তে সকলাময়াঃ ॥ ২৭ ॥

ধৌতিবস্তিকর্ম্মদ্বয়ং ভোজনাৎপ্রাগেব কর্ত্তব্যং। তদনন্তরং ভোজনে বিলম্বোঽপি ন কার্য্যঃ। কেচিত্তু—পূর্ব্বং মূলাধারেণ বায়োরাকর্ষণমভ্যস্ত জলে স্থিত্বা পায়ৌ নালপ্রবেশনমন্তরেণৈব বস্তিকর্ম্মাভ্যসন্তি। তথা করণে সর্ব্বং জলং বহির্নায়াতি। অতো নানারোগধাতুক্ষয়াদিসম্ভবাচ্চ তথা বস্তিকর্ম্ম নৈব বিধেয়ং। কিমন্যথা স্বাত্মারামঃ পায়ৌ ন্যস্তনাল ইতি ব্রূয়াৎ ॥ ২৬ ॥

বস্তিকর্ম্মগুণানাহ দ্বাভ্যাং গুল্মপ্লীহোদরমিতি। গুল্মশ্চ প্লীহা চ রোগবিশেষাবুদরং জলোদরং চ তেষাং সমাহারদ্বন্দ্বঃ। বাতশ্চ পিত্তং চ কফশ্চ তেভ্য উদ্ভবা একৈকস্মাদ্দ্বাভ্যাং সর্ব্বেভ্যো বা জাতাঃ সকলাঃ সর্ব্বে আময়া রোগা বস্তিকর্ম্মণঃ প্রভাবঃ সামর্থ্যং তেন ক্ষীয়ন্তে নশ্যন্তি ॥ ২৭ ॥

করিয়া উদরমধ্যভাগ ধৌতকরত জলপরিত্যাগ করিলেই বস্তিকর্ম্ম হয়, অর্থাৎ এইরূপ উদর ক্ষালনকে বস্তিকর্ম্ম বলে। এই ধৌতিকর্ম্ম ও বস্তিকর্ম্ম ভোজনের পূর্ব্বে করিবে এবং ধৌতি ও বস্তিকর্ম্ম করিয়া ভোজনে বিলম্ব করিবে না। কেহ কেহ বলেন, পূর্ব্বে মূলাধারে বায়ুর আকর্ষণ অভ্যাস করিয়া জলমধ্যে প্রবেশপূর্ব্বক বংশনলব্যতিরেকে গুহ্যদ্বার দিয়া জলাকর্ষণ করিয়া বস্তিকর্ম্ম অভ্যাস করিবে। এইরূপ করিলে গৃহীত সমুদায় জল নির্গত হয় না, তাহাতে নানাপ্রকার রোগ এবং ধাতুক্ষয়ের সম্ভব আছে, অতএব উক্ত প্রকারে বস্তিকর্ম্ম করিবে না। বংশনল প্রবেশিত করিয়াই বস্তিকর্ম্ম করা বিধেয় ॥ ২৬ ॥

বস্তিকর্ম্ম অভ্যাস করিলে সাধকের গুল্ম, প্লীহা, উদরী এবং বাতপিত্ত ও কফজন্য সকলপ্রকার রোগ বিনাশ পায়। বস্তিকর্ম্মপ্রভাবে সকলপ্রকার রোগই ক্ষয় পাইয়া থাকে ॥ ২৭ ॥

ধাত্বিন্দ্রিয়ান্তঃকরণপ্রসাদং দদ্যাচ্চ কান্তিং দহনপ্রদীপ্তিম্।
অশেষদোষোপচয়ং নিহন্যাদভ্যস্যমানং জলবস্তিকর্ম্ম ॥ ২৮ ॥

অথ নেতিঃ।

সূত্রং বিতস্তি সুস্নিগ্ধং নাসানালে প্রবেশয়েৎ।

ধাত্বিতি—অভ্যস্যমানমনুষ্ঠীয়মানং জলে বস্তিকর্ম্ম জলবস্তিকর্ম্ম কর্ত্তৃ দদ্যাদনুষ্ঠাতুরিতি শেষঃ। ধাতবো রসাসৃঙ্মাংসমেদোঽস্থিমজ্জাশুক্রাণি ধাতব ইত্যুক্তা ইন্দ্রিয়াণি বাক্‌পাণিপাদপায়ূপস্থানি পঞ্চ কর্ম্মেন্দ্রিয়াণি শ্রোত্রত্বক্‌চক্ষুর্জ্জিহ্বাঘ্রাণানি পঞ্চজ্ঞানেন্দ্রিয়াণি চ অন্তঃকরণানি মনোবুদ্ধিচিত্তাহঙ্কাররূপাণি তেষাং পরিতাপবিক্ষেপশোকমোহগৌরবাবরণদৈন্যাদিরাজসতামসধর্ম্মবিনিবর্ত্তনেন সুখপ্রকাশলাঘবাদিসাত্ত্বিকধর্ম্মাবির্ভাবঃ প্রসাদস্তং কান্তিং দ্যুতিং দহনস্য জঠরাগ্নেঃ প্রদীপ্তিং প্রকৃষ্টাং দীপ্তিং চ। তথা—অশেষাঃ সমস্তা যে দোষা বাতপিত্তকফাস্তেষামুপচয়ং। এতদপচয়স্যাপ্যুপলক্ষণং উপচয়াপচয়ৌ নিহন্যান্নিতরাং হন্যাং। দোষসাম্যরূপমারোগ্যং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ২৮ ॥

অথ নেতিকর্ম্মাহ সূত্রমিতি—বিতস্তি বিতস্তিমিতং বিতস্তিরিত্যুপ-

---

উক্ত জলবস্তি অভ্যাস করিলে রস, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা ও শুক্র এই সকল ধাতু ; বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয় ; চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয় এবং মন, বুদ্ধি, চিত্ত ও অহঙ্কার এই সকল অন্তঃকরণ। ইহাদিগের পরিতাপ, বিক্ষেপ, শোকপ্রভৃতি তামসধর্ম্মের নিবৃত্তি হইয়া সুখপ্রকাশ ও লাঘবাদি সাত্ত্বিকভাবের আবির্ভাবরূপ প্রসন্নতা ও কান্তি বৃদ্ধি পায়, জঠরাগ্নির উদ্দীপন হয়, আর বাত, পিত্ত ও কফের হ্রাসবৃদ্ধি নিবৃত্তি হইয়া সাম্যভাব উপস্থিত হইয়া থাকে ॥ ২৮ ॥

অনন্তর নেতিকর্ম্ম কথিত হইতেছে।—দ্বাদশাঙ্গুল, অর্থাৎ যাবৎ পরিমিত সূত্রদ্বারা নেতিকর্ম্ম সাধিত হইতে পারে, তাবৎ পরিমিত সুস্নিগ্ধ,

মুখান্নির্গময়েচ্চৈষা নেতিঃ সিদ্ধৈর্নিগদ্যতে ॥ ২৯ ॥

লক্ষণমধিকস্যাপি। যাবতা সূত্রেণ সম্যক্ নেতিকর্ম্ম ভবেত্তাবদ্ গ্রাহ্যং। সুস্নিগ্ধং সুষ্ঠু স্নিগ্ধং গ্রন্থ্যাদিরহিতং সূত্রং তচ্চ নবধা দশধা পঞ্চদশধা বা গুণিতং সুদৃঢ়ং গ্রাহ্যং। নাসা নাসিকা সৈব নালঃ সচ্ছিদ্রত্বাত্তস্মিন্ প্রবেশয়েৎ। মুখান্নির্গময়েন্নিষ্কাসয়েৎ তৎপ্রকারস্ত্বেবং। সূত্রপ্রান্তং নাসানালে প্রবেশ্যেতরনাসাপুটমঙ্গুল্যা নিরুধ্য পূরকং কুর্য্যাৎ। পুনশ্চ মুখেন রেচয়েৎ। পুনঃ পুনরেবং কুর্ব্বতো মুখে সূত্রপ্রান্তমায়াতি। তৎ-সূত্রপ্রান্তং নাসাবহিঃস্থসূত্রপ্রান্তং চ গৃহীত্বা শনৈশ্চালয়েদিতি। চকারা-দেকস্মিন্নাসানালে প্রবেশ্যেতরস্মিন্নির্গময়েদিত্যুক্তং তৎপ্রকারস্ত্বেকস্মি-ন্নাসানালে সূত্রপ্রান্তং প্রবেশ্যেতরনাসাপুটমঙ্গুল্যা নিরুধ্য পূরকং কুর্য্যাৎ-পশ্চাদিতরনাসানালেন রেচয়েৎ। পুনঃ পুনরেবং কুর্ব্বত ইতরনাসা-নালে সূত্রপ্রান্তমায়াতি তস্য পূর্ব্ববচ্চালনং কুর্য্যাদিতি। অয়ং প্রকারস্ত বহুবারং কুর্ব্বতঃ কদাচিদ্ভবতি। এষোক্তা সিদ্ধৈরণিমাদিগুণসম্পন্নৈঃ। তদুক্তং—অবাপ্তাষ্টগুণৈশ্বর্য্যাঃ সিদ্ধাঃ সদ্ভির্নিরূপিতা ইতি। নেতির্নিগদ্যতে নেতিরিতি কথ্যতে ॥ ২৯ ॥

অর্থাৎ গ্রন্থিপ্রভৃতি দোষরহিত নবধা দশধা অথবা পঞ্চদশধাগুণিত সুদৃঢ় সূত্র গ্রহণ করিয়া নাসারন্ধ্রে প্রবেশপূর্ব্বক সেই সূত্র মুখ হইতে নিষ্ক্রা-মিত করিবে। তাহার ক্রম এই যে,—ঐ সূত্র এক নাসারন্ধ্রে প্রবেশিত করিয়া অপর নাসারন্ধ্রে অঙ্গুলিদ্বারা রোধপূর্ব্বক কুম্ভক করিবে। পুন-র্ব্বার রেচন করিলেই সূত্রাগ্র মুখদ্বারা নির্গত হইবে। অনন্তর ঐ সূত্রের প্রান্তদ্বয় ধারণ করিয়া বারম্বার পরিচালিত করিবে। এইরূপে এক নাসারন্ধ্রে সূত্র প্রবেশিত করিয়া অপর নাসারন্ধ্রদ্বারা নিষ্ক্রামণ করিবে। ইহার ক্রম এই যে,—এক নাসারন্ধ্রদ্বারা সূত্রের একপ্রান্ত প্রবেশিত করিয়া অপর নাসাপুট অঙ্গুলিদ্বারা নিরোধপূর্ব্বক পূরক করিবে। অনন্তর অন্য নাসাদ্বারা বায়ু রেচন করিলে এই নাসিকাদ্বারা সূত্রপ্রান্ত বহির্গত হইবে,

কপালশোধিনী চৈব দিব্যদৃষ্টিপ্রদায়িনী।
জত্রূর্দ্ধজাতরোগৌঘং নেতিরাশু নিহন্তি চ ॥ ৩০ ॥
নিরীক্ষেন্নিশ্চলদৃশা সূক্ষ্মলক্ষ্যং সমাহিতঃ।
অশ্রুসম্পাতপর্য্যন্তমাচার্য্যৈস্ত্রাটকং স্মৃতম্ ॥ ৩১ ॥

নেতিগুণানাহ কপালশোধিনীতি—কপালং শোধয়তি শুদ্ধং মলরহিতং করোতীতি কপালশোধিনী। চকারান্নাসানালাদীনামপি এবশব্দোঽবধারণে। দিব্যাং সূক্ষ্মপদার্থগ্রাহিণীং দৃষ্টিং প্রকর্ষেণ দদাতীতি দিব্যদৃষ্টিপ্রদায়িনী নেতিক্রিয়া জত্রুণোঃ স্কন্ধসন্ধ্যোরূর্দ্ধমুপরিভাগে জাতো জত্রূর্দ্ধজাতঃ স চাসৌ রোগাণামোঘশ্চ তমাশু ঝটিতি নিহন্তি। চকারঃ পাদপূরণে—স্কন্ধো ভুজশিরোঽংশোঽস্ত্রী সন্ধী তস্যৈব জত্রুণীত্যমরঃ ॥ ৩০ ॥

ত্রাটকমাহ নিরীক্ষেদিতি—সমাহিতঃ একাগ্রচিত্তঃ নিশ্চলা চাসৌ দৃক্‌চ দৃষ্টিস্তয়া সূক্ষ্মং চ তল্লক্ষ্যং চ সূক্ষ্মলক্ষ্যমশ্রূণাং সম্যক্ পাতঃ পতনং তৎপর্য্যন্তং। অনেন নিরীক্ষণস্যাবধিরুক্তঃ নিরীক্ষ্যেৎ পশ্যেৎ—আচার্য্যৈর্মৎস্যেন্দ্রাদিভির্ইদং ত্রাটকং ত্রাটককর্ম্ম স্মৃতং কথিতং ॥ ৩১ ॥

এইরূপ করিলে পূর্ব্ববৎ সূত্রপ্রান্তদ্বয় গ্রহণ করিয়া চালনা করিতে থাকিবে, ইহাকে সিদ্ধ যোগিগণ নেতিকর্ম্ম বলিয়া থাকেন। ২৯ ॥

এইক্ষণ নেতিকর্ম্মের গুণ ব্যাখ্যা করিতেছেন।—উক্ত নেতিকর্ম্ম সাধিত হইলে কপাল ও নাসিকা মলরহিত হইয়া বিশুদ্ধ হয়। আর এই নেতিকর্ম্ম চক্ষুর সূক্ষ্মদর্শনশক্তিপ্রদান করে, অর্থাৎ উক্ত কর্ম্মসাধন করিলে সাধক দিব্য দৃষ্টিসম্পন্ন হইতে পারে এবং উক্ত কর্ম্মসাধনবলে সাধকের স্কন্ধসন্ধির উপরিভাগে কোন রোগ জন্মিতে পারে না, পরন্তু উক্ত স্থানে কোন রোগ থাকিলেও তাহা বিনাশ পায় ॥ ৩০ ॥

অনন্তর ত্রাটককর্ম্ম কহিতেছেন।—সাধক একাগ্রচিত্ত হইয়া নিশ্চলনয়নে কোন সূক্ষ্ম বস্তুর প্রতি দৃষ্টিপাত করিবে। যাবৎ সাধকের নয়নযুগল হইতে অশ্রুপাত না হয়, তাবৎ এইরূপে একদৃষ্টে চাহিয়া থাকিবে।

মোচনং নেত্ররোগাণাং তন্দ্রাদীনাং কপাটকম্।
যত্নতস্ত্রাটকং গোপ্যং যথা হাটকপেটকম্ ॥ ৩২ ॥

অথ নৌলিঃ।

অমন্দাবর্ত্তবেগেন তুন্দং সব্যাপসব্যতঃ।
নতাংশো ভ্রাময়েদেষা নৌলিঃ সিদ্ধৈঃ প্রচক্ষ্যতে ॥ ৩৩ ॥

ত্রাটকগুণানাহ মোচনমিতি—নেত্রস্য রোগা নেত্ররোগাস্তেষাং মোচনং নাশকং তন্দ্রা আদির্যেষামালস্যাদীনাং তেষাং কপাটকং কপাট-বদন্তর্ধায়কমভিভাবকমিত্যর্থঃ। তন্দ্রা তামসশ্চিত্তবৃত্তিবিশেষঃ। ত্রাটকং ত্রাটকাখ্যং কর্ম্ম যত্নতঃ প্রযত্নতঃ প্রযত্নাদ্গোপ্যং গোপনীয়ং। গোপনে দৃষ্টান্তমাহ যথেতি—হাটকস্য সুবর্ণস্য পেটকং পেটী ইতি লোকে প্রসিদ্ধং যথা যেন প্রকারেণ গোপ্যতে তদ্বৎ ॥ ৩২ ॥

নৌলিকর্ম্মাহ অমন্দেতি—নতৌ নম্রীভূতাবংশৌ স্কন্ধৌ যস্য স নতাংশঃ পুমানমন্দোঽতিশয়িতো য আবর্ত্তস্তস্যেব জলভ্রমস্যেব বেগো জবস্তেন তুন্দমুদরং। পিচণ্ডকুক্ষী জঠরোদরং তুন্দং স্তনৌ কুচাবিত্যমরঃ। সব্যং চাপসব্যং চ সব্যাপসব্যে দক্ষিণবামভাগৌ তয়োঃ সব্যাপসব্যতঃ। সপ্ত-ম্যর্থে তসিঃ—ভ্রাময়েদ্‌ভ্রমতং প্রেরয়েৎ সিদ্ধৈরেষা নৌলিঃ প্রচক্ষ্যতে কথ্যতে ॥ ৩৩ ॥

মৎস্যেন্দ্রপ্রভৃতি প্রাচীন আর্য্যগণ ইহাকে ত্রাটককর্ম্ম বলিয়া নির্দ্দেশ করিয়াছেন ॥ ৩১ ॥

এইক্ষণ ত্রাটককর্ম্মের গুণ নিরূপণ করিতেছেন।—উক্ত ত্রাটককর্ম্ম সাধন করিলে, সাধকের নেত্ররোগ সকল বিনাশ পায়। এই ত্রাটককর্ম্ম তন্দ্রাদির কপাটস্বরূপ, অর্থাৎ যে সাধক এই ত্রাটককর্ম্ম সাধন করিয়াছে, তাহার তন্দ্রা উপস্থিত হইতে পারে না। যেমন মনুষ্যগণ সুবর্ণপেটিকা গোপন করিয়া রাখে, সাধকগণ সেইরূপ এই ত্রাটককর্ম্ম যত্নপূর্ব্বক অতি গোপনে রাখিবে ॥ ৩২ ॥

অতঃপর নৌলিকর্ম্ম কহিতেছেন।—সাধক আপন স্কন্ধদ্বয় অবনত

মন্দাগ্নিসন্দীপনপাচনাদিসন্ধাপিকানন্দকরী সদৈব।
অশেষদোষাময়শোষণী চ হঠক্রিয়ামৌলিরিয়ং চ নৌলিঃ ॥ ৩৪ ॥
ভস্ত্রাবল্লোহকারস্য রেচপূরৌ সসম্ভ্রমৌ।
কপালভাতির্ব্বিখ্যাতা কফদোষবিশোষণী ॥ ৩৫ ॥

নৌলিগুণানাহ—মন্দাগীতি মন্দশ্চাসাবগ্নির্জ্জঠরাগ্নিস্তস্য দীপনং সম্যগ্দীপনং চ পাচনং চ ভুক্তান্নপরিপাকশ্চ মন্দাগ্নিসন্দীপনপাচনে তে আদিনী যস্য তন্মন্দাগ্নিসন্দীপনপাচনাদি তস্য সন্ধাপিকা বিধাত্রী। আদিশব্দেন মলশুদ্ধ্যাদি সদৈব সর্ব্বদৈবানন্দকরী সুখকরী। অশেষাঃ সমস্তাশ্চ তে দোষাশ্চ বাতাদয় আময়াশ্চ রোগাস্তেষাং শোষণী শোষণকর্ত্রী হঠস্য ক্রিয়াণাং ধৌত্যাদীনাং মৌলির্মৌলিরিবোত্তমা ধৌতিবস্ত্যোর্নৌলিসাপেক্ষত্বাৎ ইয়মুক্তা নৌলিঃ ॥ ৩৪ ॥

কপালভাতিং তদ্গুণং চাহ—ভস্ত্রাবদিতি লোহকারস্য ভস্ত্রাগ্নের্ধমনসাধনীভূতং চর্ম্ম তদ্বৎসম্ভ্রমেণ সহবর্ত্তমানৌ সসম্ভ্রমাবমন্দৌ যৌ রেচপূরৌ

করিয়া বামদক্ষিণ ক্রমে উদরকে ভ্রামিত করিবে। ইহাকে সিদ্ধ যোগিগণ নৌলিকর্ম্ম বলিয়া থাকেন। ৩৩।

এইক্ষণ নৌলিকর্ম্মফল বর্ণন করিতেছেন।—এই নৌলিক্রিয়া সাধকের মন্দাগ্নির উদ্দীপন করে, ভুক্তদ্রব্যের পরিপাকশক্তি বৃদ্ধিকরিয়া থাকে। এই ক্রিয়াবলে সাধকের সর্ব্বদা আনন্দ অনুভূত হয়, মনঃশুদ্ধি হইয়া থাকে এবং উক্ত ক্রিয়া সাধনকরিলে সাধকের বাত, পিত্ত, কফ এই দোষত্রয়ের সমতা হইয়া সমস্ত রোগ বিনাশ পায়। এই নৌলিকর্ম্ম সর্ব্বপ্রকার হঠক্রিয়ার শিরোভূতা, অর্থাৎ এই ক্রিয়া ব্যতিরেকে ধৌতি ও বস্তিকর্ম্ম হইতে পারে না, অতএব এই ক্রিয়াই হঠযোগের প্রধান ॥ ৩৪ ॥

এইক্ষণ কপালভাতি ও তাহার গুণ বর্ণন করিতেছেন।—সাধক লোহকারের ভস্ত্রার ন্যায় রেচক ও পূরক করিবে, অর্থাৎ লোহকারেরা যেমন তাহাদিগের অগ্ন্যুদ্দীপক চর্ম্মনির্ম্মিত যন্ত্রকে একবার বায়ুদ্বারা

ষট্‌কর্ম্মনির্গতস্থৌল্যকফদোষমলাদিকঃ।
প্রাণায়ামং ততঃ কুর্য্যাদনায়াসেন সিদ্ধ্যতি ॥ ৩৬ ॥
প্রাণায়ামৈরেব সর্ব্বে প্রশুষ্যন্তি মলা ইতি।
আচার্য্যাণাং তু কেষাং চিদন্যৎ কর্ম্ম ন সম্মতম্॥ ৩৭ ॥

রেচকপূরকৌ কপালভাতিরিতি বিখ্যাতা। কীদৃশী কফদোষবিশোষিণী কফস্য দোষা বিংশতিভেদভিন্নাঃ। তদুক্তং নিদানে কফরোগাশ্চ বিংশতিরিতি তেষাং বিশোষণী বিনাশিনী ॥ ৩৫ ॥

ষট্‌কর্ম্মণাং প্রাণায়ামস্যোপকারকত্বমাহ—ষট্‌কর্ম্মেতি ষট্‌কর্ম্মভির্ধৌতিপ্রভৃতিভির্নির্গতাঃ স্থৌল্যং স্থূলস্য ভাবঃ স্থূলত্বং কফদোষা বিংশতিসংখ্যাকা মলাদয়শ্চ যস্য স তথা। শেষাদ্বিভাষেতি কপ্রত্যয়ঃ আদিশব্দেন পিত্তাদয়ঃ। প্রাণায়ামং কুর্য্যাৎ ততস্তস্মাৎ ষট্‌কর্ম্মপূর্ব্বকাৎপ্রাণায়ামাদনায়াসেনাশ্রমেণ সিদ্ধ্যতি যোগ ইতি শেষঃ। ষট্‌কর্ম্মাকরণে তু প্রাণায়ামে শ্রমাধিক্যং স্যাদিতি ভাবঃ ॥ ৩৬ ॥

মতভেদেন ষট্‌কর্ম্মণামনুপযোগমাহ—প্রাণায়ামৈরিতি প্রাণায়ামৈ-

পূরণ করিয়া পরক্ষণেই তাহার সেই বায়ু রেচন করে, সাধকও সেইরূপ একবার পূরক করিয়া পরক্ষণে রেচন করিবে। ইহাকেই কপালভাতি বলা যায়, এই কপালভাতি সাধকের শারীরিক কফদোষ বিনাশ করে ॥ ৩৫ ॥

ষট্‌কর্ম্ম প্রাণায়ামের পক্ষে বিশেষ উপকারী। ধৌতিপ্রভৃতি ষট্‌কর্ম্মদ্বারা শারীরিক স্থূলতা নিবারিত হইয়া যায় এবং কফপিত্তাদির দোষ শান্তি হয়, এই নিমিত্ত ধৌতিপ্রভৃতি ষট্‌কর্ম্ম করিয়া স্থূলতা ও কফপিত্তাদিদোষ নিবারিত হইলেই প্রাণায়াম অভ্যাস করিবে, তাহাহইলে অনায়াসে প্রাণায়াম সিদ্ধ হয়, অন্যথা প্রাণায়ামসাধনে অধিক পরিশ্রম হইয়া থাকে ॥ ৩৬ ॥

কোন কোন মতে ষট্‌কর্ম্মের অনুপযোগিতা দেখাইতেছেন,—কেবল

উদরগতপদার্থমুদ্বমন্তি পবনমপানমুদীর্য্য কণ্ঠনালে।
ক্রমপরিচয়বশ্যনাড়িচক্রা গজকরণীতি নিগদ্যতে হঠজ্ঞৈঃ ॥৩৮॥

রেব এবশব্দঃ ষটকর্ম্মব্যবচ্ছেদার্থঃ। সর্ব্বে মলাঃ প্রশুষ্যন্তি মলা ইত্যুপলক্ষণং স্থৌল্যকফপিত্তাদীনামিতি হেতোঃ কেষাঞ্চিদাচার্য্যাণাং যাজ্ঞবল্ক্যাদীনামন্যৎ কর্ম্ম ষট্‌কর্ম্ম ন সম্মতং নাভিমতং। আচার্য্যলক্ষণমুক্তং বায়ুপুরাণে—আচিনোতি চ শাস্ত্রার্থমাচারেৎ স্থাপয়েদপি। স্বয়মাচরতে যস্মাদাচার্যস্তেন চোচ্যতে ইতি ॥ ৩৭ ॥

গজকরণীমাহ—উদরগতমিতি অপানং পবনমপানবায়ুং কণ্ঠনালে কণ্ঠো নাল ইব কণ্ঠনালস্তস্মিন্নুদীর্য্যোৎক্ষিপ্যোদরে গতঃ প্রাপ্তঃ স চাসৌ পদার্থশ্চ ভুক্তপীতান্নজলাদিস্তং পরয়োদ্বমন্ত্যদ্গিরন্তি যয়া যোগিন ইত্যধ্যাহারঃ। ক্রমেণ যঃ পরিচয়োঽভ্যাসস্তেনাবশ্যং স্বাধীনং নাড়ীনাং চক্রং যস্যাং সা তথা। সা ক্রিয়া হঠজ্ঞৈর্হঠযোগাদ্যভিজ্ঞৈর্গজকরণীতি নিগদ্যতে কথ্যতে। ক্রমপরিচয়বশ্যনাড়িমার্গ ইতি ক্বচিৎপাঠস্তস্যায়মর্থঃ ক্রমপরিচয়েন বশ্যো নাড্যাঃ শংখিন্যা মার্গঃ কণ্ঠপর্য্যন্তো যস্যাং সা তথা ॥ ৩৮ ॥

প্রাণায়ামদ্বারাই স্থূলতার ও কফপিত্তাদিদোষের নিবৃত্তি হইয়া থাকে, অতএব যাজ্ঞবল্ক্যপ্রভৃতি কোন কোন আচার্য্যের মতে ষট্‌কর্ম্ম অভিপ্রেত নহে। বায়ুপুরাণে এইরূপ আচার্য্যলক্ষণ উক্ত আছে যে, যিনি শাস্ত্রার্থসংগ্রহ করিয়া আচার স্থাপন করেন এবং স্বয়ংও সেইরূপ আচরণ করিয়া থাকেন, তাঁহাকেই আচার্য্য বলা যায় ॥ ৩৭ ॥

অনন্তর গজকরণীযোগ কথিত হইতেছে,—যোগিগণ যে ক্রিয়াদ্বারা অপানবায়ুকে কণ্ঠনালে উৎক্ষিপ্ত করিয়া উদরগত ভুক্ত অন্ন ও পীতজল উদ্বমন করিতে পারেন, তাহাকেই হঠযোগাভিজ্ঞ পণ্ডিতগণ গজকরণী যোগ বলিয়া থাকেন, এই যোগ ক্রমত অভ্যাস করিলে নাড়ীসকল বশীভূত হইয়া থাকে ॥ ৩৮ ॥

ব্রহ্মাদয়োঽপি ত্রিদশাঃ পবনাভ্যাসতৎপরাঃ।
অভূবন্নন্তকভয়াত্তস্মাৎপবনমভ্যসেৎ ॥ ৩৯ ॥
যাবদ্বদ্ধো মরুদ্দেহে যাবচ্চিত্তং নিরাকুলম্।
যাবদ্দৃষ্টির্ভ্রুবোর্ম্মধ্যে তাবৎকালভয়ং কুতঃ ॥ ৪০ ॥

প্রাণায়ামোঽবশ্যমভ্যসনীয়ঃ সর্ব্বোত্তমৈরভ্যস্তত্বান্মহাফলত্বাচ্চেতি সূচয়ন্নাহ চতুর্ভিঃ—ব্রহ্মাদয় ইতি ব্রহ্মা আদির্যেষাং তে ব্রহ্মাদয়স্তেঽপি কিমুতান্য ইত্যর্থঃ। ত্রিদশা দেবাঃ অন্তয়তীত্যন্তকঃ কালস্তস্মাদ্ভয়মন্তকভয়ং তস্মাৎ পবনস্য প্রাণবায়োরভ্যাসো রেচকপূরককুম্ভকভেদভিন্নপ্রাণায়ামানুষ্ঠানরূপস্তস্মিংস্তৎপরা অবহিতা অভূবন্নাসন্ তস্মাৎ পবনমভ্যসেৎ প্রাণমভ্যসেৎ ॥ ৩৯ ॥

যাবদিতি—যাবদ্যাবৎকালপর্য্যন্তং মরুৎপ্রাণানিলো দেহে শরীরে বদ্ধঃ শ্বাসোচ্ছ্বাসক্রিয়াশূন্যঃ। যাবচ্চিত্তমন্তঃকরণং নিরাকুলমবিক্ষিপ্তং সমাহিতং। যাবদ্ভ্রুবোর্ম্মধ্যে দৃষ্টিরন্তঃকরণবৃত্তিঃ দৃশিরত্র জ্ঞানসামান্যার্থঃ। তাবত্তাবৎকালপর্য্যন্তং কলয়তীতি কালোঽন্তকস্তস্মাদ্ভয়ং কুতঃ ন কুতোঽপীত্যর্থঃ। তথা চ বক্ষ্যতি খাদ্যতে ন চ কালেন বাধ্যতে ন চ

সর্ব্বশ্রেষ্ঠ যোগিগণ প্রাণায়াম অভ্যাস করিয়াছেন এবং এই প্রাণায়াম মহাফল প্রদান করে, অতএব প্রাণায়ামসাধন অবশ্য কর্ত্তব্য। ব্রহ্মাদি দেবগণ পূরক, কুম্ভক ও রেচকাত্মক প্রাণায়াম অভ্যাস করিয়া শমনভয় হইতে পরিত্রাণ পাইয়াছেন, অতএব যোগিগণ প্রাণায়াম অভ্যাস করিবে ॥ ৩৯ ॥

যাবৎকাল শরীরমধ্যে প্রাণবায়ু নিরুদ্ধ থাকে, অর্থাৎ মনুষ্য যতকাল শ্বাসোচ্ছাসরহিত হইয়া থাকিতে পারে, যাবৎকাল চিত্তবিক্ষেপশূন্য হইয়া সমাহিত থাকে, যাবৎকাল ভ্রূযুগলের মধ্যে দৃষ্টি অর্থাৎ অন্তঃকরণবৃত্তি থাকে, তাবৎকাল তাহার যমভয় থাকিতে পারে না। শাস্ত্রান্তরে লিখিত আছে যে, যোগিগণ সমাধিযুক্ত হইলে, কাল তাহাকে বাধ্য করিতে পারে

বিধিবৎপ্রাণসংযামৈর্নাড়ীচক্রে বিশোধিতে।
সুষুম্নাবদনং ভিত্ত্বা সুখাদ্বিশতি মারুতঃ॥ ৪১॥
মারুতে মধ্যসঞ্চারে মনঃস্থৈর্য্যং প্রজায়তে।
যো মনঃসুস্থিরীভাবঃ সৈবাবস্থা মনোন্মনী॥ ৪২॥

কর্ম্মণা। সাধ্যতে ন স কেনাপি যোগী যুক্তঃ সমাধিনেতি স্বাধীনো ভবতীত্যর্থঃ॥ ৪০॥

বিধিবদিতি—বিধিবৎপ্রাণসংযামৈরাসনজালন্ধরবন্ধাদিবিধিযুক্তপ্রাণায়ামৈর্নাড়ীচক্রে নাড়ীনাং চক্রং সমূহস্তস্মিন্ বিশোধিতে নির্ম্মলে সতি মারুতো বায়ুঃ সুষুম্না ইড়াপিঙ্গলয়োর্ম্মধ্যস্থা নাড়ী তস্যা বদনং মুখং ভিত্ত্বা সুখাদনায়াসাদ্বিশতি সুষুম্নান্তরিতি শেষঃ॥ ৪১॥

মারুত ইতি—মধ্যে সুষুম্নামধ্যে সঞ্চারঃ সম্যক্‌চরণং গমনং মূর্দ্ধপর্য্যন্তং যস্য স মধ্যসঞ্চারস্তস্মিন্ সতি মনসঃ স্থৈর্য্যং ধ্যেয়াকারবৃত্তিপ্রবাহো জায়তে প্রাদুর্ভবতি। যো মনসঃ সুস্থিরীভাবঃ সুষ্ঠু স্থিরীভবনং সৈব মনোন্মন্যবস্থা। মনোন্মনীশব্দ উন্মনীপর্য্যায়ঃ তথাগ্রে বক্ষ্যতি রাজযোগঃ সমাধিশ্চেত্যাদিনা॥ ৪২॥

না, কর্ম্ম বশীভূত করিতে পারে না এবং অন্য কেহ তাহাকে বাধ্য করিতে পারে না, সেই ব্যক্তি স্বাধীন হইয়া থাকে॥ ৪০॥

বিধিপূর্ব্বক প্রাণায়াম, অর্থাৎ আসন ও জালন্ধরবন্ধাদি সাধন করিয়া প্রাণায়ামদ্বারা শরীরবন্ধ ও শরীরস্থ নাড়ীচক্র বিশোধিত হইলে প্রণাবায়ু ইড়া ও পিঙ্গলার মধ্যবর্ত্তী সুষুম্না নাড়ীর মুখভেদ করিয়া অনায়াসে সুষুম্নার মধ্যে প্রবেশ করে॥ ৪১॥

সুষুম্নামধ্যে প্রাণবায়ুর সঞ্চার হইলে, অর্থাৎ মূর্দ্ধা পর্য্যন্ত গমন হইলে, মনের স্থৈর্য্য হয়, অর্থাৎ ধ্যেয়াকারবৃত্তি হইয়া থাকে। এইরূপে যে মনের স্থিরীভাব, তাহাকেই মনোন্মনী অবস্থা বলা যায়। এই মনোন্মনীভাব অগ্রে বিবৃত হইবে॥ ৪২॥

তৎসিদ্ধয়ে বিধানজ্ঞাশ্চিত্রান্ কুর্ব্বন্তি কুম্ভকান্।
বিচিত্রকুম্ভকাভ্যাসাদ্বিচিত্রাং সিদ্ধিপ্রাপ্নুয়াৎ ॥ ৪৩ ॥

অথ কুম্ভকভেদাঃ।

সূর্য্যভেদনমুজ্জায়ী সীৎকারী সীতলী তথা।
ভস্ত্রিকা ভ্রামরী মূর্চ্ছা প্লাবিনীত্যষ্ট কুম্ভকাঃ ॥ ৪৪ ॥

বিচিত্রেষু কুম্ভকেষু প্রবৃত্তিং জনয়িতুং তেষাং মুখ্যফলমবান্তরফলং চাহ—তৎসিদ্ধয় ইতি বিধানং কুম্ভকানুষ্ঠানপ্রকারস্তজ্জানন্তীতি বিধানজ্ঞাস্তৎসিদ্ধয়ে উন্মন্যবস্থাসিদ্ধয়ে চিত্রান্ সূর্য্যভেদনাদিভেদেন নানাবিধান্ কুম্ভকান্ কুর্ব্বন্তি বিচিত্রাশ্চ তে কুম্ভকাশ্চ বিচিত্রকুম্ভকাস্তেষামভ্যাসাদনুষ্ঠানাদ্বিচিত্রামণিমাদিভেদেন নানাবিধাং বিলক্ষণাং বা জন্মৌষধিমন্ত্রতপোজাতাং। তদুক্তং ভাগবতে—জন্মৌষধিতপোমন্ত্রৈর্যাবতীরিহ সিদ্ধয়ঃ। যোগেনাপ্নোতি তাঃ সর্ব্বা নান্যৈর্যোগগতিং ব্রজেদিতি। আপ্নুয়াৎ প্রত্যাহারাদিপরম্পরয়েতি ভাবঃ ॥ ৪৩ ॥

অথাষ্টকুম্ভকান্নামভির্নির্দ্দিশতি—সূর্য্যভেদনমিতি স্পষ্টং ॥ ৪৪ ॥

বিচিত্র কুম্ভকে প্রবৃত্তি উৎপাদনার্থ সেই কুম্ভকের মোক্ষফল প্রদর্শন করিতেছেন।—যাঁহারা কুম্ভকের সম্যক্ অনুষ্ঠান জানেন, তাঁহারা উন্মনীভাব সিদ্ধির নিমিত্ত সূর্য্যভেদনাদি নানাবিধ কুম্ভক করিয়া থাকেন। নানাবিধ কুম্ভক অভ্যাস করিলে অণিমাদিভেদে নানাবিধ সিদ্ধি লাভ হয়। ভাগবতে লিখিত আছে যে, জন্ম, ঔষধি ও তপস্যাদ্বারা যত প্রকার সিদ্ধি হইতে পারে, সেই সমুদায়ই যোগসাধনে লাভ হয়। পরন্তু যোগাভ্যাসদ্বারা যেরূপ ফলপ্রাপ্তি হয়, অন্য কোন কারণেই তাহা পাওয়া যায় না। ৪৩ ॥

শাস্ত্রে অষ্টপ্রকার কুম্ভক নির্দ্দিষ্ট আছে, তাহার নাম এই—সূর্য্যভেদন, উজ্জায়ী, সীৎকারী, সীতলী, ভস্ত্রিকা, ভ্রামরী, মূর্চ্ছা ও প্লাবনী এই অষ্টবিধ কুম্ভক মুনিগণ নির্দ্দেশ করিয়াছেন। ৪৪ ।

পূরকান্তে তু কর্ত্তব্যো বন্ধো জালন্ধরাভিধঃ।
কুম্ভকান্তে রেচকাদৌ কর্ত্তব্যস্তুড্ডিয়ানকঃ ॥ ৪৫ ॥
অধস্তাৎ কুঞ্চনেনাশু কণ্ঠসঙ্কোচনে কৃতে।
মধ্যে পশ্চিমতানেন স্যাৎ প্রাণো ব্রহ্মনাড়িগঃ ॥ ৪৬ ॥

অথ হঠসিদ্ধাবনন্যসিদ্ধাং পারমহংসীং সর্ব্বকুম্ভকসাধারণযুক্তিমাহ ত্রিভিঃ। পূরকান্ত ইতি জালন্ধর ইত্যভিধা নাম যস্য স জালন্ধরাভিধো বন্ধো বধ্নাতি প্রাণবায়ুমিতি বন্ধঃ কণ্ঠাকুঞ্চনপূর্ব্বকং চিবুকস্য হৃদি স্থাপনং জালন্ধরবন্ধঃ পূরকান্তে পূরকস্যান্তে পূরকানন্তরং ঝটিতি কর্ত্তব্যঃ। তুশব্দাৎ-কুম্ভকাদাবুড্ডিয়ানকস্ত কুম্ভকান্তে কুম্ভকস্যান্তে কিঞ্চিৎ কুম্ভকশেষে রেচক-স্যাদৌ রেচকাদৌ রেচকাৎ পূর্ব্বং কর্ত্তব্যঃ। প্রযত্নবিশেষেণ নাভিপ্রদে-শস্য পৃষ্ঠত আকর্ষণমুড্ডিয়ানবন্ধঃ ॥ ৪৫ ॥

অধস্তাদিতি—কণ্ঠস্য সঙ্কোচনং কণ্ঠসঙ্কোচনং তস্মিন্ কৃতে সতি জাল-ন্ধরবন্ধে কৃতে সতীত্যর্থঃ। আশ্বব্যবহিতোত্তরমেবাধস্তাদধঃপ্রদেশাদা-কুঞ্চনেনাধারাকুঞ্চনেন মূলবন্ধেনেত্যর্থঃ। মধ্যে নাভিপ্রদেশে পশ্চিমতঃ পৃষ্ঠতস্তানং তাননমাকর্ষণং তেনোড্ডিয়ানবন্ধেনেত্যর্থঃ। উক্তরীত্যা

হঠযোগসাধনে পরমহংস যোগিগণ যেরূপে সর্ব্বকুম্ভকসাধারণ যুক্তি প্রদর্শন করেন, তাহাই কথিত হইতেছে।—তাঁহারা বলেন, পূরক করিয়া জালন্ধর বন্ধ করিবে। যাহাতে প্রাণবায়ুর বন্ধন হয়, তাহার নাম বন্ধ। কণ্ঠ আকুঞ্চিত করিয়া হৃদয়োপরি চিবুক স্থাপনই জালন্ধরবন্ধ। আর পূরকের পরে এবং রেচকের অদিতে উড্ডিয়ান বন্ধ করিবে। কোন প্রকার কৌশল করিয়া পৃষ্ঠেতে নাড়ির আকর্ষণই উড্ডিয়ানবন্ধ ॥ ৪৫ ॥

কণ্ঠসঙ্কোচনরূপ জালন্ধরবন্ধ সাধন করিয়া তৎপরক্ষণেই আধার সঙ্কোচনরূপ মূলবন্ধ করিলে পৃষ্ঠ হইতে নাভিপ্রদেশের আকর্ষণরূপ উড্ডিয়ান বন্ধদ্বারা প্রাণবায়ু ব্রহ্মনাড়ী, অর্থাৎ সুষুম্নার মধ্যে গমন করে। ইহার তাৎপর্য্য এই যে, যদি শ্রীগুরুর উপদেশে সম্যক্‌প্রকার জিহ্বাবন্ধ

কৃতেন বন্ধত্রয়েণ প্রাণো বায়ুর্ব্রহ্মনাড়ীং সুষুম্নাং গচ্ছতীতি ব্রহ্মনাড়িগঃ সুষুম্নানাড়িগামী স্যাদিত্যর্থঃ। অত্রেদং রহস্যং—যদি শ্রীগুরুমুখাজ্জিহ্বাবন্ধঃ সম্যক্ পরিজ্ঞাতস্তর্হি জিহ্বাবন্ধপূর্ব্বকেন জালন্ধরবন্ধেনৈব প্রাণায়ামঃ সিধ্যতি। বায়ুপ্রকোপেনৈবমধাতুবপুঃকৃশত্বং বদনে প্রসন্নতেত্যাদীনি সর্ব্বাণি লক্ষণানি জায়ন্ত ইতি মূলবন্ধোড্ডিয়ানবন্ধৌ নোপযুক্তৌ। তয়োর্জ্জিহ্বাবন্ধপূর্ব্বকেণ জালন্ধরবন্ধেনান্যথা সিদ্ধত্বাৎ। জিহ্বাবন্ধো ন বিদিতশ্চেদধস্তাৎকুঞ্চনেনেতি শ্লোকোক্তরীত্যা প্রাণায়ামাঃ কর্ত্তব্যাঃ। ত্রয়োঽপি বন্ধা গুরুমুখাজ্জ্ঞাতব্যাঃ মূলবন্ধস্তু সম্যগজ্ঞাতো নানারোগোৎপাদকঃ। তথা হি—যদি মূলবন্ধে কৃতে ধাতুক্ষয়ো বিষ্টম্ভোঽগ্নিমান্দ্যং নাদমান্দ্যং গুটিকাসমূহাকারমজস্যেব পুরীষং স্যাত্তদা মূলবন্ধঃ সম্যক্ ন জ্ঞাত ইতি বোধ্যং। যদি তু ধাতুপুষ্টিঃ সম্যক্ মলশুদ্ধিরগ্নিদীপ্তিঃ সম্যক্ নাদাভিব্যক্তিশ্চ স্যাত্তদা জ্ঞেয়ং মূলবন্ধঃ সম্যক্ জাতঃ ইতি ॥ ৪৬ ॥

জানিতে পারে, তাহাহইলে জিহ্বাবন্ধনপূর্ব্বক জালন্ধর বন্ধদ্বারা প্রাণায়াম সিদ্ধ হয়, তাহাতে বায়ুর প্রকোপ হয় না, শরীরের কৃশতা, মুখের প্রসন্নতা-প্রভৃতি সর্ব্বপ্রকার লক্ষণ প্রকাশ পায়, ইহাতে মূলবন্ধ ও উড্ডিয়ানবন্ধের কোন প্রয়োজন নাই। জিহ্বাবন্ধনপূর্ব্বক জালন্ধর বন্ধ করিলে মূলবন্ধ ও উড্ডিয়ানবন্ধ কোন কার্য্যকারী হয় না, যাহারা জিহ্বাবন্ধ জানে না, তাহাদিগের পক্ষে মূলবন্ধ ও উড্ডিয়ানবন্ধ করিয়া প্রাণায়াম করা আবশ্যক। উক্ত ত্রিবিধবন্ধই গুরুর নিকট শিক্ষা করিবে, কারণ মূলবন্ধ সম্যক্প্রকারে না জানিয়া কার্য্য করিলে নানাবিধ রোগের উৎপত্তি হয়। মূলবন্ধের ইহাই পরীক্ষা যে, যদি মূলবন্ধ সাধন করিলে ধাতুক্ষয় বিষ্টম্ভ, অগ্নিমান্দ্য, শব্দমান্দ্য এবং ছাগলের ন্যায় গুটিকাকার মল নির্গত হয়, তাহাহইলে জানিতে হইবে যে, মূলবন্ধপরিজ্ঞান হয় নাই, আর যদি ধাতুপুষ্টি, মলশুদ্ধি, অগ্নিদীপ্তি ও সম্যক্প্রকার শব্দাভিব্যক্তি দেখা যায়, তাহাহইলে মূলবন্ধ পরিজ্ঞাত হইয়াছে, স্থির করিবে ॥ ৪৬ ॥

অপানমূর্দ্ধমুত্থাপ্য প্রাণং কণ্ঠাদধো নয়েৎ।
যোগী জরাবিমুক্তঃ সন্ ষোড়শাব্দবয়ো ভবেৎ ॥ ৪৭ ॥

অপানমিতি। অপানমপানবায়ুমূর্দ্ধমুত্থাপ্যাধারাকুঞ্চনেন প্রাণং প্রাণবায়ুং কণ্ঠাদধঃ অধোভাগে নয়েৎ প্রাপয়েদ্যঃ স যোগী যোগোঽস্যাস্তি অভ্যস্তত্বেনেতি যোগী যোগাভ্যাসী জরয়া বার্দ্ধক্যেন বিমুক্তো বিশেষেণ মুক্তঃ সন্। ষোড়শানামব্দানাং সমাহারঃ ষোড়শাব্দং ষোড়শাব্দং বয়ো যস্য স তাদৃশো ভবেৎ। যদ্যপি পূরকান্তে তু কর্ত্তব্য ইত্যাদিনা ত্রয়াণাং শ্লোকানামেক এবার্থঃ পর্য্যবস্যতি তথাপি পূরকান্তে তু কর্ত্তব্য ইত্যনেন বন্ধানাং কাল উক্তঃ। অধস্তাৎকুঞ্চনেনেত্যনেন বন্ধানাং স্বরূপমুক্তং। অপানমূর্দ্ধমুত্থাপ্যেত্যনেন বন্ধানাং ফলমুক্তমিতি বিশেষঃ। জালন্ধরবন্ধে মূলবন্ধে চ কৃতে নাভেরধোভাগ আকর্ষণাখ্যো বন্ধ উড্ডিয়ানবন্ধো ভবত্যেবেত্যস্মিন্ শ্লোকে নোক্তঃ। তথাচোক্তং জ্ঞানেশ্বরেণ গীতা-ষষ্ঠাধ্যায়ব্যাখ্যায়াং। মূলবন্ধে জালন্ধরবন্ধে চ কৃতে নাভেরধোভাগ আকর্ষণাখ্যো স্বয়মেব ভবতীতি ॥ ৪৭ ॥

যে সাধক অপান বায়ুকে ঊর্দ্ধে উৎক্ষিপ্ত করিয়া আধারাকুঞ্চনপূর্ব্বক প্রাণবায়ুকে কণ্ঠের অধোভাগে আনয়ন করিতে পারে, সেই যোগী জরা-বিহীন হয় এবং চিরকাল ষোড়শবর্ষীয় যুবার ন্যায় থাকে। যদিও "পূর-কান্তে তু কর্ত্তব্যঃ" ইত্যাদি বচনদ্বারা উক্ত শ্লোকত্রয়েরই একার্থ পর্য্য-বসান হউক, তথাপি "পূরকান্তে তু কর্ত্তব্যঃ" ইত্যাদি বচনে বন্ধ-ত্রয়ের কাল উক্ত হইয়াছে। "অধোভাগে আকুঞ্চনদ্বারা বন্ধ সকলের স্বরূপ কথিত হইয়াছে। আর অপান বায়ুকে ঊর্দ্ধে উৎক্ষিপ্ত করিয়া" ইহাদ্বারা বন্ধ সকলের ফল নির্দ্দেশ হইয়াছে। পরন্তু এই শ্লোকে ইহাও কথিত হয় নাই যে, জালন্ধর বন্ধ ও মূলবন্ধ করিলে নাভির অধোভাগ আকর্ষণরূপ বন্ধই উড্ডিয়ান বন্ধ। গীতার ষষ্ঠাধ্যায় ব্যাখ্যানে জ্ঞানে-শ্বর বলিয়াছেন যে, মূলবন্ধ ও জালন্ধর বন্ধ করিলেই নাভির অধোভাগে স্বয়ংই আকর্ষণাখ্য বন্ধ হয়। ৪৭।

আসনে সুখদে যোগী বদ্ধা চৈবাসনং ততঃ।
দক্ষনাড্যা সমাকৃষ্য বহিঃস্থং পবনং শনৈঃ ॥ ৪৮ ॥

যোগভ্যাসক্রমং বক্ষ্যে যোগিনাং যোগসিদ্ধয়ে। উষঃকালে সমুত্থায় প্রাতঃকালে২থবা বুধঃ। গুরুং সংস্মৃত্য শিরসি হৃদয়ে স্বেষ্টদেবতাং। শৌচং কৃত্বা দন্তশুদ্ধিং বিদধ্যাদ্ভস্মধারণং। শুচৌ দেশে মঠে রম্যে প্রতিষ্ঠাপ্যাসনং মৃদু। তত্ত্রোপবিশ্য সংস্মৃত্য মনসা গুরুমীশ্বরং। দেশকালৌ চ সংকীর্ত্ত্য সঙ্কল্পবিধিপূর্ব্বকং। অদ্যেত্যাদি শ্রীপরমেশ্বরপ্রসাদপূর্ব্বকং সমাধিতৎফলসিদ্ধ্যর্থমাসনপূর্ব্বকান্ প্রাণায়ামাদীন্ করিষ্যে। অনন্তং প্রণমেদ্দেবং নাগেশং পীঠসিদ্ধয়ে। মণিভ্রাজৎফণাসহস্রবিধৃতবিশ্বম্ভরা-মণ্ডলায়ানন্তায় নাগরাজায় নমঃ। ততো২ভ্যসেদাসনানি শ্রমে জাতে শবাসনং। অন্তে সমভ্যসেত্তত্তু শ্রমাভাবে তু নাভ্যসেৎ। করণীং বিপরীতাখ্যাং কুম্ভকাৎ পূর্ব্বমভ্যসেৎ। জালন্ধরপ্রসাদার্থং কুম্ভকাৎ পূর্ব্ব-

---

অনন্তর যোগিদিগের যোগসিদ্ধির নিমিত্ত যোগাভ্যাসের ক্রম কথিত হইতেছে।—[illegible] প্রত্যূষে অথবা প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া সহস্রারে গুরুদেবকে এবং হৃদয়ে ইষ্টদেবতাকে চিন্তা করিয়া শৌচ ও দন্তশোধনপূর্ব্বক ভস্মধারণ করিবে। পরে পবিত্র প্রদেশে মনোহর মঠাদি মধ্যে কোমল আসন স্থাপন করিযা সেই আসনে উপবেশনপূর্ব্বক মনে মনে গুরুদেবকে স্মরণ করিবে এবং দেশ ও কাল উল্লেখ করিয়া বিধিপূর্ব্বক সঙ্কল্প করিবে, অর্থাৎ “অদ্য অমুক মাস, অমুক পক্ষ ও অমুক তিথিতে আমি শ্রীপরমেশ্বরের প্রসন্নতা লাভ এবং সমাধি ও তৎফল সিদ্ধির নিমিত্ত আসনপূর্ব্বক প্রাণায়ামাদি করিব”। এইরূপ সঙ্কল্প করিয়া পীঠসিদ্ধির নিমিত্ত “মণিভ্রাজৎ ফণাসহস্র বিধৃত বিশ্বম্ভরামণ্ডলায় অনন্তায় নাগরাজায় নমঃ” এই মন্ত্রে অনন্তকে প্রণাম করিবে। তৎপরে আসন অভ্যাস করিবে, আসনাভ্যাসে পরিশ্রম বোধ হইলে প্রথমে শবাসন করা কর্ত্তব্য। সাধারণত অন্তে শবাসন করা বিধেয়, পরন্তু শ্রমবোধ না হইলে শবাসন করিবে না। কুম্ভকের পূর্ব্বে

যোগতঃ। বিধায়াচমনং কৃত্বা কর্ম্মাঙ্গং প্রাণসংযমং। যোগীন্দ্রাদীন্নমস্কৃত্য কৌর্ম্মাচ্চ শিববাক্যতঃ। কূর্ম্মপুরাণে শিববাক্যং। নমস্কৃত্যাথ যোগীন্দ্রান্‌-সশিষ্যাংশ্চ বিনায়কং। গুরুং চৈবাথ মাং যোগী যুঞ্জীত সুসমাহিতঃ। বধ্বাভ্যাসে সিদ্ধপীঠং কুম্ভকাবন্ধপূর্ব্বকং। প্রথমে দশ কর্ত্তব্যাঃ পঞ্চবৃদ্ধ্যা দিনেদিনে। কার্য্যা অশীতিপর্য্যন্তং কুম্ভকাঃ সুসমাহিতৈঃ। যোগীন্দ্রঃ প্রথমং কুর্য্যাদভ্যাসং চন্দ্রসূর্য্যয়োঃ। অনুলোমবিলোমাখ্যমেতং প্রাহুর্ম্মনী-ষিণঃ। সূর্য্যভেদনমভ্যস্য বন্ধপূর্ব্বকমেকধীঃ। উজ্জায়িনং ততঃ কুর্য্যাৎ-সীৎকারীং শীতলীং ততঃ। ভস্ত্রিকাং চ সমভ্যস্য কুর্য্যাদন্যান্নবাপরান্। মুদ্রাঃ সমভ্যসেদ্বুদ্ধা গুরুবক্ত্রাদ্‌যথাক্রমং। ততঃ পদ্মাসনং বদ্ধা কুর্য্যা-ন্নাদানুচিন্তনং। অভ্যাসং সকলং কুর্য্যাদীশ্বরার্পণমাদৃতঃ। অভ্যাসাদু-ত্থিতঃ স্নানং কুর্য্যাদুষ্ণেন বারিণা। স্নাত্বা সমাপয়েন্নিত্যং কর্ম্ম সংক্ষেপতঃ সুধীঃ। মধ্যাহ্নেঽপি তথাভ্যস্য কিঞ্চিদ্বিশ্রাম্য ভোজনং। কুর্ব্বন্তি

বিপরীত করণী মুদ্রা করিবে, বিশেষত জালন্ধরসিদ্ধ্যর্থ কুম্ভকের পূর্ব্বেই কর্ত্তব্য। অনন্তর শিববাক্যানুসারে যোগীন্দ্রদিগকে নমস্কার করিয়া প্রথমে আচমনপূর্ব্বক কর্ম্মাঙ্গ প্রাণসংযম করিবে। কূর্ম্মপুরাণে শিব বলিয়াছেন যে, যোগিগণ সশিষ্য যোগীন্দ্র, বিনায়ক, গুরু এবং আমাকে নমস্কার করিয়া চিত্তসংযমনপূর্ব্বক যোগসাধনে প্রবৃত্ত হইবে। যোগা-ভ্যাস কালে সিদ্ধাসন বন্ধন করিয়া কুম্ভক করিতে আরম্ভ করিবে, প্রথম দিনে দশবার কুম্ভক করিয়া প্রতিদিন পঞ্চবৃদ্ধিনিয়মে কুম্ভক করিতে থাকিবে। এইরূপে যোগীরা সাবধান হইয়া অশীতিপর্য্যন্ত কুম্ভক করিবে। প্রথমে চন্দ্রনাড়ীতে বায়ু গ্রহণ করিয়া সূর্য্য নাড়ীতে রেচন করিবে, পরে অনুলোমবিলোমে প্রাণায়াম করিবে। সূর্য্যভেদন অভ্যাস করিয়া বন্ধপূর্ব্বক একচিত্তে কুম্ভক করিবে। সূর্য্যভেদন অভ্যাস হইলে উজ্জায়ী, শীৎকারী, শীতলী ও ভস্ত্রিকা নাম কুম্ভক অভ্যাস করিয়া অন্য নব-বিধ যোগসাধন করিবে। সাধক গুরুবাক্যানুসারে যথাক্রমে মুদ্রা অভ্যাস করিবে, তৎপরে পদ্মাসন বদ্ধ করিয়া নাদানুচিন্তন করিতে হইবে। এই সকল কার্য্য করিয়া সমুদায় ঈশ্বরে সমর্পণ করিবে। অনন্তর গাত্রোত্থান

যোগিনঃ পথ্যমপথ্যং ন কদাচন। এলাং বাপি লবঙ্গং বা ভোজনান্তে চ ভক্ষয়েৎ। কেচিৎ কর্পূরমিচ্ছন্তি তাম্বূলং শোভনং তথা। চূর্ণেন রহিতং শস্তং পবনাভ্যাসযোগিনাং। ইতি চিন্তামণের্ব্বাক্যং স্বারস্যং ভজতে নহি। কেচিৎপদেন যম্মাত্তু তয়োঃ শীতোষ্ণহেতুনা। ভোজনানন্তরং কুর্য্যান্মোক্ষশাস্ত্রাবলোকনং। পুরাণশ্রবণং বাপি নামসঙ্কীর্ত্তনং বিভোঃ। সায়ংসন্ধ্যাবিধিং কৃত্বা যোগং পূর্ব্ববদভ্যসেৎ। যদা ত্রিঘটিকাশেষো দিবসোঽভ্যাসমাচরেৎ। অভ্যাসানন্তরং কার্য্যা সায়ংসন্ধ্যা সদা বুধৈঃ। অর্দ্ধরাত্রে হঠাভ্যাসং বিদধ্যাৎ পূর্ব্ববদ্যমী। বিপরীতাং তু করণীং সায়ংকালার্দ্ধরাত্রয়োঃ। নাভ্যসেদ্ভোজনাদূর্দ্ধং যতঃ সা ন প্রশস্যতে। অথোদ্দেশানুক্রমণং কুম্ভকান্ বিবক্ষুস্তত্র প্রথমোদিতং সূর্য্যভেদনং তদ্গুণাংশ্চাহ ত্রিভিঃ॥ আসন ইতি। সুখং দদাতীতি সুখদং তস্মিন্ সুখদে। শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য স্থিরমাসনমাত্মনঃ। নাত্যুচ্ছ্রিতং নাতিনীচং

করিয়া উষ্ণজলে স্নান করিবে। সুধীসাধক স্নানান্তে সংক্ষেপে নিত্য কার্য্য সমাপন করিয়া মধ্যাহ্ন কালেও পূর্ব্ববৎ যোগসাধন করিবে। অনন্তর কিঞ্চিৎ কাল বিশ্রাম করিয়া ভোজন করিবে। ভোজন কালে পূর্ব্বোক্ত পথ্যাশন করিবে, কদাচ অপথ্য ভোজন করিবে না। ভোজনান্তে এলাচী কিম্বা লবঙ্গ ভক্ষণ করিবে। কেহ কেহ বায়ু-যোগাভ্যাসকারী যোগিগণের পক্ষে কর্পূরযুক্ত চূর্ণবিহীন তাম্বূল ভক্ষণের ব্যবস্থা করেন। এই চিন্তামণির মত প্রশস্ত নহে। প্রাণা-য়ামী-সাধক ভোজনান্তে মোক্ষশাস্ত্রাবলোকন, পুরাণশ্রবণ ও বিভুর নাম কীর্ত্তন করিবে। পরে সায়ংকাল উপস্থিত হইলে যথাবিধি সায়ংসন্ধ্যা সমাপন করিয়া পূর্ব্ববৎ যোগ সাধন করিবে। অথবা দিবসের ত্রিঘটিকা মাত্র বেলা অবশিষ্ট থাকিতে যোগাভ্যাস আরম্ভ করিবে এবং যোগসাধন ক্রিয়া শেষ হইলে সন্ধ্যা করিবে। পরে অর্দ্ধ-রাত্রি সময়ে সংযমী ব্যক্তি পুনর্ব্বার পূর্ব্ববৎ যোগসাধন করিবে। সায়ং-কালে ও রাত্রিতে বিপরীত করণী মুদ্রা করিবে না, যেহেতু ভোজনের পর উহা প্রশস্ত নহে। এইরূপ ক্রমে কুম্ভক নির্ব্বাচনাভিপ্রায়ে প্রথমোদিত

আকেশাদানখাগ্রাচ্চ নিরোধাবধি কুম্ভয়েৎ।
ততঃ শনৈঃ সব্যনাড্যা রেচয়েৎপবনং শনৈঃ॥ ৪৯॥

চেলাজিনকুশোত্তরমিত্যুক্তলক্ষণে বিবিক্তদেশে সুখাসনস্থঃ শুচিঃ সমগ্রীবশিরঃশরীর ইতি শ্রুতেশ্চ। চেলাজিনকুশোত্তর আসনে। আস্তেঽস্মিন্নিত্যাসনং আস্যতেঽনেনেতি বা তস্মিন্ যোগী যোগাভ্যাসী। আসনং স্বস্তিকবীরসিদ্ধপদ্মাদ্যন্যতমং মুখ্যত্বাৎ সিদ্ধাসনমেব বা বদ্ধৈব বন্ধনেন সংপাদ্যৈব কৃত্বৈবেত্যর্থঃ। তত আসনবন্ধানন্তরং দক্ষা দক্ষিণভাগস্থা যা নাড়ী পিঙ্গলা তয়া বহিঃস্থং দেহাদ্বহির্ব্বর্ত্তমানং পবনং বায়ুং শনৈর্ম্মন্দং মন্দমাকৃষ্য পিঙ্গলয়া মন্দংমন্দং পূরকং কৃত্বেত্যর্থঃ॥ ৪৮॥

আকেশাদিতি। কেশানামর্য্যাদীকৃত্যাকেশং তস্মান্নখাগ্রানামর্যাদীকৃত্যেত্যানখাগ্রং তস্মাচ্চ নিরোধস্য বায়োরবরোধস্যাবধির্ম্মর্যদা যস্মিন্‌কর্ম্মণি তত্তথা কুম্ভয়েৎ। কেশপর্য্যন্তং নখাগ্রপর্য্যন্তং চ বায়োর্নিরোধো

সূর্য্যভেদন এবং তদ্‌গুণ বলিতেছেন।—অতি পবিত্র নির্জ্জন প্রদেশে অতি নীচ বা অতি উচ্চ নহে, এমন সুখপ্রদ আসন স্থাপন করিয়া, অর্থাৎ প্রথমে বস্ত্র, তদুপরি মৃগাদির চর্ম্ম, তদুপরি কুশাস্তরণপূর্ব্বক তাহাতে উপবেশন করিয়া শির, গ্রীবা ও শরীর সম ও সরল ভাবে রাখিয়া উপবেশন করিবে। অনন্তর স্বস্তিকাসন, বীরাসন, সিদ্ধাসন, পদ্মাসন, অথবা ভদ্রাসন বদ্ধ করিয়া দক্ষিণস্থা পিঙ্গলা নাড়ীদ্বারা ক্রমত অল্পে অল্পে বহিঃস্থ বায়ু আকর্ষণ করিবে এবং সেই পিঙ্গলাদ্বাই পূরক করিতে থাকিবে॥ ৪৮॥

অনন্তর কেশ হইতে নখাগ্র পর্য্যন্ত বায়ুরোধ করিয়া কুম্ভক করিবে। হঠাৎ প্রাণবায়ু রোধ করিলে লোমকূপদ্বারা বায়ু নিঃসারিত হয়, অথবা দেহ বিদীর্ণ করিয়া বায়ু বহির্গত হয় এবং তাহাতে কুষ্ঠরোগ জন্মিয়া থাকে, অতএব ক্রমে ক্রমে বায়ুরোধ অভ্যাস করিবে। যেমন পালিত হস্তীদ্বারা বন্য করীকে ক্রমশ বশীভূত করিতে হয়, সেইরূপ অভ্যাস দ্বারা

যথা ভবেত্তথাতিপ্রযত্নেন কুম্ভকং কুর্য্যাদিত্যর্থঃ। নমু হঠান্নিরুদ্ধঃ প্রাণো-হয়ং রোমকূপেষু নিঃসরেৎ। দেহং বিদারয়ত্যেষ কুষ্ঠাদিং জনয়ত্যপি। ততঃ প্রত্যাপিতব্যোঽসৌ ক্রমেণারণ্যহস্তিবৎ। বন্যো গজো গজারির্ব্বা ক্রমেণ মৃদুতামিয়াৎ। করোতি শাস্ত্রনির্দ্দেশান্ন চ তং পরিলঙ্ঘয়েৎ। তথা প্রাণো হৃদিস্থোঽয়ং যোগিনাং ক্রমযোগতঃ। গৃহীতঃ সেব্যমানস্তু বিশ্রম্ভমুপগচ্ছতীতি বাক্যবিরুদ্ধমিতি প্রযত্নেন কুম্ভকং কুর্য্যাদিতি কথমুক্ত-মিতি চেন্ন। হঠান্নিরুদ্ধঃ প্রাণোয়মিতি বাক্যস্তু বলাদচিরেণ প্রাণজয়ং করিষ্যামীতি বুধ্যারম্ভঃ। এবঞ্চ বহ্বাভ্যাসাসক্তপরত্বাৎ ক্রমেণাপ্যরণ্য-হস্তিবদিতি দৃষ্টান্তস্বারস্যাচ্চ। অতএব সূর্য্যাচন্দ্রমসোরভ্যাসে ধারয়িত্বা নিরোধত ইতি চোক্তং সঙ্গচ্ছতে। তস্মাৎ কুম্ভকস্ত্বতিপ্রযত্নপূর্ব্বকং কর্ত্তব্যঃ। যথাযথাতিযত্নেন কুম্ভকং ক্রিয়তে তথা। তথা তস্মিন্ গুণাধিক্যং ভবেৎ। যথাযথা চ শিথিলং কুম্ভকং স্যাত্তথাতথা। গুণাল্পত্বং স্যাৎ। অত্র যোগিনা-মনুভবোঽপি মানং। পূরকস্তু শনৈঃ শনৈঃ কার্য্যঃ বেগাদ্বা কর্ত্তব্যঃ।

ক্রমে ক্রমে বায়ুরোধ করিবে, অতএব শাস্ত্রনির্দ্দিষ্ট নিয়মানুসারে প্রাণা-য়াম করিবে, কদাচ প্রাণায়ামসাধক শাস্ত্র লঙ্ঘন করিবে না। প্রাণ-বায়ু ক্রমত হৃদিস্থ করিয়া গ্রহণ করিতে পারিলেই বায়ু সেব্যমান হইয়া বশীভূত হয়; সুতরাং যত্নপূর্ব্বক কুম্ভক করিবে, অর্থাৎ বলপ্রয়োগ-পূর্ব্বক বহু আয়াস করিয়া সহসা এই কার্য্য সিদ্ধি করিতে চেষ্টা করিবে না, ক্রমত বায়ু ধারণ অভ্যাস করিবে। এই নিমিত্তই পূর্ব্বে বন্য হস্তীর দৃষ্টান্ত প্রদর্শিত হইয়াছে এবং বাম দক্ষিণ নাড়ীতে প্রাণায়াম অভ্যাস করিবে, ইহাও উক্ত হইয়াছে। অতএব অতি যত্নসহকারে সাবধান হইয়া কুম্ভক করা কর্ত্তব্য। কুম্ভকে যেরূপ যত্নাধিক্য করিবে, সেইরূপ ফলা-ধিক্য হইবে এবং যত্নের অল্পতা হইলে ফলেরও অল্পতা হয়। বাস্তবিক কুম্ভকসাধনে যোগিদিগের অনুভবই কারণ। সাধক আপন শক্তি অনু-সারে অল্পে অল্পে কিম্বা বেগে কুম্ভক করিবে। সাধকের শক্তি থাকিলে অতি বেগে কুম্ভক করিলেও দোষ হয় না; সুতরাং যাহার যেমন শক্তি, সেই ব্যক্তি সেইরূপে প্রাণায়াম অভ্যাস করিবে। যেমন ক্রমতপূরক ও

কপালশোধনং বাতদোষঘ্নং কৃমিদোষহৃৎ।
পুনঃ পুনরিদং কার্য্যং সূর্য্যভেদনমুত্তমম্ ॥ ৫০ ॥

বেগাদপি কৃতে পূরকে দোষাভাবাৎ। রেচকস্তু শনৈঃ শনৈরেব কর্ত্তব্যঃ। বেগাৎকৃতে রেচকে বলহানিপ্রসঙ্গাৎ। ততঃ শনৈঃ শনৈরেব রেচয়েন্ন তু বেগতঃ। ইত্যাদ্যনেকধা গ্রন্থকারোক্তেশ্চ। ততো নিরোধাবধি কুম্ভকানন্তরং শনৈঃ শনৈর্ম্মন্দং মন্দং সব্যে বামভাগে স্থিতা নাড়ী সব্যনাড়ী তয়া সব্যনাড্যা ইড়য়া পবনং বায়ুং রেচয়েদ্বহির্নিঃসারয়েৎ। পুনঃ শনৈরিত্যুক্তিস্তু শনৈরেব রেচয়েদিত্যবধারণার্থং। তদুক্তং। বিস্ময়ে চ বিশাদে চ দৈন্যে চৈবাবধারণে। তথা প্রসাদনে হর্ষে বাক্যমেকং দ্বিরুচ্যত ইতি ॥ ৪৯ ॥

কপালশোধনমিতি। কপালস্য মস্তকস্য শোধনং শুদ্ধিকরং বাতজা দোষা বাতদোষাঃ অশীতিপ্রকারাস্তান্ হন্তীতি বাতদোষঘ্নং কৃমীণামুদরে জাতানাং দোষো বিকারস্তং হরতীতি কৃমিদোষহৃৎ। পুনঃ পুনর্ভূয়োভূয়ঃ কার্য্যং। সূর্য্যেণাপূর্য্য কুম্ভয়িত্বা চন্দ্রেণ রেচনমিতি রীত্যেদমুৎকৃষ্টং সূর্য্যভেদনং সূর্য্যভেদনাখ্যমুক্তং যোগিভিরিতি শেষঃ ॥ ৫০ ॥

কুম্ভক করিবে, সেইরূপ ক্রমে ক্রমে রেচন করিবে। বলপ্রয়োগ করিয়া রেচন করিলে বল হানি হয়, অতএব ক্রমত রেচন করিবে। বলপূর্ব্বক করিবে না. এইরূপ অনেকবার বহুগ্রন্থকারের উক্তি আছে, অতএব বায়ুনিরোধানন্তর কুম্ভক করিয়া বামভাগস্থিত ইড়ানাড়ীদ্বারা ক্রমে ক্রমে রেচক, অর্থাৎ গৃহীত বায়ু বহির্নিঃসারিত করিবে ॥ ৪৯ ॥

পূর্ব্বোক্ত প্রকারে কুম্ভক করিলে সাধকের মস্তক শুদ্ধ হয়. অশীতি প্রকার বায়ুদোষ বিনাশ পায় এবং উদরস্থ ক্রিমিবিকার নষ্ট হইয়া থাকে, অতএব যোগিগণ পুনঃ পুনঃ উক্ত প্রকার কুম্ভক অভ্যাস করিবে। এই যোগে সূর্য্য নাড়ীদ্বারা বায়ুপূরণ করিয়া কুম্ভক করত চন্দ্র নাড়ীতে বায়ু রেচন করিতে হয়, এই নিমিত্ত ইহাকে সূর্য্যভেদন বলে। ইহা অতি প্রধান যোগ বলিয়া যোগীরা স্থির করিয়াছেন ॥ ৫০ ॥

অথোজ্জায়ী।

মুখং সংযম্য নাড়ীভ্যামাকৃষ্য পবনং শনৈঃ।
যথা লগতি কণ্ঠাত্তু হৃদয়াবধি সস্বনম্॥ ৫১॥
পূর্ব্ববৎকুম্ভয়েৎপ্রাণং রেচয়েদিড়য়া ততঃ।
শ্লেষ্মদোষহরং কণ্ঠে দেহানলবিবর্দ্ধনম্॥ ৫২॥

উজ্জায়িনমাহ সার্দ্ধেন। মুখমিতি মুখমাস্যং সংযম্য সংযতং কৃত্বা মুদ্রয়িত্বেত্যর্থঃ। কণ্ঠাত্তু কণ্ঠাদারভ্য হৃদয়াবধি হৃদয়মবধির্যস্মিন্ কর্ম্মণি তত্তথা স্বনেন সহিতং যথাস্যাত্তথা। উভে ক্রিয়াবিশেষণে। লগতি শ্লিষ্যতি পবন ইত্যর্থাৎ। তথা তেন প্রকারেণ নাড়ীভ্যামিড়াপিঙ্গলাভ্যাং পবনং বায়ুং শনৈর্ম্মন্দমাকৃষ্যাকৃষ্টং কৃত্বা পূরয়িত্বেত্যর্থঃ। ৫১।

প্রাণং পূর্ব্ববৎপূর্ব্বেণ সূর্য্যভেদনেন তুল্যং পূর্ব্ববৎ। আকেশাদানখাগ্রাচ্চ নিরোধাবধি কুম্ভয়েদিত্যুক্তরীত্যা কুম্ভয়েদ্রোধয়েৎ। ততঃ কুম্ভকানন্তরমিড়য়া বামনাড্যা রেচয়েত্ত্যজেৎ। উজ্জায়িগুণানাহ সার্দ্ধশ্লোকেন। শ্লেষ্মদোষহরমিতি। কণ্ঠে কণ্ঠপ্রদেশে শ্লেষ্মণো দোষাঃ শ্লেষ্মদোষাঃ কাসাদয়স্তান্ হরতীতি শ্লেষ্মদোষহরস্তং দেহানলস্য দেহে মধ্যগতানলস্য জাঠরস্য বিবর্দ্ধনং বিশেষেণ বর্দ্ধনং দীপনমিত্যর্থঃ॥ ৫২।

অনন্তর উজ্জায়ী কুম্ভক কথিত হইতেছে।—সাধক মুখ মুদ্রিত করিয়া যাহাতে কণ্ঠ হইতে হৃদয় পর্য্যন্ত বায়ু সশব্দে সংলগ্ন, এইরূপে ইড়া ও পিঙ্গলা উভয় নাড়ীদ্বারা বায়ু আকর্ষণ করিবে। ৫১॥

বায়ু আকর্ষণ করিয়া সূর্য্যভেদনক্রমানুসারে আকেশ পাদাগ্র পর্য্যন্ত কুম্ভক করিবে। অনন্তর ইড়ানাড়ী, অর্থাৎ বামনাসিকায় বায়ু রেচন করিতে হইবে। এইরূপে উজ্জায়ী প্রাণায়াম সাধন করিলে শ্লেষ্মদোষ নিবৃত্তি হয়, তাহার কাসরোগ জন্মিতে পারে না এবং জঠরাগ্নি বৃদ্ধি পায়॥ ৫২॥

নাড়ীজলোদরাধাতুগতদোষবিনাশনম্।
গচ্ছতা তিষ্ঠতা কার্য্যমুজ্জায্যাখ্যং তু কুম্ভকম্॥ ৫৩॥

অথ সীৎকারী।

সীৎকাং কুর্য্যাত্তথা বক্ত্রে ঘ্রাণেনৈব বিজৃম্ভিকাম্।
এবমভ্যাসযোগেন কামদেবো দ্বিতীয়কঃ॥ ৫৪॥

নাড়ীতি। নাড়ী শিরা জলং পীতমুদকমুদরং তুন্দমাসমন্তাদ্দেহে বর্ত্তমানা ধাতব আধাতবঃ। এষামিতরেতরদ্বন্দ্বঃ। তেষু গতঃ প্রাপ্তো যো দোষো বিকারস্তং বিশেষেণ নাশয়তীতি নাড়ীজলোদরাধাতুগতদোষবিনাশনং। গচ্ছতা গমনং কুর্ব্বতা তিষ্ঠতা স্থিতেন বাপি পুংসা উজ্জায্যাখ্যামুজ্জায়ীত্যাখ্যা যস্য তৎ। তু ইত্যনেনাস্য বৈশিষ্ট্যং দ্যোতয়তি। কার্য্যং কর্ত্তব্যং। উজ্জাপীতি ক্বচিৎপাঠঃ। গচ্ছতা তিষ্ঠতা তু বন্ধরহিতঃ কর্ত্তব্যঃ। কুম্ভকশব্দস্ত্রিলিঙ্গঃ। পুংলিঙ্গপাঠে তু বিশেষণেষ্বপি পুংলিঙ্গঃ পাঠঃ কার্য্যঃ॥ ৫৩॥

সীৎকারীকুম্ভকমাহ। সীৎকামিতি। বক্ত্রে মুখে সীৎকাং সীদেব সীৎকা সীদিতি শব্দঃ সীৎকারস্তাং কুর্য্যাৎ। ওষ্ঠয়োরন্তরে সংলগ্নয়া জিহ্বয়া সীৎকারপূর্ব্বকং মুখেন পূরকং কুর্য্যাদিত্যর্থঃ। ঘ্রাণেনৈব নাসিকয়ৈবেত্যনেনোভাভ্যাং নাসাপুটাভ্যাং রেচকঃ কার্য্য ইত্যুক্তং।

উক্ত উজ্জায়ী নামক কুম্ভক নাড়ীগতদোষ, পীতজলস্থিতদোষ, উদরগত দোষ, সর্ব্বদেহব্যাপী ধাতুদোষ হরণ করে। এই উজ্জায়ী কুম্ভক গমনকালেও করিতে পারে, ইহাতে কোনরূপ বন্ধাদির প্রয়োজন নাই॥ ৫৩॥

অনন্তর সীৎকারী নামক কুম্ভক কথিত হইতেছে।—এই প্রাণায়ামের প্রথমে সাধক মুখে সীৎকার, অর্থাৎ "সীৎ" এইরূপ শব্দ করিয়া ওষ্ঠদ্বয়ের মধ্যে জিহ্বা সংলগ্নকরতঃ সেই জিহ্বাদ্বারা সীৎকারপূর্ব্বক বায়ু পূরণ করিবে। অনন্তর কুম্ভক করিয়া উভয় নাসিকায় রেচন করিবে, কদাচ

যোগিনীচক্রসামান্যঃ সৃষ্টিসংহারকারকঃ।
ন ক্ষুধা ন তৃষ্ণা নিদ্রা নৈবালস্যং প্রজায়তে॥ ৫৫॥
ভবেৎ সত্ত্বং চ দেহস্য সর্ব্বোপদ্রববর্জ্জিতঃ।
অনেন বিধিনা সত্যং যোগীন্দ্রো ভূমিমণ্ডলে॥ ৫৬॥

এবশব্দেন বক্ত্রস্য ব্যবচ্ছেদঃ। বক্ত্রেণ বায়োর্নিঃসারণং ত্বভ্যাসানন্তরমপি ন কার্য্যং। বলহানিকরত্বাৎ। বিজৃম্ভিকাং রেচকং কুর্য্যাদিত্যত্রাপি সম্বধ্যতে। কুম্ভকত্বমুক্তোঽপি সীৎকার্য্যাঃ কুম্ভকত্বাদেবাবগন্তব্যঃ। অথ সীৎকার্য্যাঃ প্রশংসা। এবমুক্তপ্রকারেণাভ্যাসঃ পৌনঃপুন্যেনানুষ্ঠানং স এব যোগঃ যোগসাধনত্বাত্তেন দ্বিতীয় এব দ্বিতীয়কঃ কামদেবঃ কন্দর্পঃ। রূপলাবণ্যাতিশয়েন কামদেবসাদৃশ্যাৎ॥ ৫৪॥

যোগিনীনাং চক্রং যোগিনীচক্রং যোগিনীসমূহঃ। তস্য সামান্যঃ সংসেব্যঃ সৃষ্টিঃ প্রপঞ্চোৎপত্তিঃ সংহারস্তল্লয়ঃ তয়োঃ কারকঃ কর্ত্তা। ক্ষুধা ভোক্তুমিচ্ছা ন। তৃষা জলপানেচ্ছা ন। নিদ্রা সুষুপ্তির্ন। আলস্যং কায়চিত্তগৌরবাৎপ্রবৃত্ত্যভাবঃ। কায়গৌরবং কফাদিনা চিত্তগৌরবং তমোগুণেন নৈব প্রজায়তে নৈব প্রাদুর্ভবতি। এবমভ্যাসযোগেনেতি প্রজায়ত ইতি চ প্রতিবাক্যং সম্বধ্যতে॥ ৫৫॥

ভবেদিতি। দেহস্য শরীরস্য সত্ত্বং বলং চ ভবেৎ। অনেনোক্তেন বিধিনাভ্যাসবিধিনা যোগিনামিন্দ্র ইব যোগিন্দ্রো ভূমিমণ্ডলে সর্ব্বরূপ-

---

মুখদ্বারা রেচন করিবে না, যেহেতু মুখদ্বারা রেচন করিলে বলহানি হইয়া থাকে। এই যোগ পুনঃ পুনঃ অনুষ্ঠান করিলে সেই ব্যক্তি কামদেবতুল্য রূপলাবণ্য সম্পন্ন হয়॥ ৫৪।

উক্ত সীৎকারী যোগ সাধন করিতে পারিলে সাধক যোগিনীগণের সেব্য হইয়া থাকে এবং সে এই প্রপঞ্চ জগতের সৃষ্টি ও সংহার করিতে সমর্থ হয়। তাহার ক্ষুধা, তৃষ্ণা, নিদ্রা ও আলস্য কিছুই থাকে না॥ ৫৫॥

উক্ত সীৎকারী যোগের প্রভাবে সাধকের শরীরে সমধিক বল বৃদ্ধি

অথ শীতলী।

জিহ্বয়া বায়ুমাকৃষ্য পূর্ব্ববৎ কুম্ভসাধনম্।
শনৈর্ঘ্রাণরন্ধ্রাভ্যাং রেচয়েৎ পবনং সুধীঃ॥ ৫৭॥
গুল্মপ্লীহাদিকান্ রোগান্ জ্বরং পিত্তং ক্ষুধাং তৃষাম্।
বিষাণি শীতলীনাম কুম্ভিকেয়ং নিহন্তি হি॥ ৫৮॥

দ্রবৈর্ব্বর্জ্জিতঃ সর্ব্বোপদ্রববর্জ্জিতো ভবেৎ সত্যং। সর্ব্ববাক্যং সাবধারণমিতি ন্যায়াৎ। যদুক্তং ফলং তৎসত্যমেবেত্যর্থঃ। ৫৬॥

শীতলীকুম্ভকমাহ। জিহ্বয়েতি জিহ্বয়োষ্ঠয়োর্ব্বহির্নির্গতয়া বিহঙ্গমাধবচঞ্চুসদৃশয়া বায়ুমাকৃষ্য শনৈঃ পূরকং কৃত্বেত্যর্থঃ। পূর্ব্ববৎ সূর্য্যভেদনবৎ কুম্ভস্য কুম্ভকস্য সাধনং বিধানং কৃত্বেত্যধ্যাহারঃ। সুধীঃ শোভনা ধীর্যস্য সঃ ঘ্রাণস্য রন্ধ্রে তাভ্যাং নাসাপুটবিবরাভ্যাং শনকৈঃ শনৈরেব। অব্যয়সর্ব্বনাম্নামিত্যক্চ। পবনং বায়ুং রেচয়েৎ। ৫৭॥

শীতলীগুণানাহ। গুল্মশ্চ প্লীহশ্চ গুল্মপ্লীহৌ রোগবিশেষাবাদী যেষাং তে গুল্মপ্লীহাদিকাস্তান্ রোগানাময়ান্ জ্বরং জ্বরাখ্যং রোগং পিত্তং পিত্তবিকারং ক্ষুধাং ভোক্তুমিচ্ছাং তৃষাং জলপানেচ্ছাং বিষাণি সর্পাদিবিষজনিতবিকারান্। শীতলীনামেতি প্রসিদ্ধার্থিকমব্যয়ং। ইয়মুক্তা কুম্ভিকা

পায়। যোগীন্দ্রগণ উক্ত বিধি অনুসারে যোগাভ্যাস করিলে ভূমণ্ডলে সর্ব্বপ্রকার উপদ্রব রহিত হইয়া থাকে॥ ৫৬॥

এইক্ষণ শীতলী নামক কুম্ভক কথিত হইতেছে।—জিহ্বাকে ওষ্ঠদ্বয়ের বহির্গত করিয়া তাহা পক্ষিচঞ্চুর ন্যায় করিবে, পরে এই পক্ষিচঞ্চুসদৃশ জিহ্বাদ্বারা ক্রমত বায়ু আকর্ষণ করতঃ পূরক করিবে। অনন্তর সুধীসাধক পূর্ব্বোক্ত সূর্য্যভেদন কুম্ভকের ন্যায় কুম্ভক করিয়া উভয় নাসিকাদ্বারা অল্পে অল্পে বায়ু রেচন, অর্থাৎ বায়ু নিঃসারিত করিবে, ইহাকেই শীতলী কুম্ভক বলে॥ ৫৭॥

অনন্তর শীতলী কুম্ভকের গুণ বিবৃত হইতেছে।—এই শীতলী কুম্ভক সাধন করিলে গুল্ম প্লীহাপ্রভৃতি উদররোগ, জ্বর, পিত্তবিকার বিনাশ

অথ ভস্ত্রিকা।

ঊর্ব্বোরুপরি সংস্থাপ্য শুভে পাদতলে উভে।
পদ্মাসনং ভবেদেতৎ সর্ব্বপাপপ্রণাশনম্ ॥ ৫৯ ॥
সম্যক্ পদ্মাসনং বদ্ধা সমগ্রীবোদরঃ সুধীঃ।
মুখং সংযম্য যত্নেন প্রাণং প্রাণেন রেচয়েৎ ॥ ৬০ ॥

নিহন্তি নিতরাং হন্তি। কুম্ভশব্দঃ স্ত্রীলিঙ্গোঽপি। তথাচ শ্রীহর্ষঃ। উদস্য কুম্ভীরথশাতকুম্ভজা ইতি ॥ ৫৮ ॥

ভস্ত্রাকুম্ভকস্য পদ্মাসনপূর্ব্বকমেবানুষ্ঠানাত্তদাদৌ পদ্মাসনমাহ। ঊর্ব্বোরিতি। উপর্য্যুত্তানে শুদ্ধে শুভ্রে উভে দ্বে পাদয়োস্তলেঽধঃপ্রদেশে ঊর্ব্বোঃ সংস্থাপ্য সম্যক্ স্থাপয়িত্বা বসেৎ। এতৎপদ্মাসনং ভবেৎ। কীদৃশং সর্ব্বেষাং পাপানাং প্রকর্ষেণ নাশনং। অত্রোপরীত্যব্যয়মুত্তানবাচকং। তথা চ কারকেষু মনোরমায়াং উপর্য্যুপরি বুদ্ধীনামিত্যত্রোপরি বুদ্ধীনামিত্যস্যোত্তানবুদ্ধীনামিতি ব্যাখ্যানং কৃতং ॥ ৫৯ ॥

ভস্ত্রিকাকুম্ভকমাহ। সমমিতি। গ্রীবা চ উদরং চ গ্রীবোদরং। প্রাণ্যঙ্গত্বাদেকবদ্ভাবঃ সমং গ্রীবোদরং যস্য স সমগ্রীবোদরঃ। সুস্থিতা ধীর্য্যস্য স সুধীঃ পদ্মাসনং সম্যক্ স্থিরং বদ্ধা মুখং সংযম্য সংযতং কৃত্বা যত্নেন প্রযত্নেন ঘ্রাণেন ঘ্রাণস্যৈকতরেণ রন্ধ্রেণ প্রাণং শরীরান্তঃ স্থিতং বায়ুং রেচয়েৎ ॥ ৬০ ॥

পায়, সাধকের ক্ষুধা তৃষ্ণা থাকে না এবং এই শীতলী কুম্ভক সর্পাদি বিষ বিকার নষ্ট করে ॥ ৫৮ ॥

এইক্ষণ ভস্ত্রিকা নামক কুম্ভক বিবৃত হইতেছে।—এই কুম্ভক সাধনকালে প্রথমে পদ্মাসন করিতে হয়, তাহার ক্রম এই,—বাম উরুতে দক্ষিণ পাদতল এবং দক্ষিণ উরুতে বাম পাদতল স্থাপন করিয়া উপবেশন করিলেই পদ্মাসন হয়, এই আসন সাধকের সর্ব্বপ্রকার পাপ বিনাশ করে ॥ ৫৯ ॥

ভস্ত্রিকা সাধন করিতে হইলে সুধী সাধক সম্যক্‌রূপে পদ্মাসন বদ্ধ করিয়া উপবেশনপূর্ব্বক গ্রীবা ও উদর সমভাবে রাখিবে এবং মুখ

যথা লগতি হৃৎকণ্ঠে কপালাবধি সস্বনম্।
বেগেন পূরয়েচ্চাপি হৃৎপদ্মাবধি মারুতম্ ॥ ৬১ ॥
পুনর্ব্বিরেচয়েত্তদ্বৎ পূরয়েচ্চ পুনঃ পুনঃ।
যথৈব লোহকারেণ ভস্ত্রা বেগেন চাল্যতে ॥ ৬২ ॥

রেচকপ্রকারমাহ। যথেতি। হৃচ্চ হৃৎকণ্ঠং তস্মিন্ হৃৎকণ্ঠে। সমাহারদ্বন্দ্বঃ। কপালাবধি কপালপর্য্যন্তং স্বনেন সহিতং সস্বনং যথা স্যাত্তথা যেন প্রকারেণ লগতি প্রাণ ইতি শেষঃ তথা রেচয়েৎ। হৃৎপদ্মমবধির্যস্মিন্ কর্ম্মণি তৎ হৃৎপদ্মাবধি বেগেন তরসা মারুতং বায়ুং পূরয়েৎ। চাপীতি পাদপূরণার্থং ॥ ৬১ ॥

পুনরিতি। তদ্বৎপূর্ব্ববৎ পুনর্ব্বিরেচয়েৎ পুনঃ পুনঃ পূরয়েচ্চেত্যন্বয়ঃ। উক্তেঽর্থে দৃষ্টান্তমাহ। যথৈবেতি। লোহকারেণ লোহবিকারাণাং কর্ত্তা ভস্ত্রাগ্নের্ধমনসাধনীভূতং চর্ম্ম যথৈব যেন প্রকারেণ বেগেন চাল্যতে ॥৬২॥

সংযত করিয়া যত্নসহকারে নাসিকারন্ধ্রের অন্তর্গত বায়ু রেচন করিতে হইবে ॥ ৬০ ॥

পূর্ব্বশ্লোকে যে অন্তর্ব্বায়ু রেচন উক্ত হইয়াছে, তাহার ক্রম এই,—যাহাতে কপালাবধি হৃদয় ও কণ্ঠেতে সশব্দে বায়ু সংলগ্ন হয়, এইরূপে অন্তর্গত বায়ু রেচন করিয়া পুনর্ব্বার হৃদয়কমল পর্য্যন্ত বেগ সহকারে বায়ু পূরণ করিবে ॥ ৬১ ॥

অনন্তর পূর্ব্ব পূরিত বায়ু নিঃসারণ করিবে এবং পুনর্ব্বার বায়ু পূরণ করিয়া রেচন করিবে। যেমন লোহকারকদিগের ভস্ত্রা (অগ্নি প্রজ্জালনার্থ চর্ম্মনির্ম্মিত যন্ত্র) একবার বায়ু পূর্ণ করিয়া পরক্ষণেই সেই বায়ু নিঃসারিত করে, সেইরূপ সাধক বায়ুদ্বারা উদর পূর্ণ করিবে ও উদর হইতে বায়ু নিঃসারিত করিবে ॥ ৬২ ॥

তথৈব স্বশরীরস্থং চালয়েৎ পবনং ধিয়া।
যদা শ্রমো ভবেদ্দেহে তদা সূর্য্যেণ পূরয়েৎ ॥ ৬৩ ॥
যথোদরং ভবেৎ পূর্ণমনিলেন তথা লঘু।
ধারয়েন্নাসিকাং মধ্যাতর্জ্জনীভ্যাং বিনা দৃঢ়ম্ ॥ ৬৪ ॥
বিধিবৎ কুম্ভকং কৃত্বা রেচয়েদিড়য়ানিলম্।
বাতপিত্তশ্লেষ্মহরং শরীরাগ্নিবিবর্দ্ধনম্ ॥ ৬৫ ॥

তথৈব তেনৈব প্রকারেণ স্বশরীরস্থং স্বশরীরে স্থিতং পবনং প্রাণং ধিয়া বুদ্ধ্যা চালয়েৎ। রেচকপূরকযোর্নিরন্তরাবর্ত্তনেন চালনস্যাবধিমাহ। যদা শ্রম ইতি। যদা যস্মিন্ কালে দেহে শরীরে শ্রমো রেচকপূরকযোর্নিরন্তরাবর্ত্তনেনায়াসো ভবেত্তদা তস্মিন্ কালে। যথা যেন প্রকারেণ পবনেন বায়ুনা লঘু ক্ষিপ্রমেবোদরং পূর্ণং ভবেত্তথা তেন প্রকারেণ সূর্য্যনাড্যা পূরয়েৎ। লঘুক্ষিপ্রমরং দ্রুতমিত্যমরঃ ॥ ৬৩ ॥

পূরকানন্তরং যৎকর্ত্তব্যং তদাহ। ধারয়েদিতি। মধ্যমাতর্জ্জনীভ্যাং বিনাঙ্গুষ্ঠানামিকাকনিষ্ঠিকাভির্নাসিকাং দৃঢ়ং ধারয়েৎ। অঙ্গুষ্ঠেন দক্ষিণনাসাপুটং নিরুদ্ধ্যানামিকাকনিষ্ঠিকাভ্যাং বামনাসাপুটং নিরুদ্ধ্যনাসিকাং দৃঢ়ং গৃহ্নীয়াদিত্যর্থঃ। ৬৪ ॥

বিধিবদিতি। বন্ধপূর্ব্বকং কুম্ভকং কৃত্বেড়য়া চন্দ্রনাড্যাঽনিলং বায়ুং

যেমন লোহকার পুনঃ পুনঃ ভস্ত্রাযন্ত্র পরিচালিত করে, সাধক সেইরূপ বুদ্ধি পূর্ব্বক স্বশরীরস্থ বায়ুর চালনা করিবে। যাবৎ শ্রান্তিবোধ না হয়, তাবৎ এইরূপে বায়ু চালন করিয়া পরিশ্রম বোধ হইলে সাধক সূর্য্য নাড়ী, অর্থাৎ দক্ষিণ নাসিকায় শীঘ্র বায়ু পূরণ করিবে ॥ ৬৩ ॥

অতি দ্রুত বায়ু গ্রহণপূর্ব্বক উদর পূর্ণ করিয়া মধ্যমা ও তর্জ্জনী ব্যতিরেকে অন্যান্য অঙ্গুলিদ্বারা নাসাপুট বদ্ধ করিবে, অর্থাৎ অঙ্গুষ্ঠাদ্বারা দক্ষিণ নাসাপুট রুদ্ধ করিয়া কনিষ্ঠা ও অনামিকা দ্বারা বাম নাসাপুট ধারণকরতঃ দৃঢ়রূপে নাসিকা গ্রহণ করিবে ॥ ৬৪ ॥

পূর্ব্বোক্ত প্রকারে নাসিকা গ্রহণপূর্ব্বক যথাশক্তি কুম্ভক করিয়া বাম

রেচয়েৎ। ভস্ত্রাকুম্ভকস্যৈবং পরিপাটী। বামনাসিকাপুটং দক্ষিণভুজানামিকাকনিষ্ঠিকাভ্যাং নিরুদ্ধ্য দক্ষিণনাসিকাপুটেন ভস্ত্রাবদ্বেগেন রেচকপূরকাঃ কার্য্যাঃ। শ্রমে জাতে তেনৈব নাসাপুটেন পূরকং কৃত্বাঙ্গুষ্ঠেন দক্ষিণং নাসাপুটং নিরুদ্ধ্য যথাশক্তি কুম্ভকং ধারয়েৎ। পশ্চাদিড়য়া রেচয়েৎ। পুনর্দ্দক্ষিণনাসাপুটমঙ্গুষ্ঠেন নিরুদ্ধ্য বামনাসিকাপুটেন ভস্ত্রাবদ্‌ঝটিতি রেচকপূরকাঃ কর্ত্তব্যাঃ। শ্রমে জাতে তেনৈব নাসিকাপুটেন পূরকং কৃত্বানামিকাকনিষ্ঠিকাভ্যাং বামনাসিকাপুটং নিরুদ্ধ্য যথাশক্তি কুম্ভকং কৃত্বা পিঙ্গলয়া রেচয়েদিত্যেকা রীতিঃ। বামনাসিকাপুটমনামিকাকনিষ্ঠিকাভ্যাং দক্ষিণনাসিকাপুটেন পূরকং কৃত্বা ঝটিত্যঙ্গুষ্ঠেন নিরুদ্ধ্য বামনাসাপুটেন রেচয়েৎ। এবং শতধা কৃত্বা শ্রমে জাতে তেনৈব পূরয়েৎ। বন্ধপূর্ব্বকং কুম্ভেড়য়া রেচয়েৎ। পুনর্দ্দক্ষিণনাসাপুটমঙ্গুষ্ঠেন নিরুদ্ধ্য বামনাসাপুটেন পূরকং কৃত্বা ঝটিতি বামনাসিকাপুটমনামিকাকনিষ্ঠিকাভ্যাং নিরুদ্ধ্য পিঙ্গলয়া রেচয়েদ্ভস্ত্রাবৎ। পুনঃপুনরেবং কৃত্বা রেচকপূরকাবৃত্তিশ্রমে জাতে বামনাসাপুটেন পূরকং কৃত্বানামিকাকনিষ্ঠিকাভ্যাং

নাসিকাপুটে বায়ু রেচন করিবে। ভস্ত্রা কুম্ভকের সাধারণ নিয়ম এই যে, প্রথমত দক্ষিণ হস্তের কনিষ্ঠা ও অনামিকাদ্বারা বাম নাসাপুট রুদ্ধ করিয়া দক্ষিণ নাসিকায় ভস্ত্রাবৎ বায়ু রেচনান্তে পূরণ করিবে। পরিশ্রম বোধ হইলে সেই নাসিকায় পূরণ করিয়া অঙ্গুষ্ঠদ্বারা দক্ষিণ নাসাপুট রুদ্ধ করতঃ যথাশক্তি কুম্ভক করিয়া বাম নাসিকায় রেচন করিবে। অনন্তর অঙ্গুষ্ঠদ্বারা দক্ষিণ নাসাপুট রুদ্ধ করিয়া বাম নাসিকাদ্বারা বায়ু গ্রহণ করতঃ অনামিকা ও কনিষ্ঠাদ্বারা বাম নাসিকা রুদ্ধ করিয়া যথাশক্তি কুম্ভক করতঃ দক্ষিণ নাসিকায় বায়ু রেচন করিবে। পরে বাম নাসাপুট অনামিকা ও কনিষ্ঠাদ্বারা রুদ্ধ করিয়া দক্ষিণ নাসিকায় পূরণ করত অঙ্গুষ্ঠদ্বারা দক্ষিণ নাসিকা ধারণপূর্ব্বক যথাশক্তি কুম্ভক করিতে হইবে এবং বাম নাসিকায় রেচন করিবে। বারম্বার এইরূপ ভস্ত্রিকাখ্য কুম্ভক করিতে হইবে। এইরূপ কুম্ভকে পরিশ্রম বোধ হইলে যখন যে নাসিকায় রেচন করিবে, তখনই সেই নাসিকায় পূরক

কুণ্ডলীবোধকং ক্ষিপ্রং পবনং সুখদং হিতম্।
ব্রহ্মনাড়ীমুখে সংস্থকফাদ্যর্গলনাশনম্ ॥ ৬৬ ॥

ধৃত্বা কুম্ভকং কৃত্বা পিঙ্গলয়া রেচয়েদিতি দ্বিতীয়া রীতিঃ। ভস্ত্রিকাগুণা-নাহ। বাতপিত্তেতি। বাতশ্চ পিত্তং চ শ্লেষ্মা চ বাতপিত্তশ্লেষ্মাণস্তান্ হরতীতি তাদৃশং শরীরে দেহে যোঽগ্নির্জ্জঠরানলস্তস্য বিশেষেণ বর্দ্ধনং দীপনং ॥ ৬৫ ॥

ক্ষিপ্রং শীঘ্রং কুণ্ডল্যাঃ সুপ্তায়া বোধকং বোধকর্ত্তৃ পুনাতীতি পবনং পবিত্রকারকং সুখং দদাতীতি সুখদং হিতং ত্রিদোষহরত্বাৎ সর্ব্বেষাং হিতং সর্ব্বদা চ হিতং সর্ব্বেষাং কুম্ভকানাং সর্ব্বদা হিতত্বেঽপি সূর্য্যভেদনো-জ্জায়িনাবুষ্ণৌ প্রায়েণ শীতে হিতৌ। শীৎকারীশীতল্যৌ প্রায়েণোষ্ণে হিতে। ভস্ত্রাকুম্ভকঃ সমশীতোষ্ণঃ সর্ব্বদা হিতঃ সর্ব্বেষাং কুম্ভকানাং সর্ব্বরোগহরত্বেঽপি সূর্য্যভেদনং প্রায়েণ বাতহরং। উজ্জায়ী প্রায়েণ শ্লেষ্মহরঃ। সীৎকারীশীতল্যৌ প্রায়েণ পিত্তহরে। ভস্ত্রাখ্যঃ কুম্ভকঃ ত্রিদোষহর ইতি বোধ্যং। ব্রহ্মনাড়ী সুষুম্না ব্রহ্মপ্রাপকত্বাৎ। তথা চ শ্রুতিঃ। শতং চৈকা চ হৃদয়স্য নাড়য়স্তাসাং মুর্দ্ধানমভিনিঃসৃতৈকা। তয়োর্দ্ধমায়ন্নমৃতত্বমেতি বিষ্বগণ্যা উৎক্রমণে ভবন্তি। তস্যা মুখেঽগ্র-

---

করিবে। ইহাতে বাতপিত্ত ও কফদোষ নিবৃত্তি পায় এবং শারীরিক অগ্নির বর্দ্ধন হয় ॥ ৬৫ ॥

উক্ত ভস্ত্রিকা কুম্ভকে সুষুপ্তা কুণ্ডলী প্রবোধিতা হয়, শরীর পবন সুখদ পবিত্রকারক ও হিত, অর্থাৎ ত্রিদোষহারী হইয়া থাকে। সর্ব্বদাই সকল প্রকার কুম্ভক হিতকর বটে, পরন্তু সূর্য্যভেদন ও উজ্জায়ী এই কুম্ভকদ্বয় উষ্ণগুণপ্রদ ও শীত গুণকারক। সীৎকারী ও শীতলী কুম্ভক শীতল হইলেও প্রায়ই উষ্ণ। ভস্ত্রাখ্য কুম্ভক সমশীতোষ্ণ। সর্ব্বদাই সকল কুম্ভক সর্ব্বরোগহর হইলেও সূর্য্যভেদন বাতহর, উজ্জায়ী শ্লেষ্ম হর এবং সীৎকারী ও শীতলী এই দুই কুম্ভক প্রায়ই পিত্ত হরণ করে। পরন্তু ভস্ত্রাখ্য কুম্ভক বায়ু, পিত্ত ও শ্লেষ্ম এই ত্রিদোষহারী, আর ব্রহ্ম

সম্যগ্‌গাত্রসমুদ্ভূতগ্রন্থিত্রয়বিভেদকম্‌।
বিশেষেণৈব কর্ত্তব্যং ভস্ত্রাখ্যং কুম্ভকং ত্বিদম্‌॥ ৬৭॥

অথ ভ্রামরী।

বেগাদ্‌ঘোষং পূরকং ভৃঙ্গনাদং ভৃঙ্গীনাদং রেচকং মন্দ-

ভাগে সংস্থঃ সম্যক্‌ স্থিতো যঃ কফাদিরূপোঽর্গলঃ প্রাণগতিপ্রতিবন্ধক-স্তস্য নাশনং নাশকর্ত্তৃ॥ ৬৬॥

সম্যক্‌ দৃঢ়ীভূতং গাত্রে গাত্রমধ্যে সুষুম্নায়ামেব সম্যগুদ্ভূতং সমুদ্ভূতং জাতং যদ্‌গ্রন্থীনাং ত্রয়ং গ্রন্থিত্রয়ং ব্রহ্মগ্রন্থিবিষ্ণুগ্রন্থিরুদ্রগ্রন্থিরূপং তস্য বিশেষেণ ভেদজনকং। অতএব ইদং ভস্ত্রা ইত্যাখ্যা যস্যেতি ভস্ত্রাখ্যং কুম্ভকং তু বিশেষেণৈব কর্ত্তব্যং অবশ্য কর্ত্তব্যমিত্যর্থঃ। সূর্য্যভেদনাদয়স্তু যথাসম্ভবং কর্ত্তব্যাঃ॥ ৬৭॥

ভ্রামরীকুম্ভকমাহ। বেগাদিতি। বেগাত্তরসা ঘোষং সশব্দং যথা স্যাত্তথা ভৃঙ্গস্য ভ্রমরস্য নাদ ইব নাদো যস্মিন্‌ কর্ম্মণি তত্তথা পূরকং কৃত্বা। ভৃঙ্গ্যা ভ্রমর্য্যস্তাসাং নাদ ইব নাদো যস্মিংস্তত্তথা মন্দংমন্দং রেচকং কুর্য্যাৎ। পূরকানন্তরং কুম্ভস্তু ভ্রামর্য্যাঃ কুম্ভকত্বাদেব সিদ্ধো বিশেষাচ্চ নোক্তঃ। পূরকরেচকয়োস্তু বিশেষোঽস্তীতি তাবেবোক্তৌ। এবমুক্তরীত্যাভ্যসন-

---

নাড়ীর মুখে যে শ্লেষ্মাদিরূপ অর্গল, অর্থাৎ প্রাণগতির প্রতিবন্ধক, তাহা নাশ করে॥ ৬৬॥

কুম্ভক সম্যক্‌রূপে অভ্যস্ত হইলে শরীরমধ্যগত সুষুম্না মধ্যে যে ব্রহ্মগ্রন্থি, বিষ্ণুগ্রন্থি এবং রুদ্রগ্রন্থি নামক গ্রন্থিত্রয় আছে, তাহার ভেদ হইয়া থাকে। অতএব বিশেষ যত্নসহকারে এই ভস্ত্রিকাখ্য কুম্ভক অবশ্য অভ্যাস করিবে॥ ৬৭॥

অনন্তর ভ্রামরী নামক কুম্ভক কথিত হইতেছে।—অতিবেগে ভ্রমর শব্দের ন্যায় শব্দ করত পূরক করিবে এবং ভ্রমরী শব্দের ন্যায় শব্দ করত অল্পে অল্পে রেচক করিবে। এই পূরক ও রেচক এই উভয়ের মধ্যে কুম্ভক করিবে। এই প্রকার পূরক, কুম্ভক ও রেচক করিলেই ভ্রামরী

মন্দম্। যোগীন্দ্রাণামেবমভ্যাসযোগাচ্চিত্তে জাতা
কাচিদানন্দলীলা ॥ ৬৮ ॥

অথ মূর্চ্ছা।

পূরকান্তে গাঢ়তরং বদ্ধা জালন্ধরং শনৈঃ।
রেচয়েন্মূর্চ্ছনাখ্যেয়ং মনোমূর্চ্ছা সুখপ্রদা ॥ ৬৯ ॥

অথ প্লাবিনী।

অন্তঃ প্রবর্ত্তিতোদারমারুতা পূরিতোদরঃ।
পয়স্যগাধেঽপি সুখাৎ প্লবতে পদ্মপত্রবৎ ॥ ৭০ ॥

মভ্যাসস্তস্য যোগো যুক্তিস্তস্মাদ্‌যোগীন্দ্রাণাং চিত্তে কাচিদনির্ব্বাচ্যা আনন্দেন লীলা ক্রীড়া আনন্দলীলা জাতোৎপন্না ভবতি ॥ ৬৮ ॥

মূর্চ্ছাকুম্ভকমাহ। পূরকান্তে ইতি। পূরকস্যান্তেঽবসানেঽতিশয়েন গাঢ়তরং জালন্ধরাখ্যং বন্ধং বদ্ধা শনৈর্ম্মন্দং মন্দং রেচয়েৎ। ইয়ং কুম্ভিকা মূর্চ্ছনাখ্যা মূর্চ্ছনা ইত্যাখ্যা যস্ত ইতি মূর্চ্ছনাখ্যা। কীদৃশী মনো মূর্চ্ছয়তীতি মনোমূর্চ্ছা এতেন মূর্চ্ছনায়া বিগ্রহদর্শনপূর্ব্বকং ফলমুক্তং। পুনঃ কীদৃশী সুখপ্রদা সুখং প্রদদাতীতি সুখপ্রদা ॥ ৬৯ ॥

প্লাবিনীকুম্ভকমাহ। অন্তরিতি। অন্তঃ শরীরাস্থঃ প্রবর্ত্তিতঃ পূরিত উদারোঽতিশয়িতো যো মারুতঃ সমীরস্তেনাসমন্তাৎ পূরিতমুদরং যেন সঃ

নামক কুম্ভক হয়। যোগীন্দ্রগণ এই ভ্রামরী কুম্ভকের অভ্যাস করিলে তাহাদিগের চিত্তে অনির্ব্বচনীয় আনন্দ অনুভূত হইতে থাকে ॥ ৬৮ ॥

এইক্ষণ মূর্চ্ছানাখ্য কুম্ভক কথিত হইতেছে।—সাধক পূরক করিয়া পূরকাবসানে দৃঢ়রূপে জালন্ধর বন্ধ করিয়া রেচক করিবে। এই কুম্ভক করিলে মনের মূর্চ্ছা হয়, অতএব ইহাকে মূর্চ্ছানাখ্য কুম্ভক বলা যায়। আর ইহা অতিশয় সুখপ্রদ ॥ ৬৯ ॥

অনন্তর প্লাবিনী নামক কুম্ভক কথিত হইতেছে।—শরীরের মধ্যে যে বায়ু প্রবর্ত্তিত আছে, তাহাদ্বারা উদরের মধ্যভাগ পূরিত করিবে। এই-

প্রাণায়ামস্ত্রিধা প্রোক্তো রেচপূরককুম্ভকৈঃ।
সহিতঃ কেবলশ্চেতি কুম্ভকো দ্বিবিধো মতঃ ॥ ৭১ ॥

পুমানগাধেঽপ্যতলস্পর্শেঽপি পয়সি জলে পদ্মপত্রবৎ পদ্মপত্রেণ তুল্যং সুখাদনায়াসাৎ প্লবতে তরতি গচ্ছতি ॥ ৭০ ॥

